# ম্যাক্‌বেথ্‌।

"This even-handed justice
Commends the ingredients of our poison'd chalice
To our own lips."

—"নিরপেক্ষ ন্যায় পিয়াইবে বিষ
তারে বিষ-পাত্র যার।"

—ম্যাক্‌বেথ।

অনুবাদক

শ্রীউপেন্দ্রকুমার কর, বি-এল্‌।

মূল্য—১৲ টাকা।

# উৎসর্গ।

আমার কাব্যালোচনার সঙ্গিনী,
কাব্য-রসিকা, স্বর্গগতা সহধর্ম্মিণী

হেমপ্রভা দেবীর

পুণ্যময়ী স্মৃতির উদ্দেশে
এই গ্রন্থ উৎসর্গ
করিলাম।

উপেন্দ্র।

# নিবেদন।

যাঁহার কাব্য-রস-পিপাসা পরিতৃপ্তির সাহায্যার্থে এই গ্রন্থানুবাদে প্রবৃত্ত হই তিনি অনুবাদ সম্পূর্ণ হইবার পূর্ব্বেই ঐহিক সুখ দুঃখের অতীত রাজ্যে, রসস্বরূপের শান্তিময় ক্রোড়ে আশ্রয় লাভ করিয়াছেন। তা' ছাড়া, বাংলা সাহিত্যভাণ্ডারে স্থান পাইবার মত সারবত্তা এই অনুবাদে আছে কিনা তদ্বিষয়েও যথেষ্ট সন্দেহ আছে। এই উভয় কারণেই, প্রায় আট বৎসর পূর্ব্বে অনুবাদ কার্য্য শেষ হইলেও এতকাল তাহা গ্রন্থাকারে প্রকাশিত হয় নাই। এক্ষণে মনের সকল ক্ষোভ ও সঙ্কোচ দূর করিয়া পাঠকমণ্ডলীর নিকট উপস্থিত হইলাম।

১৩২২ ও ১৩২৩ বঙ্গাব্দে "শ্রীভূমি" নামক (অধুনালুপ্ত) মাসিক পত্রে এই গ্রন্থের দ্বিতীয় অঙ্ক পর্য্যন্ত প্রকাশিত হয়।

বহুবিধ কারণে বৈদেশিক সাহিত্যের শ্রেষ্ঠ কাব্যনাটকাদির সৌন্দর্য্য-সম্পদ্ যথাযথ ভাষান্তরিত করা একরূপ অসম্ভব। মহাকবি সেক্‌শপীয়রের প্রধান প্রধান নাটকাবলী সম্বন্ধে এ কথাটা বিশেষভাবে সত্য। অনন্ত বৈচিত্র্যপূর্ণ মানব-জীবনের অসামান্য অভিজ্ঞতা, সুগভীর অন্তর্দৃষ্টি ও দিব্য কল্পনাবলে মহাকবি মনুষ্যহৃদয়ের পরস্পরবিরুদ্ধ ভাব ও প্রবৃত্তির সংঘর্ষ অঙ্কন দ্বারা, এবং লৌকিক-অলৌকিকের অপূর্ব্ব সমাবেশে যে অতুল্য সৌন্দর্য্যলোক সৃষ্টি করিয়াছেন তাহা সম্যগ্‌রূপে উপলব্ধি ও ভাষান্তরে প্রকাশ করিবার জন্য যে উদার সহানুভূতি, অভ্রান্ত রসগ্রাহিতা, সুপ্রচুর শব্দ-সম্পদ্ এবং ছন্দোরচনা-নৈপুণ্যের প্রয়োজন তাহা সর্ব্বত্র সুলভ নহে। এতদ্ব্যতীত মূল নাটকের স্থানে স্থানে বহুবিধ পাঠভেদ

ও নানারূপ ব্যাখ্যা প্রচলিত থাকায় অনুবাদককে পদে পদে যে বিচারশক্তি চালনা করিয়া চলিতে হয় তাহা সর্ব্বস্থলে অভ্রান্ত হইবার সম্ভাবনা নাই। তাই নিজের অক্ষমতাবশতঃ অনুবাদ ভ্রমপ্রমাদশূন্য হয় নাই ইহা অনুবাদককে স্বীকার করিতে হইবে। তবে মূল নাটকের রসসৌন্দর্য্যের কিঞ্চিন্মাত্র আভাসও ইহাতে প্রাপ্ত হইয়া রসগ্রাহী পাঠক যদি আনন্দলাভ করেন তাহা হইলেই সকল শ্রম সার্থক মনে করিব।

তৃতীয় অঙ্ক, ৫ম দৃশ্যে নেপথ্যে সঙ্গীতের ("Come away, Come away" etc.) এবং চতুর্থাঙ্ক, ১ম দৃশ্যে ডাকিনীগণের ("Black Spirit" etc.) সঙ্গীতের প্রথম পদাংশ মাত্র প্রচলিত সংস্করণগুলিতে পাওয়া যায়। Middleton এর The Witch নামক নাটকের অনুরূপ গান অবলম্বনে দুটি গান রচনা করিয়া যথাস্থানে সংযোজিত করিয়াছি, ভরসা করি তদ্দ্বারা অভিনয়ের বৈচিত্র্য সম্পাদিত হইবে। এতদ্ব্যতীত অন্যত্র কোথাও মূলের অনাবশ্যক পরিবর্দ্ধন কিম্বা পরিবর্জ্জন করি নাই।

দূর হইতে মুদ্রাঙ্কন কার্য্যের তত্ত্বাবধান করিতে হইয়াছে বলিয়া অনেকস্থলেই ছাপার ভুল রহিয়া গিয়াছে। এজন্য পাঠকের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি। গ্রন্থশেষে গুরুতর ভুলগুলির মাত্র একটি শুদ্ধিপত্র প্রদত্ত হইল। ইতি

ভাঙ্গা, ফরিদপুর।

৬ই জ্যৈষ্ঠ ১৩৩০ বাংলা।

শ্রীউপেন্দ্রকুমার কর।

# ম্যাক্‌বেথ্‌।*

[ নাটক ]

## নাটকীয় পাত্রপাত্রীগণ।

| | |
|---|---|
| ডাঙ্কেন্‌ | স্কট্‌লণ্ডের রাজা। |
| ম্যাল্‌কম্‌, ডনালবেন্‌ | ঐ রাজ-পুত্রদ্বয়। |
| ম্যাক্‌বেথ্‌, ব্যাঙ্কো | ঐ সেনাপতি দ্বয়। |
| ম্যাক্‌ডাফ্‌, লেনক্স, রশ্‌, মেন্টিয়েথ্‌, এঙ্গাস্‌, কেইথ্‌নেস্‌ | স্কট্‌লণ্ডের সম্ভ্রান্ত বংশীয় রাজপরিষদবর্গ। |
| ফ্লিয়েন্স | ব্যাঙ্কোর পুত্র। |
| সিউয়ার্ড | ইংরাজ সেনাপতি। |
| সিউয়ার্ড-পুত্র। | |
| সিটন্‌ | ম্যাক্‌বেথের পরিচারক সৈনিক। |

* সেক্সপীয়রের "Macbeth" নাটকের অনুবাদ।

জনৈক ইংরাজ চিকিৎসক।

জনৈক স্কটলণ্ডদেশীয় চিকিৎসক।

জনৈক সৈন্য। জনৈক দ্বার রক্ষক।

জনৈক বৃদ্ধ।

ম্যাক্‌বেথ্‌-পত্নী।

ম্যাকডাফ-পত্নী।

ম্যাকবেথ-পত্নীর শুশ্রূষাকারিণী ভদ্রমহিলা।

প্রধানা ডাকিনী।

ডাকিনীত্রয়।

প্রেতাত্মাগণ।

ভূস্বামীগণ।

সৈনিক কর্ম্মচারিগণ।

সৈনিকগণ।

হত্যাকারিগণ।

ভৃত্যগণ। পরিচারকগণ।

দূতগণ।

স্থান—স্কটলণ্ড ও ইংলণ্ড।

# ম্যাক্‌বেথ্।

## প্রথম অঙ্ক।

### প্রথম দৃশ্য—বালুকাময় প্রান্তর।

বজ্রনাদ ও বিদ্যুৎ।

ডাকিনীত্রয়ের প্রবেশ।

১মা ডা। আর কবে লো তিনটি মিলে
হল্লা করবো দে'না বলে,
বিজলী বাদল বাজের সাথে
আনাগোনা হ'বে যাতে ?

২য় ডা। হট্টগোল হানাহানি
থেমে যাবে যবে,
আর, হারাজেতা হবে।

৩য় ডা। সাঁজের আগে তবে।

১ম ডা। কোথায় ওলো হবে মেলা ?

২য় ডা। শ্মশান যে সেই, খুব নিরালা।

৩য় ডা। ভেট্‌বো সেথা ম্যাক্‌বেথে.
বোন্, নিরালা সে পথে.

১ম ডা। কালুবেড়ালী, যাই।

২য় ডা। ভেক্‌বতী হাঁক্‌ছে ওই।

৩য় ডা। এলুম বলে এই।

ডা-ত্রয়। ভালো মোদের কালো,
কালো মোদের ভালো,
নোংরা যত বায়,
আর, কালো কুয়াসায়,
ঘুরি ফিরি চরি মোরা,
তাই-তো মোদের ভালো।

[ ডাকিনীত্রয়ের প্রস্থান ]

## দ্বিতীয় দৃশ্য—ফরিশের নিকটবর্ত্তী শিবির।

ডাঙ্কেন্‌, ম্যাল্‌কম্‌, ডন্যাল্‌বেন, লেনক্স ও ভৃত্যগণের প্রবেশ এবং রক্তাক্তকলেবর জনৈক সৈনিকের সঙ্গে সাক্ষাৎ।

ডাঙ্‌। শোণিতাক্তকলেবর কে আসিছে ওই?
শোচনীয় দশা তার করিছে সূচনা
পারে সে বর্ণিতে হেথা সমরবারতা—
বিদ্রোহীর সেনাচয় লভিল বিজয়
কিম্বা পরাজয় রণে।

ম্যাল্‌। ইনি সেই বীর,
শূরত্বে যাঁহার বন্দীর হীনত্ব হ'তে
পাইলাম ত্রাণ। বন্ধু মোর শঙ্কাহীন,

লহ সম্ভাষণ! হেথা মহারাজে তুমি
কহ বিশেষিয়া, কি করিলা বৈরীপক্ষ
স্বপক্ষেরা কিবা, সমর প্রাঙ্গন যবে
ত্যজিলে আপনি?

সৈ। কার জয়, পরাজয়
কার, বিষম সংশয়;—সন্তরণদ্বন্দ্বে
যথা উভয় সাঁতারী জাঁকড়িয়া একে
আরে মারে কণ্ঠরোধি', তেমতি উভয়
সৈন্য মুমূর্ষুর প্রায়, পরস্পরে আলি-
ঙ্গিয়া মৃত্যু আলিঙ্গনে। সেই নিদারুণ
ম্যাক্‌ডনাল্ড—বিদ্রোহী-প্রধান,—গলিত
মাংসের খণ্ডেকীটাণুর প্রায় কণা
পাপাণু যাহে বাড়ে প্রতিক্ষণ,—পশ্চিমের
দ্বীপ হ'তে লভিল সহায়, ক্ষিপ্রপাদ
পদাতিক, অশ্বারোহী কত। ক্ষণতরে,
মহারাজ, বারাঙ্গনাপ্রায় ভাগ্য-লক্ষ্মী
হাসিলা সে নৃশংসের প'রে। কিন্তু সবি
তার হইল নিষ্ফল। ম্যাক্‌বেথ্‌ বীর—
বীরখ্যাতি সার্থক যাঁহার—বীরারাধ্যা
দেবতার প্রিয়তম যিনি,— বিদ্রোহীর
ভাগ্যবলে উপেক্ষি'হেলায়, সদ্যঃশোণিত-
স্নাত ছুরিকার মুখে অরাতির ব্যূহ

ভেদ করি অনায়াসে, ঘৃণিত দাসেরে
সেই ভেটিলা আহবে;—নাভি হ'তে গণ্ড-
-দেশ শতখণ্ডে কাটি', দুর্গশীর্ষে শির
তার করিলা স্থাপন।

ডাঙ্কা। অহো! ভ্রাতা মোর
বীরশ্রেষ্ঠ, শ্রেষ্ঠ নরকুলে।

সৈ। কিন্তু, যথা,
মহারাজ, মধুঋতু শেষে উদ্দাম
ঝটিকা আর ভীম বজ্র এসে, অসংখ্য
অর্ণবপোতে ডুবায় অতলে,—তেমতি
যখন সৌভাগ্যের সূর্য্যরশ্মি উদিবে
আকাশে, অকস্মাৎ কোথাহ'তে কৃষ্ণ
মেঘরাশি ঘিরি দিল রণাকাশ নিবিড়
তিমিরে! অতঃপর, স্কটলণ্ড-অধীশ্বর,
কর অবধান,—বীরত্বের বর্ম্মাবৃত,
ন্যায়ের সহায়, রাজকীয় সৈন্যদের
অজেয়বিক্রমে বিদ্রোহীর পদাতিক,
পলায়ণপটু, পলাইল দ্রুত যবে
পদে ভর করি', শুভক্ষণ গণি' সেই
নরোয়ের স্বামী নব অস্ত্র-সুসজ্জিত
নব অস্ত্রী সহ, আক্রমিলা সৈন্যে তব
নব পরাক্রমে।

ডাঙ্.। আতঙ্কিলা তাহে কিবা
সেনাধ্যক্ষ্য মোর—নির্ভীক সে ম্যাক্‌বেথ্,
ব্যাঙ্কো মহাবীর ?

সৈ। শঙ্কিত তাঁহারা বটে,—
ভীষণা গৃধিনী যথা ডরে গৃহনীড়ে,
কিম্বা শশকে কেশরী ! শুন তবে নৃপ-
বর, সমাচার স্থূল,—সঘোষে নির্ঘোষি'
দোঁহে আগ্নেয়াস্ত্রপ্রায়, আঘাতের পরে
ঘাত করিলা বর্ষণ সেই বিদ্রোহীর
শিরে;—ক্ষতমুখ-উৎসারিত শোণিত
নির্ঝরে তাঁরা করিবে গাহন, কিম্বা
রণাঙ্গনে নৃমুণ্ডের রঙ্গভূমি করিবে
আবার, পুরাণ-বিশ্রুত সেই গল্‌গথা*
আকার,—নাহি জানিলাম স্থির ! কিন্তু,
অঙ্গ মোর অবসন্ন, যত অস্ত্র-ক্ষত
শুশ্রূষার সুধা-স্পর্শ মাগিছে সত্বর।

ডাঙ্.। যোগ্য তব বাক্য সব, তথা অস্ত্রক্ষত;
গৌরব-সৌরভ ছুয়ে নিঃশ্বসিছে যেন।

---

* গল্‌গথা ( Golgotha )-খৃষ্টীয় ধর্ম্মগ্রন্থ বাইবেলোক্ত জেরুজেলেমের নিকটবর্ত্তী স্থান বিশেষ। তথায় মহাত্মা যীশু খৃষ্টকে তদীয় বিদ্বেষিগণ ক্রশ্ বিদ্ধ করিয়া নিধন করেন। ("Golgotha ) শব্দের ব্যুৎপত্তিগত অর্থ—মুণ্ডাধার স্থান place of a skull' [ Matthew xxvii, 33 ]

[ ভৃত্যের প্রতি ]

সত্বর বৈদ্যেরে আনি' দেখাও ইহারে।

[ ভৃত্য সহ সৈনিকের প্রস্থান ]

কে আসিছে ?

[ রশের প্রবেশ ]

ম্যাল্। ইনি সুযোগ্য রশাধিপতি।

লেন। নেত্র তাঁর প্রকাশিছে ব্যগ্রতা অশেষ !
তাহে অনুমান, সবিস্ময় আকস্মিক
কিবা অঘটন করিবে জ্ঞাপন এবে
মহারাজ পাশে।

রশ্। জয় হোক্, মহারাজ !

ডাঙ্। কোথা হ'তে এলে তুমি, বলহে সুজন ?

রশ্। হে রাজন্, ফাইফ্ হ'তে আসিনু এখন।
অগণিত রণধ্বজা নরোয়ে সেনার
অবজ্ঞায় শূন্যমার্গে করিয়া বিহার,
যেন ব্যজনের ছলে, প্রখর ভীতির
হিমে রাজকীয় সৈন্যচয়ে আড়ষ্ট
করিল। হেয়তম রাজদ্রোহী কদর-
পতিরে করিয়ে সহায়, নরোয়ের স্বামী
সংখ্যাহীন অস্ত্রী সহ আরম্ভিলা রণ,
ওহো কি ভীষণ ! কিন্তু হেন দুঃসময়,
রণকলা-লক্ষ্মী যাঁর বাঁধা আলিঙ্গনে

গৃহলক্ষ্মীপ্রায়; সেই বীর-কুল-রবি,
ম্যাক্‌বেথ্‌ মহারথী, বর্ম্মপরিহিত,
ভেটিলা সে বিদ্রোহীরে সম্মুখসমরে ;—
যোগ্যে যোগ্যে প্রতিদ্বন্দ্ব চলিল দারুণ,
অস্ত্রে অস্ত্রে, বক্ষে বক্ষে কি ক্রীড়া ভীষণ !
নরোয়ের দৃপ্ত বীর্য্যে করি প্রশমিত
ম্যাক্‌বেথ্‌ অবশেষে লভিলা বিজয়।

ডাঙ্‌। আহা, অসীম আনন্দ মোর !

রশ্‌। নরোয়ের
স্বামী তাই—সেনো নাম যার, সন্ধিপ্রার্থী
এবে ; শত শত স্বর্ণমুদ্রা করিলেক
ব্যয় লোকহিত তরে, তাই আদেশিনু
মোরা রণহত সৈন্যদেহ করিতে
সৎকার।

ডাঙ্‌। সেই কদ্দরের পতি, যারে—
অটল বিশ্বাসে করিলাম প্রীতিদান
এত কাল ধরি', প্রতিদান তার
হেন মতে নাহি দিবে আর ; দিনু তার
মৃত্যুদণ্ড, করহ প্রচার ; অবিলম্বে
আজ্ঞা মোর করহ পালন, তার উপাধি
ভূষণ ম্যাক্‌বেথেরে দান করি' আন
সম্ভাষিয়া।

রশ্‌। রাজাদেশ পালিব এখনি।

ডাঙ্‌। এ দুর্ম্মতি হরা'ল যে অত্যুচ্চ সম্মান
ম্যাক্‌বেথ্‌ নিজগুণে করিলা অর্জ্জন।

[ সকলের প্রস্থান ]

## তৃতীয় দৃশ্য—ফরিসের নিকটবর্ত্তী তরুলতা-বিহীন প্রান্তর।

বজ্রনাদ।

ডাকিনীত্রয়ের প্রবেশ।

১ম ডা। কোথায় ছিলি বল্‌না বোন্‌?

২য় ডা। শূয়র ছানার ঘাড়টি ভেঙ্গে
কচ্ছিলাম খুন্‌।

৩য় ডা। তুই বল্‌না কো'থেকে?

১ম ডা। যথা নাবিকগিন্নী একে
করকড়াকড় কচ্ছিল পার
বাদাম শতেকে।
বল্লুম—দে'না মোরে বাদাম দুটো?
'কুঁজো মাগী এম্নি মুটো,
আবার পাঁচড়ায় গ্যাছে গা'টি ফুটো,
তার ঘাড়ে কিনা চড়লো শনি!
'হাঁক্‌লে সে ভাই—'দূরহ' ডাইনী'।
ওলো, ভাতারটি তার
গ্যাছে এলেপোবন্দর,

'শাদূল' ভা'জে
সারঙ্ সেজে'।
চালুনী বেয়ে
যাবো সেখানা,
ইঁদুর হয়ে
ল্যাজটা বিনা,
তার জাহাজ খানা
করবো কেটে' খানা খানা।

২য় ডা। ঝাপ্টা এক ধরে
দিচ্ছি এনে তোরে।

১ম ডা। তোর বেজায় টান মোরে।

৩য় ডা। আর একটি মুই
এনে দিচ্ছি এই।

১ম ডা। আর যা' যা' লাগ্বে যেতে
আছে তা' তা' মোরি হাতে।
এদিক ওদিক, হেথা হোথা
নক্সা হাতে মাল্লা যথা
করে আনা গোনা,
মোর সবি আছে জানা।
খড়ের মত শুক্নো কর্বো
রক্ত শোষে তার,
আর নাব্বে না ঘুম দিনে রেতে

চোখের' পরে তার।
নয়-নগুণ হপ্তা ভরে
শনি চড়্‌বে কাঁধে,
রোগা-শুকা, কাহিল হয়ে
ব্যাটা হবে সিধে।
ঝাপ্‌টা ঘায়ে নৌকো তার
করবো ডুবু ডুবু,
হাবাচ্যাবা খেয়ে রইবে,
খেয়ে খেয়ে চুবো।
দেখ্‌, দেখ্‌ এনেছি কি।

২য় ডা। দেখা মোরে, দেখা ওকি।

১ম ডা। পথ দেখায়ে যাচ্ছে ঘরে
এক মাল্লা খুড়ো,
পথে নৌকো ডুবি হলো,
কচাকচ্‌ কেটে নিলুম
আঙুলটে তার বুড়ো।

[ নেপথ্যে ভেরীনাদ ]

৩য় ডা। রণঢাক বাজল শুনি,
ম্যাক্‌বেথ্‌ ভায়া আস্‌ছে 'শুনি।

ডা-এয়। মোরা তিন কুহকিনী,
জলে ভুঁইয়ে চরি,
আকাশ পাতাল ঘুরি,

মোরা যাদুকরা চিনি।
হাতে রাখি হাত,
এক সাথ সাথ,
চল্ নাচি আর ঘুরি
এম্নি নাচি আর ঘুরি ;—
তিনটি বার তোর,
মোর তিনে ছয়,
আর এই পূরল নয়।
থাম্‌লো বোন্, বেশ!
এই যাদু হ'লো শেষ।

[ ম্যাক্‌বেথ্ ও ব্যাঙ্কোর প্রবেশ ]

ম্যাক্। রোদবৃষ্টি মাখামাখি হেন দিন আর
দেখিনি কখন ; ভানুর কিরণ এই
ভাতিল গগন, এই পুনঃ ঘনঘটা
আঁধারিল দিশি।

ব্যাঙ্কো। কতদূর আর সেই
ফরিস্ নগর ? কা'রা ওই শীর্ণকায়
এলোমেলোবেশ ? আকার প্রকার দেখে
নাহি লয় মনে ওরা মর্ত্ত্যবাসী কভু।
তবু রয়েছে মরতে! ধরিস্ জীবন
তোরা ? কিম্বা পারিবি বুঝিতে শুধাইলে
মানব-ভাষায় ? রক্তহীন ওষ্ঠ'পরে

অমসৃন অঙ্গুলি ওই একি সাথে
জনে জনে করিল স্থাপন। তবে
ওরা বুঝিছে আমায়। বুঝি তোরা নারী
হবে; তবু শ্মশ্রু হেরি' জাগিছে সংশয়।

ম্যাক্‌। বাক্‌শক্তি থাকে যদি খুলে বল্‌ কেবা
হোস্‌ তোরা ?

১ম ডা। জয় ম্যাক্‌বেথ্‌! জয় জয়
গ্লেমিশ্‌-প্রধান!

২য় ডা। জয় জয়, ম্যাক্‌বেথ্‌,
কদরের পতি!

৩য় ডা। জয় ম্যাক্‌বেথ্‌, যিনি
হবেন ভূপতি!

ব্যাঙ্কো। সচকিত কেন তুমি ?
শঙ্কা কিছু জাগে মনে ? কেন, ওদের
বচন শুনাইছে শুভকর, কতই
মধুর!

[ ডাকিনীগণের প্রতি ]

সত্যের দোহাই, সত্য করি'
বল্‌, তোরা কল্পনার জীব শুধু, কিম্বা
বাস্তবিক তা'ই যাহা দেখাস্‌ বাহিরে ?
সঙ্গীরে আমার সম্মানের আখ্যা দিয়ে
করিলে সম্ভাষ, মহতী আশার বাণী

শুনাইলে তাঁরে—হবেন কদর-পতি,
নর-পতি আর। তাই তিনি বিস্ময়-
বিহ্বল। কিন্তু কিছু নাহি বলিস্ আমায়।
বর্ত্তমান গর্ভে ধরে অদৃশ্য বীজের
মত ভবিষ্য ঘটন, আর অঘটন
সবি ;—দিব্যদৃষ্টি হোস্ যদি খুলে বল্
ভবিষ্যৎ ফল কিম্বা কুফল সকলি।
তোদের কৃপা নাহি যাচি আমি, নাহি
ডরি বিদ্বেষ-বচন।

১ম ডা। জয় হউক!

২য় ডা। স্বস্তি হউক তব!

৩য় ডা। হউক কল্যাণ!

১ম ডা। ম্যাক্‌বেথ্ হ'তে ক্ষুদ্র, তবু শ্রেষ্ঠতর।

২য় ডা। নহ তত সুখী তবু সুখী ততোধিক।

৩য় ডা। রাজবংশে জন্ম দিবে, রাজা নাহি হবে।
ম্যাক্‌বেথ্, ব্যাঙ্কো আর, জয় দোঁহাকার।

১ম ডা। ব্যাঙ্কো, ম্যাক্‌বেথ্, দুয়ে হও জয়কার।

ম্যাক্। দাঁড়া তোরা, নাহি যাস্, অসম্বদ্ধভাষী!
সত্য, পিতার মরণে আমি গ্লেমিশের
স্বামী ; কিন্তু কদরের পতি যিনি সুস্থ
দেহে আছেন জীবিত ; কিবা হেতু তবে
কদর-অধিপ বলে সম্ভাষিলে মোরে?

নৃপতি হইব আমি ? অতি অসম্ভব,
অবিশ্বাস্য কথা ! বল্‌, কোথায় পাইলি
হেন অদ্ভুত বারতা ? কেন ভীষণ এ
প্রান্তরে আসি' পথ আগুলিয়া ভবিষ্যৎ-
বাণী দিয়ে সম্ভাষ মোদেরে ? বল্‌, বল্‌,
সত্য বল্‌, শুধাই তোদেরে।

[ ডাকিনীগণের অন্তর্ধান ]

ব্যাঙ্কো। বারি সম
বসুন্ধরা বক্ষে ধরে অশেষ বুদ্‌বুদ্‌।
এরা সেই স্থলীয় বুদ্বুদ্‌। কোথা এবে
হইল বিলয় ?

ম্যাক্‌। আকাশের গায়। যাহা
স্থূল-কায় ভেবেছিনু মিশে গেল বায়ু
সাথে নিঃশ্বাসের প্রায়। আহা, আরো কিছু
কাল যদি তিষ্ঠিত হেথায় !

ব্যাঙ্কো। হেন কল্পনা
জল্পনা করি যাহাদের লয়ে, সত্য নাকি
আছিল হেথায় ? কিম্বা মত্ততা-প্রসূতি
কোন ঔষধ সেবনে উন্মাদ কল্পনা
শুধু করিতেছি মোরা, বুদ্ধিরে বন্দিনী
করি মত্ততার পাশে ?

ম্যাক্। সন্তানসন্ততি
তব পরিবে মস্তকে সবে রাজার
মুকুট।
ব্যাঙ্কো। নর-পতি হবেন আপনি।
ম্যাক্। আর
কদরের স্বামী। হেন মর্ম্মে ছিল নাকি
ডাকিনীর বাণী ?
ব্যাঙ্কো। হাঁ, অনুরূপ বাণী।
কে আসিছে ওই ?

[ রশ্‌ ও এঙ্গাসের প্রবেশ ]

রশ্‌। ম্যাক্‌বেথ্‌, মহারাজ
হৃষ্টচিত্তে বিজয়বারতা তব করিলা
শ্রবণ। শুনি' অতুল বিক্রম তব
বিদ্রোহীর রণে, অতীব বিস্ময় তাঁর
জাগিলেক মনে। তাই কত সাধুবাদ
করিলেন তব। বিস্ময়, আনন্দে মিলে
চলিল বিষম রণ চিত্তক্ষেত্রে তাঁর,—
তাই ক্ষণতরে মহারাজ হইলা
নির্ব্বাক্। দূতমুখে শুনিয়া বর্ণন
প্রত্যক্ষ করিলা যেন রণসংঘটন ;—
যেন করিলা দর্শন—দুর্দ্ধর্ষ বিশাল

বিদ্রোহীর সৈন্যসঙ্ঘে হইয়ে বেষ্টিত
কৃতান্তের সম তুমি, শঙ্কালেশহীন,
ভীষণ সংহারলীলা সাধিলে কেমনে!
দূতের পশ্চাতে দূত শিলাবৃষ্টিসম
আসিল ছুটিয়া বেগে মহারাজপাশে,
আর গাইলেক অবিশ্রাম যশোগাথা
তব, যে অমর কীর্ত্তি তুমি স্বদেশ-
রক্ষণে এবে করিলে অর্জ্জন।

এঙ্গা। রাজার
সকাশ হ'তে আসিলাম মোরা, দিতে
শুধু রাজার সম্ভাষ; রয়েছে আদেশ
আর, লয়ে যেতে আপনারে রাজার
সদনে। আসিনি আমরা হেথা দিতে
পুরস্কার।

রস্‌। আদেশিলা মোরে নর-রাজ
কদরের পতি বলি' ভূষিতে তোমায়।
স্বস্তি হৌক্‌ তব, কদরের পতি! এ উচ্চ
পদবী লভেছ আপনি।

ব্যাঙ্কো। [স্বগত] একি শুনি!
পিশাচীর বাক্য নাকি সত্য হয় কভু?

ম্যাক্‌। সশরীর ধরেন জীবন তিনি, যিনি

কদরের স্বামী ; কেন পরকীয় বেশে
মোরে করিছ ভূষিত।

এঙ্গা। যিনি কদরের
পতি বলে ছিলেন বিদিত, এখনো
জীবিত তিনি। কিন্তু গুরুতর রাজদণ্ড
বহি' শিরে তার বহিছে সে ঘৃণিত
জীবন ; মৃত্যু তার যোগ্য পুরস্কার।
নিশ্চয় না জানি, প্রকাশ্যে মিলিল সেই
অরাতির সনে, কিম্বা অতি সঙ্গোপনে
সুযোগ সুবিধা শুধু দিল সে অরিরে,—
কিম্বা নির্লজ্জ বিদ্রোহী সম স্বদল
সম্বল সহ স্বদেশের ধ্বংস হেতু
যুঝিল সমরে। কিন্তু তার রাজদ্রোহ
অপরাধ হয়েছে প্রমাণ, নিজ মুখে
সেও তাহা করেছে স্বীকার। সম্মানের
উচ্চাসন হারায়ে দুর্জ্জন, হইল
পতিত ঘোর অপযশ-কূপে।

ম্যাক। [ স্বগত ] গ্লেমিশ্,
কদর-পতি হলেম এখনি, শ্রেষ্ঠতম
রত্নলাভ হইবে পশ্চাৎ। [ রশ ও এঙ্গাসের প্রতি ]
বহুশ্রম
করিলে স্বীকার, লহ মোর ধন্যবাদ।

[ ব্যাঙ্কোর প্রতি জনান্তিকে ]
আশা নাহি হয় তবু, পুত্রগণ তব
করিবে রাজত্ব সবে ? এমনি আশ্বাস-
বাণী দেয়নি তোমায়, কদর-অধিপ
মোরে করিলেক যারা ?

ব্যাঙ্কো। প্রতি কথা ইহাদের
করিলে প্রত্যয় কদরের স্বামী হয়ে
তুষ্ট নাহি রবে,—উচ্চতর পদবীর
হবে অভিলাষী। বল, কে পারে বলিতে,
সুযোগের অনুকূল বায়ুর ব্যজনে
লালসার উগ্রবহ্নি ঊর্দ্ধে শিখা মেলি'
রাজার মুকুটে নাহি চাহিবে গ্রাসিতে ?
অত্যাশ্চর্য্য প্রহেলিকা ! নরকের দূত
ওরা, তমিস্রার জীব, ক্ষুদ্র কার্য্যে সত্য
বলি' করিছে প্রমাণ, কিন্তু শেষে, অশেষ
ছলনা বলে, গুরুতর জীবন-ব্যাপারে
অতি গুরু অকল্যাণ করিছে সাধন।
[ রস্‌ ও এঙ্গাসের প্রতি ]
ভ্রাতাগণ, রাখ এ মিনতি মোর, শুনহ
বচন। [ মৃদুস্বরে কথোপকথন ]

ম্যাক্‌। [ স্বগত ] ভবিষ্যৎ বাণী দুটি পূরিল
এখন,—মোর রাজ্যলাভ-মহানাট্যে

শুভ প্রস্তাবনা। [ রশ্ ও এঙ্গাসের প্রতি ]
ধন্যবাদ, ভদ্রগণ।
[ স্বগত ] দৈবের প্রেরিত এই উত্তেজনা সব
অশুভ না হবে,—কিম্বা শুভ নাহি হবে ;
অকল্যাণ হবে যদি, এই অনাগত
সাফল্যের পূর্ব্বাস্বাদ কেন লভিনু
এখন ?—এবে আমি কদরের স্বামী !—
হবে যদি শুভকর, কেন হৃদয়ের
কানে কানে ভীষণ পাপের কথা কহে
অনুক্ষণ ?—এই পাপের কল্পনা শুধু
করিছে আকুল কেন, আপাদমস্তক
মোর করি' কণ্টকিত ?—মোর অন্তরের
অন্তঃস্থল সন্ত্রস্ত সবেগে, আঘাতি'
মরিছে কেন বক্ষের পঞ্জরে ? নির্ভীক
হৃদয়ে মোর কেন হেন ভাব, স্বভাবের
ব্যতিক্রমে ? ভীতির কল্পনা হেন অতি
ভয়ঙ্কর, বাস্তব প্রত্যক্ষীভূত বিভীষিকা
হতে ! চিত্ত মোর এবে শুধু কাল্পনিক
হত্যাকাণ্ড করিয়া সাধন অমূলক
আশঙ্কার দারুণ পেষণে মানস-
শকতিচয়ে করিছে বিনাশ। তাই
এবে লণ্ডভণ্ড মনোরাজ্য মম, দুরন্ত

অরির করে ক্ষুদ্র রাজ্য সম।—তাই
এবে অবাস্তবে সত্য মনে হয়,—বস্তু
যাহা মিথ্যা সবি, অলীক স্বপন।

ব্যাঙ্কো। বন্ধু
মোর গাঢ় চিন্তা-নিমগ্ন এখন।

ম্যাক্‌। রাজ্য-
লাভ যদি মোর দৈবের লিখন, দৈবে
মোরে পরাইবে রাজার মুকুট, বিনা
মোর বিন্দুমাত্র প্রয়াস-যতন।

ব্যাঙ্কো। উপাধি
নূতন, নূতন ভূষণসম না হয়
শোভন;—নব পরিচ্ছদ নিত্য ব্যবহারে
শুধু হইবে সহজ।

ম্যাক্‌। [ স্বগত ] যা হবার হউক।
নিদারুণ বিপদের বিষম দুর্দ্দিন,—
অতীতের বক্ষে সেও হইবে বিলীন।

ব্যাঙ্কো। ম্যাকবেথ্‌, তব অবসর ক্ষণ গণি'
অপেক্ষিছি মোরা।

ম্যাক্‌। ভ্রাতৃগণ, ক্ষম মোরে।
অতীতের ক্ষীণস্মৃতি জাগরিত হয়ে
দুর্ব্বল মস্তিষ্ক মোর করেছিল এত
ক্ষণ ঘোর আলোড়ন। ভদ্রগণ, আমা'

তরে যত শ্রম যত শ্রান্তি করিলে
স্বীকার অন্তরের গ্রন্থে মোর রহিবে
মুদ্রিত তাহা অব্যয় অক্ষরে— আর
পড়িব প্রত্যহ তাহা উলটি পালটি।
[ ব্যাঙ্কোর প্রতি ]
কালান্তরে আলোচনা করি' এ সকল
পরস্পরে মনোভাব করিব জ্ঞাপন।

ব্যাঙ্কো। স্বচ্ছন্দে।

ম্যাক্। আজ তবে এই থাক্।—বন্ধুগণ,
হও অগ্রসর।

[ সকলের প্রস্থান ]

---

## চতুর্থ দৃশ্য—ফরিশের রাজপ্রাসাদ।

বিজয়ানন্দসূচক বাদ্য।

ডাঙ্কেন্, ম্যাল্‌কম্, ডনাল্‌বেন্, লেনক্স ও ভৃত্যগণের প্রবেশ।

ডাঙ্। কদরের মৃত্যুদণ্ড হলো কি সাধন ?
যাদেরে প্রেরিনু আমি সাধিতে একাজ
তারা আসে নি কি ফিরে ?

ম্যাল্। প্রভো, তারা
ফিরে নি এখনো। জনকের সাথে মোর
হইল সাক্ষাৎ, যেবা স্বচক্ষেতে মৃত্যু

তার কাছে দর্শন। শুনিনু তাহার
পাশ—অনুতাপদগ্ধচিত্তে অপরাধী
জন স্বীয় অপরাধ নিজে করিল
স্বীকার, আর, দীন সম মাগিল সে
রাজার মার্জ্জনা ; ঘৃণিত জীবন-শেষে
মরিল সে মহতের মত,—তৃণসম
নিক্ষেপিল জীবন-রতন ! শুনে মনে
হয়, বহু সাধনায় মরণ-নৈপুণ্য
যেন করিল অর্জ্জন।

ডাঙ্কন্‌। বিজ্ঞান-নৈপুণ্য
হেন নাহি আছে যাহে, মানব আননে
অন্তরের গুপ্ত ভাব পারি পড়িবারে !
করিনু নির্ভর তারে অটল বিশ্বাসে।

[ ম্যাক্‌বেথ্‌, ব্যাঙ্কো, রশ্‌ ও এঙ্গাসের প্রবেশ ]

ভ্রাতঃ মোর যোগ্যতম ! জেনো, কৃতঘ্ন এ
অন্তরের গুরু পাপ-ভার পীড়িছে
মরমে মোরে ;—সুকৃতির বলে তুমি
বহুদূরে অগ্রগামী অতি দ্রুতবেগে,—
মোর ক্ষিপ্র-পক্ষ পুরস্কার মন্দ-গতি
পড়িছে পশ্চাৎ। যোগ্যতা তোমার হ'ত
যদি ন্যূনতর, পরিতাম তবে তোমা'
যোগ্য পারিতোষ, আর কৃতজ্ঞতা করিতে

প্রদান। এইমাত্র বলি হে তোমায়—
যতই করিব দান ততোধিক প্রাপ্য
তব রবে মোর পাশ।

ম্যাক্। অনুরক্ত প্রজা
রূপে অশেষ কর্ত্তব্য-পাশে বাঁধা রাজ-
পাশে। শুধু কর্ত্তব্য পালনে মনে গণি
পুরস্কার। কর্ত্তব্য-পালন শুধু করিব
আমরা, রাজ্যেশ্বর করিবেন ফল ভোগ
তার। তব সিংহাসন সহ পিতাপুত্র,
প্রভুভৃত্য সম্বন্ধ মোদের ;—মহারাজ-
পাদ-পদ্মে সসম্মান ভক্তি-অর্ঘ্য করি'
নিবেদন হইব সার্থক মোরা।

ডাঙ্। স্বাগত
হে বন্ধুবর! সৌভাগ্যের ক্ষেত্র' পরে
যত্নে তোমায় করিনু রোপণ, বিশাল
সুফল বৃক্ষে হওহে বর্দ্ধিত। আর, ব্যাঙ্কো
সুমহান্, যোগ্যতায় নহ তুমি হীন—
কীর্ত্তি তব করিব ঘোষণা। বক্ষ'পরে
করিব ধারণ, এস মোর আলিঙ্গনে। [ আলিঙ্গন ]

ব্যাঙ্কো। কৃপাবারিসিক্ত হয়ে ফলবান্ বৃক্ষে
যদি হই পরিণত, সমুদায় ফল
তার লভিবে, রাজন্।

ডাঙ্কন্‌। আনন্দ-প্রবাহ
মোর উচ্ছ্বসিত হয়ে হৃদয়ের তট-
ভূমি করিয়া লঙ্ঘন অশ্রুর আকারে
করে আত্ম-সঙ্গোপন। শুন পুত্রগণ,
অমাত্যবর্গ, আত্মীয় স্বজন, সবে
কর অবধান-- -করেছি মনন, আমার
জীবন-অন্তে জ্যেষ্ঠপুত্র ম্যাল্‌কম্‌
হবে অধিষ্ঠিত এই সিংহাসনে মোর।
যৌবরাজ্যে অভিষিক্ত করিলাম তারে।
একা নাহি সেই হবে সম্মানভাজন;
রাজকীয় পদবীর গৌরব-কিরণে
হইবে মণ্ডিত সব যোগ্য পাত্র মোর।
হেথা হতে এইক্ষণ ইন্‌ভার্ণেস্‌ ( ম্যাকবেথের প্রতি )
দুর্গাবাসে করিব গমন—আতিথ্য
গ্রহণে তব, সমধিক ঋণ-পাশে
বদ্ধ হ'ব আমি।

ম্যাক্‌। মহারাজ, তব হিত
কার্য্য হতে যেই অবসর, অবসর
নহে তাহা, সেত ক্লেশকর কর্ম্ম হ'তে
অতিক্লেশকর। অগ্রগামী দূত সম
হই অগ্রসর,—দীন তাই মাগিছে
বিদায়। রাজকীয় আগমন-শুভ-

সমাচারে আমি ঢালিব আনন্দধারা
প্রেয়সীর কানে।

ডাঙ্। সুধীর কদর-পতি,
পূরুক্ বাসনা।

ম্যাক্। যুবরাজ! গন্তব্য পথের
মোর বিষম কণ্টক। তাহে কৌশল-
লম্ফনে আমি করিব লঙ্ঘন, নতু
নিশ্চিত পতন। নক্ষত্র-মণ্ডলী, তোরা
আবরিয়া রাখ সবে উজ্জ্বল আনন—
মোর গূঢ় বাসনার প্রগাঢ় তিমির
যেন আলোকের রশ্মিপাতে প্রকাশ
না পায়! নেত্র মোর, হও নিমীলিত,
হস্তের ভীষণ ক্রীড়া লক্ষ্য নাহি কর।
হোক্ সম্পাদন, যাহা করি' আলোকন
নর-চক্ষু আশঙ্কায় হয় সঙ্কুচিত!
[ প্রস্থান ]

ডাঙ্।
সত্যকথা, ব্যাঙ্কো বিজ্ঞবর! সে মহাত্মা
নির্ভীক সাহসী অতি। জেনো, গুণের
বাখান তাঁর, আহারের প্রায় মোর নিত্য
প্রয়োজন—তাঁর যশোগীতি সুস্বাদু
ভোজ্যের মত অতি তৃপ্তিকর। মোদের

আতিথ্যসৎকার হেতু ব্যগ্র হয়ে
আগে আগে করিলা প্রস্থান। চল মোরা
অনুসরি তাঁরে। প্রিয়তম মিত্র তিনি,
নাহি মিলে উপমা তাঁহার।

[ আনন্দসূচক বাদ্য ও সকলের প্রস্থান ]

---

## পঞ্চম দৃশ্য—ইন্‌ভার্ণেস্‌—ম্যাক্‌বেথের দুর্গ।

পত্র পাঠ করিতে করিতে ম্যাক্‌বেথ্‌-পত্নীর প্রবেশ।

ম্যাক্‌-পত্নী। [ পত্র পাঠ ] "এ শুভ বিজয়ের দিনে তাদের সঙ্গে সাক্ষাৎ হ'লো। আর ঘটনা-পরম্পরার অভ্রান্ত প্রমাণ দ্বারা আমার এ বিশ্বাস জন্মেছে যে তা'দের দৃষ্টি নরমানব-জ্ঞানের সীমা লঙ্ঘন করে' বহু দূরে পৌঁছায়। যখন ভবিষ্যঘটনাবলী সম্বন্ধীয় আরো তত্ত্ব লাভের প্রবল বাসনার আগুনে আমার অন্তরাত্মা ছট্‌ফট্‌ করছিল, তখন হাওয়ার মত অদৃশ্য আকার ধরে' তারা হাওয়ায় মিশে গেল। তা'তে আমি বিস্ময়ে বিহ্বল হয়ে পড়লেম্‌। তখনি মহারাজপ্রেরিত দূতেরা এসে "কদরেরপতি" বলে' আমাকে অভিবাদন করলে। এই কুহকিনীরা ইতিপূর্ব্বেই আমাকে ঐ বিশেষণে বিশেষিত এবং "ভাবী রাজা" বলে সম্ভাষণ করেছিল। প্রিয়তমে, আমার জীবনের সঙ্গিনী, সৌভাগ্যের সমভাগিনী! যে সুমহৎ সৌভাগ্যের

আশ্বাস তুমি এবং আমি প্রাপ্ত হয়েছি সে বিষয়ে তোমায় অজ্ঞতার অন্ধকারে রেখে আনন্দের যে অংশ তোমার প্রাপ্য তা' হ'তে তোমায় বঞ্চিত রাখতে চাইনে। তাই এই শুভবার্ত্তা তোমায় জানান সঙ্গত মনে করেছি। কিন্তু দেখ, এ গূঢ় বিষয়টি তোমার অন্তরের গুহ্য স্থলে গোপন করে' রেখো। এখন বিদায় হই। ইতি"'

হয়েছ গ্লেমিশ্ আর কদরের পতি।
ডাকিনীর সে মহাভবিষ্যৎ বাণী
হইবে সফল—নিশ্চয় হইবে রাজা।
তবু ভয় জাগে তব স্বভাবের লাগি'।
করুণা-পীযূষধারা স্বতঃউচ্ছ্বসিত
হৃদয়ে তোমার; তাই শঙ্কা হয় মনে
সে পথ না করিবে গ্রহণ যাহে তোমা'
অব্যাজে সোজাসোজি পৌঁছায়ে দিবে তব
কাম্যের সমীপে। ইচ্ছা তব উচ্চ হ'তে,
উচ্চাকাঙ্ক্ষা রয়েছে অন্তরে, কিন্তু নাহি
সে ভীষণ বল সদসৎ বিবেক-
রহিত, যাহা প্রধান সহায় হবে
কাম্যবস্তু লাভে। উচ্চপদ লভিবারে
চাও, কিন্তু ধর্ম্মে নাহি করিয়া লঙ্ঘন;—
নাহি চাও করিতে ছলনা, ন্যায়হীন
লাভে তবু রয়েছে লালসা। হে গ্লেমিশ্

মহান্‌, যে উচ্চ পদবী পরে তব
জন্মেছে বাসনা, কহিছে তা উচ্চস্বরে,—
'উচ্চ হ'তে থাকে সাধ, সাধ হেন কাজ'।
শঙ্কা হেতু কার্য্যে এই নাহি দাও হাত,
তবু চাহিছে হৃদয় তব সম্পাদন
তার। হেথা এসহে সত্বর, মোর এই
হৃদয়ের দুর্জ্জয় সাহস, উত্তেজনা
সবি ঢালি' দিব কর্ণে তব ; প্রখর
জিহ্বাগ্রে ঢালি' উৎসাহের ধারা করিব
অন্তর, তোমা' যত অন্তরায় সুবর্ণ
মুকুট হতে রাখিছে তফাৎ ;—যাহে
মণ্ডিতে মস্তক তব ভাগ্য আর
দৈবে মিলি' করিলা মানস।

[ দূতের প্রবেশ ]

ম্যাক্‌-পত্নী। দূত, কিবা
সমাচার ?

দূত। হেথা আসিছেন মহারাজ
আজিকার রা'তে।

ম্যাক্‌-পত্নী। তুই ক্ষেপেছিস্‌, দূত ?
একি কথা তোর ? প্রভু মোর নহেন কি
মহারাজ-পাশে ? সত্য হ'লে বাক্য তোর
জানাতেন মোরে তিনি অভ্যর্থনা-

আয়োজন করিতে রাজার।

দূত। ক্ষম দেবি,
সত্য মোর কথা। প্রভু নিজে আসিছেন
ত্বরা। ফেলিয়ে পশ্চাতে তাঁরে দ্রুতগতি
দূত এক রুদ্ধশ্বাসে এসে এসংবাদ
জানাল আমায়।

ম্যাক্‌-পত্নী। সমাদর কর তারে;
শুভ সমাচার জেনো এনেছে বহিয়া।

[ দূতের প্রস্থান ]

কাক যথা, অকল্যাণ-দূত, আসন্ন
বিপদ-বার্ত্তা করে প্রচারিত কর্কশ
কণ্ঠেতে তার, তেমতি এ দূত ভগ্ন-
কণ্ঠে করিল ঘোষণা ডাঙ্কেনের মহা-
যাত্রা শমন-সদনে,—এই মোর দুর্গ-
অভ্যন্তরে। আয় তোরা নরকের দূত,
নারকীয় হিংসাবৃত্তি, শোণিত-লালসা
করি' উত্তেজিত;—দূর করে দেরে মোর
অবলা প্রকৃতি, আপাদমস্তক মোরে,
পরিপূর্ণ করি' দেরে নির্ম্মমকাঠিন্যে!
প্রগাঢ় করিয়া দাও শোণিত তরল,
অবরোধি' রাখ মোর হৃদয়ের পথ,
যেন অনুতাপ, কোমলতা নাহি পশে

কোন পথে হৃদয়ের কোণে ;—মানবের
সহজাত অনুকম্পা যেন কম্পমান্‌
নাহি করে সঙ্কল্প ভীষণ—অবরুদ্ধ
নাহি করে সিদ্ধির দুয়ার ! আয়্‌, আয়্‌,
আয় তোরা হত্যার সঙ্গিনীগণ, যারা
অদৃশ্য আকারে অশেষ অহিত সদা
সাধ মানবের। করহ প্রবেশ এই
পয়োধরে মোর, স্তনের অমৃতধারা
প্রাণান্তক তিক্ত বিষে কর পরিণত !
এস ঘোরা নিশীথিনি ! হয়ে আবরিতা
ঘোর কৃষ্ণ নারকীয় ধূম্র-আচ্ছাদনে,
যেন শাণিত ছুরিকা লক্ষিতে না পারে
তার নিজকৃত ক্ষতে,—যেন ঊর্দ্ধে নভঃ-
স্থল সরায়ে তিমির-পট কৌতূহলে
চাহি', "থাম থাম" বলি' নাহি তুলে কল-
রোল ! [ ম্যাক্‌বেথের প্রবেশ ]
হে গ্লেমিশ্‌, মহান্‌, কদর-প্রধান,
ততোধিক হবে যেবা শুভ ভবিষ্যতে !
লিপি তব মোরে অতি ক্ষুদ্র অতি হেয়
বর্ত্তমান হ'তে নিমেষে লইয়া গেছে
সুমহৎ ভবিষ্যৎ মাঝে। ভবিষ্য
ঘটনা তাই অনুভব করি আমি
বর্ত্তমান সম।

ম্যাক্। শুন, প্রিয়তমে, অদ্য
রাত্রি মহারাজ আসিছেন হেথা।

ম্যাক্-পত্নী। কবে
রাজা ফিরিবেন ঘরে ?

ম্যাক্। কল্য। অভিপ্রায়
তাই করিলা জ্ঞাপন।

ম্যাক্-পত্নী। হায়, সে কল্যের
দিবাকর হবেনা উদয়। প্রভো মোর,
মুখ'পরে তব অন্তরের গুপ্ত ভাব
রয়েছে অঙ্কিত যেন সুস্পষ্ট অক্ষরে,
কিবা অর্থ তার দর্শকেরা অনায়াসে
পাইবে সন্ধান। সময়ের উপযোগী
বাহ্য ব্যবহারে এবে ভুলাও সকলে,—
নয়নে, আননে, হাতে করহ ধারণ
সমাদর সম্ভাষণ ;—বিমল কুসুম-
শুভ্র দেখাও বাহিরে, কিন্তু প্রাণনাশী
বিষধরে রাখহ অন্তরে। অভ্যাগত
রূপে হেথা আসিছেন যিনি তাঁরি সদ্-
গতির আয়োজন কর্ত্তব্য মোদের।
রজনীর যাহা কিছু গুরু কার্য্যভার
রহুক্ আমার হাতে, যাহে আজীবন

অসীম প্রভুত্ব আর নির্দ্বন্দ্ব শাসন
মোরা করিব অর্জ্জন।

ম্যাক্‌। হবে আলোচনা
তার ক্ষণকাল পরে।

ম্যাক্‌-পত্নী। হাস্যোজ্জ্বল রাখ
শুধু বদন-কমল ;—মুখে ভাবান্তর
অন্তরের শঙ্কা সদা করয়ে সূচনা।
আর আর কাজ যত রলো মোর পরে।

[ উভয়ের প্রস্থান ]

---

## ষষ্ঠ দৃশ্য—ম্যাক্‌বেথের দুর্গসম্মুখস্থ প্রাঙ্গণ।

বাদ্যযন্ত্র ও প্রজ্জ্বলিত মশাল হস্তে কতিপয় ব্যক্তি দণ্ডায়মান।
ডাঙ্কান্‌, ম্যাল্‌কম্‌, ডনাল্‌বেন্‌, ব্যাঙ্কো, লেনক্স, রশ্‌,
এঙ্গাস্‌ ও পরিচারকগণের প্রবেশ।

ডাঙ্ক্‌। কি মনোজ্ঞ ভূমিখণ্ডে—সুচারু আসনে
যেন—দুর্গ এই রয়েছে বসিয়া! আহা!
মন্দ গন্ধবহ মন্দ মন্দ গন্ধামোদে
বিমোহিছে সবে।

ব্যাঙ্কো। ওই যে বসন্তপ্রিয়
বিহঙ্গ নিচয়—পুণ্যদেবগৃহাঙ্গন-
বিচরণকারী—বাঁধিয়া কুলায় হেথা

করিছে নিবাস। তাই নন্দন-পবন-
শ্বাস বহিছে মধুর। নিরালা নিভৃত
কোণে, উচ্চ স্তম্ভ'পরে, প্রাচীর অন্তরে,
আর গৃহচ্ছাদ-শেষে, সর্ব্বত্র এই
বিহঙ্গম বাঁধিয়াছে নীড়, ঝুলায়েছে
সুখদোলা বিহঙ্গ-শিশুর! ওদের
জনন আর বিচরণ যথা, দেখেছি,
তাথায় বহে মধুর মলয়।

[ ম্যাক্‌বেথ-পত্নীর প্রবেশ ]

ডাঙ্। দেখ
চাহি, আসিছেন গৃহকর্ত্রী ওই, যাঁহার
ভবনে আজি অতিথি আমরা। রাজভক্ত
প্রজাদের প্রেমোচ্ছ্বাস-ধারা অবিশ্রাম
ছুটিয়া পশ্চাৎ চিত্তে মোর কভু জাগে
বিরক্তির ভাব; কিন্তু অন্তরের প্রীতি
জেনে কৃতজ্ঞ অন্তরে অতি সমাদরে
তাহা করি যে গ্রহণ। ভদ্রে, শিক্ষণীয়
তব অনুরূপ ভাব। মোরা স্নেহবশে
সমাগত গৃহে আপনার, মোদের
কারণ যত শ্রম, যত ক্লান্তি করিবে
স্বীকার, মনে কিছু নাহি গণি' তার
করুন আদৃত সবে অন্তরের সাথ,

আর পরমেশ পাশে করুন প্রার্থনা
মোরা সর্ব্বকার লাগি'।

ম্যাক্-পত্নী। যত কিছু উচ্চ
পদ অত্যুচ্চ সম্মান, মহারাজ,
মুক্ত হস্তে দিলেন মোদেরে,—তুলনায়
তার যত কিছু রাজ-সেবা করেছি
আমরা, চতুর্গুণ যদি তার করিতাম,
তবু অতি তুচ্ছ মুল্যহীন ভাবিতাম
তাহে। এ অবধি যত কৃপা অনুগ্রহ
করেছি অর্জ্জন, বিনিময়ে তার রাজ-
পুরোহিত সম রাজহিত সদা মনে
করিয়া কামনা ইষ্টদেবে করিব
অর্চ্চনা।

ডাঙ্কন্। কদর-পতি, স্বামী তব, কোথায়
এখন ? পাছে পাছে ছুটিলাম তাঁর
অগ্রদূত সম ফেলিতে পশ্চাতে তারে,
কিন্তু সুনিপুণ অশ্বারোহী তিনি, তাহে
পরিপূর্ণ রাজ-ভক্তি অঙ্কুশের মত
করিল চালিত তাঁরে গৃহ-অভিমুখে।
তাই রহিনু পশ্চাতে মোরা। হে সুন্দরি,
সুভগে, অদ্যরাত্রি তব গৃহে অতিথি
আমরা।

ম্যাক্‌-পত্নী। যাহা কিছু ধন জন আছে এ
ভবনে স্বত্ব তাহে বিন্দুমাত্র নাহিক
মোদের—মোরা ভৃত্য, সংরক্ষক তার;
স্বামী তার তিনি যিনি এরাজ্যের স্বামী।
রাজদত্ত উপচারে করিব অর্চ্চনা
তাই রাজার চরণ।

ডাঙ্‌। ভদ্রে, লহ মোর
নমস্কার। লয়ে যাও মোরে গৃহস্বামী-
পাশ। কত স্নেহ ভালবাসা তার পরে
মোর।—রাজ-অনুগ্রহ, জেনো, অবিরাম
ধারে ছুটিবে পশ্চাতে তাঁর। অনুমতি
হলে যাই মোরা দুর্গ অভ্যন্তরে।

[ সকলের প্রস্থান ]

---

## সপ্তম দৃশ্য—দুর্গাভ্যন্তর।

বাদ্যযন্ত্র ও মশালধারিগণ।

পরে পরিবেশনকারী, খানসামাগণ ও ভৃত্যগণের আহার্য্যপূর্ণ থালা হস্তে প্রবেশ ও প্রস্থান। পশ্চাৎ ম্যাক্‌বেথের প্রবেশ।

ম্যাক্‌। এ কর্ম্মের সমাপনে সবি যদি হ'ত
সমাপন, না রহিত ফলাফল আর,

শ্রেয়ঃ তবে অবিলম্বে সম্পাদন তার ;—
যদি এই নরহত্যা করিত হনন
সর্ব্ব পরিণাম তার, সিদ্ধির দ্বারেতে
মোরে লয়ে যেত আর ;—যদি অস্ত্রাঘাত
অস্ত্রাঘাতে শুধু হইত নিঃশেষ এই
জীবনের তরে, শুধু কাল-সমুদ্রের
এই ক্ষীণ বেলাতটে—লোকান্তরে নাহি
গণি' অন্তরে আমার পড়িতাম লম্ফ
দিয়ে শোণিতব্যাপারে। কিন্তু হায় ! কর্ম্ম-
ফল, দণ্ড-পুরস্কার রয়েছে হেথায়।
তাই ঘাতকের রক্ত অসি শিখায়
অপরে করিতে প্রয়োগ তাহা ঘাতকের
শিরে। নিরপেক্ষ ন্যায় পিয়াইবে বিষ
তারে বিষপাত্র যার।

হেথায় আছেন
তিনি নিঃশঙ্ক বিশ্বাসে ;—ঘনিষ্ঠ আত্মীয়
আমি, তাহে প্রজা তাঁর ; দ্বিগুণ কারণ,
নৃশংস ব্যাপারে এই নাহি দিতে হাত।
তারপর, আজি তিনি অতিথি এঘরে,
আতিথ্য-কর্ত্তব্য নহে শাণিত ছুরিকা
নিজে করিতে ধারণ, কিন্তু পক্ষান্তরে,
অবরোধি' রাখিবারে ঘাতকের পথ।

অধিকন্তু, নিষ্কলঙ্ক ডাঙ্কেন্ দয়ার
আধার, ন্যায়োপেত সুনির্ম্মল শাসন
তাঁহার। চরিত্র-মাহাত্ম্য তাঁর, দেব-দূত
সম, কুলিশ-কঠোর কণ্ঠে করিবে
জ্ঞাপন রাজ-হত্যামহাপাপ যত ;—
মানব-করুণা সদ্যোজাত শিশুসম
করিবে ক্রন্দন যবে মর্ম্মান্তিক স্বরে,
কিম্বা, দেবতার অনুচর অতি রুদ্র
রোষে ঘোষিবে এ হত্যাকাণ্ড শূন্যমার্গে
চড়ি', প্রভঞ্জন ভীমবেগে ছুটিবে
চৌদিকে, নিদারুণ হাহাকারে চূর্ণিবে
আকাশ, দুর্নিবার অশ্রুধারে ভাসিবে সকল।
হেন উত্তেজনা মোর নাহি
হেরি কোন, যাহে ভীষণ সঙ্কল্পে এই
করিবে প্রেরণ। শুধু ঊর্দ্ধগামী দুরা-
কাঙ্ক্ষা চিত্তক্ষেত্রে জাগি' দুঃসাহসী
অশ্ব সম ছুটি' অতিবেগে, ঊর্দ্ধলক্ষে
লক্ষ্যস্থল করিয়া লঙ্ঘন, অতল
ধ্বংসের কূপে চাহে মরিবারে।

[ ম্যাক্‌বেথ্-পত্নীর প্রবেশ ]

কি হলো !

কিবা সমাচার ?

ম্যাক্-পত্নী। সমাপ্তপ্রায় ভোজন
তাঁহার। ভোজনাগার ছেড়ে চলে এলে
কেন ?

ম্যাক্। কোথা গেছি জিজ্ঞাসিলা কিছু ?

ম্যাক্-পত্নী। জান না
কি, তুমি কোথা পুছিলেন মোরে ?

ম্যাক্। এ কার্য্যে না
আর মোরা হব অগ্রসর ; অশেষ
সম্মানে তিনি ভূষিলেন মোরে, উচ্চ
নীচ সর্ব্বজন হ'তে করেছি অর্জ্জন
বহু অমূল্য সুযশ। অম্লান সে নব-
লব্ধ সম্মান ভূষণে ক্ষণেক না করিয়া
ধারণ এখনি ফেলিব ছুঁড়ে ?

ম্যাক্-পত্নী। সেই
আশা তব সুরামত্ত ছিল কি তখন
উৎসাহের বহ্নিশিখা করি' প্রজ্জ্বলিত
আপাদমস্তক তব ছাইল যখন ?
এবে অবসাদ-ঘুম-ঘোর হরিল
চেতন ? মদ্যঘোর টুটিল এখন ?
রক্তহীন পাণ্ডুমুখে তাই সে কি এবে
সবিস্ময়ে হেরিতেছে চাহি', কিবা কাণ্ড
অনায়াসে ঘটায়েছে নিজে শুধু নিজ

মত্ততার বশে ? যত প্রেম আমা' পরে
রয়েছে তোমার আজি হ'তে তাহা সব
করিব গণনা শুধু মাদকতা বলি'।
সুতীব্র বাসনা জাগে হৃদয় জুড়িয়া,
নির্ভীক কর্ম্মের ফলে করিতে সফল
তাহে ভয় জাগে মনে ? রাজার মুকুটে
ভাবি' জীবনের সার লুব্ধ দৃষ্টি শুধু
তাহে করিবে নিক্ষেপ, আর কহিবে
সবারে—'লভিবারে পূর্ণ সাধ, হস্ত
নাহি সরিছে শঙ্কায়' ? নিজচক্ষে ঘৃণ্য
হয়ে ধরিবে জীবন হীন কাপুরুষ
সম ? মার্জ্জারের ব্যাভার তব, যথা
রয়েছে প্রবাদে—'মৎস্যে তার পূর্ণ
লিপ্সা জল ছুঁতে শিহরে পরাণ!'

ম্যাক্। ক্ষান্ত হও, করি এ মিনতি। মানুষের
যোগ্য যাহা নাহি ডরি সাধিবারে তাই।
এতাধিক সাধ্য যার পশুসম জানিবে
তাহায়।

ম্যাক্-পত্নী। কোন্ পশু ছিলে যবে এহেন
সঙ্কল্প মোরে করিলে জ্ঞাপন ? তখনি
মানুষ ছিলে যখন সাহস ছিল
সাধিতে এ কাজ। লভিলেই উচ্চপদ

উচ্চতর মনুষ্যত্ব লব্ধ হবে তব।
উপযোগী স্থান কাল ছিলনা যখন
এ সবারে গড়ি' নিবে করিলে মনন ;
এবে যবে শুভ যোগ এল নিজ হ'তে,
হারালে পৌরুষ তব শঙ্কার তাড়নে !
স্তন্যপান করায়েছি শিশুরে আমার—
জানি সেই মাতৃস্নেহ মধুর কেমন,
কিন্তু যবে কচি শিশু মোর পানে চাহি'
হাসিমুখে বক্ষে বসি' করে স্তন্য পান,
তারি দন্তহীন মুখ হ'তে ছিনাইয়া
স্তন, চূর্ণিবারে পারি তার কোমল
মস্তক,—যদ্যপি তোমার সম শুধু এক
বার করে থাকি হেন অঙ্গীকার !

ম্যাক্‌। চেষ্টা
এই হইলে নিষ্ফল ?

ম্যাক্‌-পত্নী। নিষ্ফল ! অটল
সঙ্কল্প দিয়ে বাঁধহ সাহসে তব
ঊর্দ্ধতম গ্রামে, তা'হলে না হইবে
বিফল। পর্য্যটন-পরিশ্রান্ত ডাঙ্কেন্
যখন প্রগাঢ় সুপ্তির অঙ্কে হবে
অচেতন, মন্ত দিয়ে সেই দুটি রক্ষকে
তাঁহার হেন ভাবে মূঢ় প্রায় করিব

এখন, যেন তাহাদের মস্তিষ্কের
স্মৃতিভাণ্ড বাষ্পাকারে চলে যায় উড়ে',—
না দেয় প্রহরা আর বুদ্ধির দুয়ারে,
যেন মস্তকের জ্ঞানাধার পরিপূর্ণ
মদ্যাধারে হয় পরিণত। যবে সুরা-
সিক্ত দুজনায় রবে অচেতন, যেন
অন্তিম শয্যায়, কোন্ কার্য্য হইবে
দুষ্কর রক্ষীহীন ডাঙ্কেনের পরে? কোন্
অপরাধ তবে পারিব না করিতে
আরোপ মদ্যস্নাত প্রহরীর পরে'?
যেই রাজ-হত্যা-মহাপাপ করিব
এখন, ইহারাই নিজ শিরে করিবে
বহন।

ম্যাক্। কঠোর জঠরে তব করহ
ধারণ শুধু নিঠুর শিশুরে! পরুষ
প্রকৃতি তব, ভীতিলেশহীন, শুধু
পুরুষেরে জন্ম দিবে, পাষাণ-কঠিন!
ডাঙ্কেনের কক্ষ-শায়ী প্রহরীদ্বয়েরে
রুধিরাক্ত করে দিই যদি, আর তাদেরি
ছুরিকা যদি করি ব্যবহার, তবুও
কি হবে না প্রমাণ, ইহাদেরি সংঘটন
শোণিত-ব্যাপার?

ম্যাক্‌-পত্নী। রাজ-হত্যা-বার্ত্তা শুনি'
ধরণী ভাসাব যবে তীব্র শোকোচ্ছ্বাসে,
পূরি' দিব নভস্থল উচ্চ আর্ত্তনাদে,—
কার সাধ্য অন্যতর করে অনুমান ?

ম্যাক্‌। সঙ্কল্প আমার এবে হইল অটল,—
প্রতি অঙ্গ প্রত্যঙ্গ আমার এ ভীষণ
লক্ষ্য মুখে হবে প্রধাবিত, গুণযুত
ধনুকের ক্ষিপ্র তীরসম। কালক্ষয়
নাহি কর, চলে যাও সেথা, মনোহারী
বাহ্যাচারে তুষহ সবারে—কৃতঘ্ন এ
অন্তরের গূঢ় ভাব সব কপট
হাস্যের ছলে রাখহ ঢাকিয়া !

[ উভয়ের প্রস্থান ]

# দ্বিতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য—ম্যাক্‌বেথের দুর্গাভ্যন্তরস্থ অঙ্গন।

ব্যাঙ্কো ও মশালহস্তে ফ্লিয়েন্সের প্রবেশ।

ব্যাঙ্কো। বৎস, কত রাত্রি হলো ?

ফ্লিয়ে। অস্ত গেছে
নিশা-পতি, ঘণ্টানাদ শুনিনি ত আমি।

ব্যাঙ্কো। আজ চন্দ্র-অস্ত দ্বিপ্রহরে।

ফ্লিয়ে। মনে হয়
বহুক্ষণ হল দ্বিপ্রহর হয়েছে
অতীত।

ব্যাঙ্কো। ক্ষণেক দাঁড়াও, লও মোর
তরবারী। [তরবারী প্রদান]
আকাশের তারাগুলি অতি
মিতব্যয়ী, তাই নিভায়ে দিয়েছে তারা
আলোকের মালা। নিয়ে যাও এটি সাথে।
ঘুমের আবেশ যেন ঘনায়িত হয়ে
সীসকের গুরুভারে পীড়িতেছে আঁখি,
ঘুমাতে না ইচ্ছা হয় তবু। অয়ি কল্যাণ-
ময়ী মহাশক্তিচয়, কৃপা করে দূর

কর যত অকল্যাণ চিন্তারাশি নিদ্রা-
যোগে জেগে উঠে মানব-অন্তরে।
[ম্যাক্‌বেথ্‌ ও মশাল হস্তে ভৃত্যের প্রবেশ]
দাও
মোর তরবারী। কে আসিছ তুমি?

ম্যাক্‌। বন্ধু
একজন।

ব্যাঙ্কো। এত রাত্রি হ'লো তবু কেন
বিশ্রামের নাহি আয়োজন? মহারাজ
নিদ্রাগত; অপূর্ব্ব আমোদ তিনি লভিলা
হেথায়, তব ভৃত্যগণে কতই না
পারিতোষ করিলা প্রদান। আর, তব
গৃহিণীর আতিথ্যের স্তুতিবাদ করি'
এই হীরাখণ্ড দিয়ে এবে তুষিছেন
তাঁরে। অপার আনন্দে যেন ছিলেন
মগন।

ম্যাক্‌। সময়-স্বল্পতাহেতু ইচ্ছা-
মত অভ্যর্থনা পারিনি করিতে, পদে
পদে ঘটেছে প্রমাদ।

ব্যাঙ্কো। তাতে বিন্দুমাত্র
ঘটেনি প্রমাদ। কল্যরাত্রি দেখেছি
স্বপনে সেই ডাকিনীত্রয়েরে। সেই

ভবিষ্যৎ বাণী তারা শুনালে তোমায়
ফলেছে কতক তার!

ম্যাক্। ওদের কথা
ভাবিনাকো মনে। তবু ইচ্ছা হলে তব,
আর অবসর থাকে যদি, আলোচনা
হবে পরে।

ব্যাঙ্কো। তব অবসরে অবসর
মোর।

ম্যাক্। যদি একমত হয়ে মোর হও
সহযোগী; বাড়িবে সম্মান তব কার্য্য-
সিদ্ধি হলে।

ব্যাঙ্কো। বাড়াতে সম্মান যদি না
হারাই মান, আত্মা মোর মুক্ত রহে,
রাজ-ভক্তি রহেগো অম্লান, উপদেশ
শিরোধার্য্য করিব তোমার।

ম্যাক্। সুখ-নিদ্রা
তবে লভহ এখন।

ব্যাঙ্কো। ধন্যবাদ! সুনিদ্রা
লভুন আপনি।

[ ফ্লিয়েন্স ও ব্যাঙ্কোর প্রস্থান ]

ম্যাক্। [ ভৃত্যের প্রতি ] বল্ গিয়ে কর্ত্রীরে
তোর, পান-পাত্র প্রস্তুত হলে ঘণ্টারবে

জানাতে আমায়। যা,' শো'গে এখন।

[ভৃত্যের প্রস্থান]

একি

ছুরিকা হেরি, ওই সম্মুখে আমার?
তার মুষ্টিদণ্ড আছে হেলি' হস্ত মুখে
মোর? আয়রে ছুরিকা তোরে মুষ্টিবদ্ধ
করি। নারিনু ধরিতে, তবু হেরি তোরে!
ভীষণ-দর্শন ওরে, স্পর্শ-সহ নস্‌
কিরে তুই? শুধু তুই চক্ষুর গোচর?
কিম্বা উত্তপ্ত মস্তিষ্ক হতে লভিলি
জনম—শুধু তুই মনের বিকার,
বাস্তবতাহীন? তবুও হেরি যে তোরে
এই নিষ্কোষিত অসি সম সুস্পষ্ট
আকারে! চলেছি যেপথ ধরি' চালিছ
সে পথে। হেন অস্ত্রে প্রয়োজন ছিল যে
আমার। অপর ইন্দ্রিয়গণ ষড়যন্ত্র
করি' খেলিছে ছলনা-খেলা আঁখি সাথে
মোর; কিম্বা, দৃষ্টিশক্তি মম সকল
ইন্দ্রিয় হ'তে হবে তীক্ষ্ণতর। এখনো
রয়েছে হেথা। ওই যে শোণিত-বিন্দু
লিপ্ত হয়ে আছে তার শাণিত ফলকে;
আগে যে তা' দেখিনি সেথায়! কিছু নয়,

কিছু নয়, এ শুধু ছলনা,—রক্তারক্তি-
ব্যাপারের ভীষণ কল্পনা আসি'
আকার ধরি' ছলিছে নয়ন। নিশীথ
প্রকৃতি বসুধার অর্দ্ধজুড়ি' রয়েছে
নীরব এবে মৃতের মতন। দুঃস্বপন
করিছে পীড়ন এবে সুখ-সুপ্ত জনে,—
যত যাদুকরী দিতেছে অঞ্জলি এবে
ইষ্টদেবতারে। কামান্ধ মানব যথা
নারীর সতীত্বনাশে চলে ধীর পদে,
তেমতি এখন ব্যাঘ্রের প্রহর-গর্জ্জে
হয়ে জাগরিত শীর্ণকায় নরহন্তা
অতি সন্তর্পণে প্রেত সম লক্ষ্য-পথে
হয় অগ্রসর। অয়ি অটলা কঠিনা
ধরা, পদধ্বনি মোর নাহি শোন
কানে, লক্ষ্য নাহি কর তুমি লক্ষ্য-পথ
মোর ;—শঙ্কা জাগে মনে, বুক প্রস্তরের
স্তূপ প্রতিধ্বনি তুলি' সবারে বলিয়া
দেয় সন্ধান আমার, ভঙ্গ করি'
নিশীথের স্তব্ধতা ভীষণ,—ভীষণ
কার্য্যের করে সঙ্গতি হরণ। যতক্ষণ
করি শুধু ভীতি প্রদর্শন ততক্ষণ
সে জনাই ধরিছে জীবন ; বাক্যের

প্রবাহ হরে কর্ম্মের প্রেরণা। [ নেপথ্যে ঘণ্টা-নাদ ]

এই যাব,

আর কার্য্যসিদ্ধি করিব এখন ; ওই

ঘণ্টানাদ করিছে আহ্বান। ডাঙ্কেন্‌,

না শোন ঘণ্টানাদ ;—তব মৃত্যু-ঘণ্টা

আহ্বানিছে স্বর্গে বা নরকে ! [ প্রস্থান ]

[ ম্যাক্‌বেথ্‌-পত্নীর প্রবেশ ]

ম্যাক্‌-পত্নী। যে মদ্য

প্রহরীদ্বয়ে মত্ত করি' দিল, সাহসের

উগ্রতেজে পূরিল আমায় ;—যাহা ওদের

নিভায়ে দেছে চৈতন্যের তাপ, তাকে

উৎসাহের বহ্নি মোর দিয়েছে জ্বালায়ে।

একি !— এযে পেচকের চী-চী রব ; ওরা

ভয়াল কর্কশ কণ্ঠে করি' ঘণ্টানাদ

'শমন এসেছে দ্বারে' করয়ে ঘোষণা,—

নিদারুণ ভাবে সবারে কহিয়া দেয়

অন্তিম বিদায়।—কার্য্যে রত এতক্ষণে

হলেন নিশ্চয়। অনর্গল আছে দ্বার,

আর মদ্য-পূর্ণ রক্ষিগণ নাসারব

করি' করিতেছে পরিহাস রক্ষিতে

তাদের। তা'দের সে মদিরায় ঔষধের

চূর্ণ বেশ দিয়েছি মিশিয়ে, তাই, ওরা

মৃত কি জীবিত এই সমস্যায় জীবন
মরণ মাঝে চলেছে সংগ্রাম।

ম্যাক্। [ নেপথ্যে ] কে তুমি ?
অ্যাঃ, কি বল্‌ছ ?

ম্যাক্-পত্নী। হা অদৃষ্ট ! গেল বুঝি
সব, জাগিল উহারা, কার্য্য শেষ নাহি
হলো আর। নিষ্ফল প্রয়াস আর কার্য্য-
নাশে মরিব সমূলে।—একি ! ছুরি দুটি
ঠিক করে রেখেছি সেথায়, ভুল না
সম্ভবে তাহা করিতে সন্ধান। নিদ্রিত
রাজার সাথে না রহিলে সুসাদৃশ্য
পিতার আমার, নিজ হাতে আমি এই
সাধিতাম কাজ। [ ম্যাকবেথের প্রবেশ ]
স্বামী মোর !

ম্যাক্। সম্পাদন
করিলাম কাজ। কোলাহল শোন নি
কিছুই ?

ম্যাক্-পত্নী। ঝিল্লীরব শুনিলাম, আর
পেচক-চীৎকার। বলে ছিলে তুমি কিছু ?

ম্যাক্। কখন ?

ম্যাক্-পত্নী। এখনি ?

ম্যাক্। এই, আসিতে হেথায় ?

ম্যাক্‌-পত্নী। হাঁ।

ম্যাক্‌। ওই শোন! কে শুয়েছে ওপাশের ঘরে?

ম্যাক্‌-পত্নী। ডন্যাল্‌বেন্‌।

ম্যাক্‌। [ হস্ত অবলোকন করিয়া ] ওহোঃ কি করুণ দৃশ্য!

ম্যাক্‌-পত্নী। সকরুণ

দৃশ্য তুমি বলিছ ইহারে! হেন ভাব
শোভে মূঢ় জনে।

ম্যাক্‌। ঘুমঘোরে উচ্চহাস্য

হাসিলেক একে, 'হত্যা' বলি অন্য জনে
উঠিল চেঁচায়ে, একে অন্যে করিয়া
সজাগ; স্তব্ধ প্রায় দাঁড়ালেম, শুনিলাম
সব। কিন্তু ঈশ্বরের নাম লয়ে দুজনাই
ঘুমালো আবার।

ম্যাক্‌-পত্নী। সেথা অসাড়ের প্রায়

দুয়ে রয়েছে পড়িয়া।

ম্যাক্‌। যেন জল্লাদের

হস্ত মোর করিয়া দর্শন 'কৃপাকর,
প্রভো' বলি' চীৎকারিল একে, শান্তি-মন্ত্র
উচ্চারিল আর। শুনি' এই শঙ্কিত
বচন তাদের প্রার্থনা সাথে শান্তিবাক্য
নারিনু বলিতে!

ম্যাক্-পত্নী। এহেন ভাবনা নহে
উচিত তোমার।

ম্যাক্। কিন্তু করুণা মাগিতে
কেন নারিনু তখন ? ভগবৎ-কৃপা
মোর ছিল প্রয়োজন, তবু সরিল না
কণ্ঠ হতে স্তুতিবাক্য আর।

ম্যাক্-পত্নী। হেন কাজ
এই মত নহে চিন্তনীয় ; নতু তাহে
করিবে উন্মাদ।

ম্যাক্। যেন শুনিলাম উচ্চ
কণ্ঠে কার—'ঘুমায়োনা আর ; ম্যাক্‌বেথ্
স্বপ্নের হরিল পরাণ!'—আহা ! নিদ্রা
সুনির্ম্মল, চিন্তাক্লিষ্ট অন্তরের শান্তির
নিদান, দিবসের কর্ম্মশেষে নিবিড়
বিশ্রাম,—শ্রম-ক্লান্তি-বিমোচন, পীড়িত
মানব-মনে অমৃত-নিঃস্রাব—নিদ্রা
মহতী এ প্রকৃতির শ্রেষ্ঠ উপহার,
জীবনের পুষ্টিকর শ্রেষ্ঠউপাদান,—

ম্যাক্-পত্নী। কেন তব হেন ভাব ?

ম্যাক্। উচ্চে ধ্বনিল
পুনঃ—'নিদ্রিত না হবে আর' সর্ব্বগৃহ-
অভ্যন্তর করিয়া ধ্বনিত,—'গ্লেমিশ্

নাশিল নিদ্রা, কদর না ঘুমাবে আবার,
ম্যাক্‌বেথ্‌ না হবে সুপ্ত' শুনিনু আবার।

ম্যাক্‌-পত্নী। কে চেঁচাল হেন ভাবে? ছিছি! নির্ভীক
সুধীর তুমি, কেন বাতুলের প্রায়
অলীক চিন্তায় মনে করিয়া পোষণ
অটল পৌরুষে তব কর অবনত?
যাও, জল দিয়ে ধুয়ে ফেল শোণিতের
দাগ—ভীষণ কার্য্যের এই ঘৃণিত
প্রমাণ। কেন ছুরী দুটি এনেছ বহিয়া?
লয়ে যাও ফিরে সেথা, আর রক্ত দিয়ে
লিপ্ত কর সুপ্ত রক্ষিদ্বয়ে

ম্যাক্। সেথা আর
নাহি যাব; ভাবিতেই ভীত আমি করেছি
যে কাজ, তাকাতে তাহার পরে সাহস
না পাই।

ম্যাক্‌-পত্নী। চঞ্চল সঙ্কল্প তব! দাও মোর
হাতে। নিদ্রিত আর মৃত দুই চিত্রাপিত
প্রায়—চৈতন্যবিহীন। চিত্রিত দানবে
হেরি' শিশুর নয়ন শুধু উঠিবে
শিহরি'। রক্তস্রাব হয় যদি ক্ষতমুখে
তাঁর, শোণিতে রঞ্জিয়া দিব প্রহরী

দ্বয়েরে। অপরাধী তারা দোঁহে দেখিবে
সবাই।

[ ম্যাক্‌বেথ্‌-পত্নীর প্রস্থান ]

[ নেপথ্যে দ্বারাঘাতধ্বনি ]

ম্যাক্। এই দ্বারের আঘাতধ্বনি কোথা
হতে আসে ? কি হ'লো আমার, প্রতি শব্দ
আশঙ্কায় পূরিছে আমায়। একি ভীষণ
দৃশ্য করদ্বয় মোর ! ওহোঃ, নেত্রদ্বয়
উপাটিয়া করিছে বাহির। বরুণ-
শাসনে আছে যত পারাবার, সকলে
মিলিয়া নাকি পারিবে ক্ষালিতে শোণিত-
কালিমা এই হস্ত হ'তে মোর ? অসম্ভব !
বরঞ্চ এ হস্ত মোর অগণিত বারি-
ধির নীলিমা-বিস্তার রক্তরাগে রঞ্জি'
দিবে একাকার করি'।

[ ম্যাক্‌বেথ্‌-পত্নীর পুনঃ প্রবেশ ]

ম্যাক্-পত্নী। হস্ত মম রক্ত
বর্ণ করেছে ধারণ তোমার মতন।
কিন্তু তোমা' সম রক্তহীন হৃৎপিণ্ড
এ দেহে বহিতে, ছিছিঃ মরে' যাই লাজে।

[ নেপথ্যে দ্বারে আঘাত ]

দক্ষিণ দুয়ারে ওই শুনি করাঘাত ;

চল যাই শয্যা-কক্ষে। শুধু একবিন্দু
জল মুছে দিবে একার্য্যের কলঙ্ক
মোদের ; দেখ কতই সহজ ! মনের
সে স্থৈর্য্য তব ফেলেছ হারায়ে।
[ নেপথ্যে দ্বারে আঘাত ]
ঐ শোন,
বার বার দুয়ারে আঘাত। রাত্রি-বস্ত্র
পরি' লও এবে, কে জানে কখন পুনঃ
বাহিরিতে হয়, আর বোঝে সবে রাত
জাগি' রয়েছি আমরা। চিন্তামগ্ন নাহি
রহ হীনের মতন।

ম্যাক্‌। একার্য্যের স্মৃতি
যদি লুপ্ত নাহি হয়, স্মৃতি-শক্তি পূর্ণ
রূপে হয়ে যাক্ লয়। [ নেপথ্যে দ্বারে আঘাত ]
এই দ্বারাঘাতে
ডাঙ্কেনেরে কর সচেতন ! আহা, পারিতে
ভাঙ্গিতে যদি মহানিদ্রা তাঁর !

[ উভয়ের প্রস্থান ]

[ নেপথ্যে দ্বারে আঘাতধ্বনি। দ্বার-রক্ষকের প্রবেশ ]

দ্বার-র। দুয়ারে কি খট্‌খটানিটাই হচ্ছে ! কাউকে যদি নরকের সদর দরজায় দারোয়ানগিরি করতে হ'ত তবে তারাকে যে কত চাবিঘুরাপোটাই ঘুরাতে হ'তো। [ নেপথ্যে দ্বারে

আঘাত ] খট্‌ খট্‌ খট্‌! কেহে, বল, সয়তান ব্যাটার দোহাই দিচ্ছি! এক চাষার পো ছিল, সে, অতি ফসয়ে লাভের ঘরে পাছে শূন্যি পড়ে তাইনা শেষে ফাঁস আট্‌কে মলো। বুঝি বা সেই আবার এলো এখানে মরতে। ভায়া ঠিক সময়েই এসেছ। বেশ গোটাকয়েক রুমাল প্যাকেটে গুজে এনেছ তো? তা' না হলে এখানে ঘেমে ঘেমেই মরতে হবে। [ নেপথ্যে পুনঃ দ্বারে আঘাত ] খট্‌ খট্‌! দোহাই সয়তানের, বল্‌, কে হো'স্‌ তুই? না, হলফ করে বল্‌ছি এ কোন পুরুৎ ঠাকুর হবেন, যিনি কথার ফেরে ভালোকে কালো, কালোকে ভালো বর্ত্তাতে খুব মজবুত। তাই-না করে করে ঠাকুরের একুল ওকুল দুকুলই মাটি—ইনি সেই উপরওয়ালা ব্যাটার ওজুহাত করে রাতদিন ভরে হাজারগণ্ডা পাপ পুঁজি করে বোঝাটা বেজায় ভারী করে তুলেছেন—তাই তার নরকের পথটা খুব সফা হয়ে রয়েছে! ঠাকুর, এস ভেতরে। [ নেপথ্যে দ্বারে আঘাত ] খট্‌ খট্‌ খট্‌ খট্‌! কোন্‌ দরজীরপো এল বুঝি, পাজামার কাপড় থেকে দু'চার টুকরো চুরি করে' রাখতে? এস বাবা ভেতরে, বেশ তোমার ইস্তিরিটা এখানে তাতিয়ে নাও [ নেপথ্যে দ্বারে আঘাত ] খট্‌ খট্‌! ও, আর থাম্‌বে না, সোয়াস্তিও দেবে না! তুমি কিরকম লোক হে?—এ যায়গাটা কিন্তু নরকের চাইতেও ঠাণ্ডা। না, এখানে আর দারোয়ানগিরি করা পোশালো না। মনে করেছিলুম এখানে হরেক কিছিমের দু'চারজনকে ঢুকুবো, যারা খেয়ে খেয়ে নাদুস-নুদুস হয়ে', হাওয়ায় দোলে দোলে ফুলের উপর দিয়ে চলে যান,

আর শেষ কালে নরকের অগ্নিকুণ্ডুতে পড়ে' পুড়ে' খাক্‌ হয়ে যাবেন! ( নেপথ্যে দ্বারে আঘাত ) রসো, রসো, এই যাচ্ছি। দারোয়ান বেচারিকে মনে রাখবেন, মশায়্। ( দ্বার উদ্‌ঘাটন )।

( ম্যাক্‌ডাফ্‌ ও লেনক্সের প্রবেশ )

ম্যাক্‌ডা। বন্ধুবর, কাল রা'তে শু'তে বুঝি খুব দেরী হয়ে গেছিল, তাই আজ এত বেলা হলো তবু জাগনি?

দ্বার-র। মশায়, মাইরি বলছি, যখন দুবার করে মোরগ ডাক্‌লে, সেই অবধি আমরা সুরাদেবীকে নিয়ে বেজায় আমোদ কর্‌ছি।

ম্যাক্‌ডা। দেখ্‌ছি কাল রাত্তির সুরাদেবীর পিরীতির ফাঁদে আট্‌কে পড়ে একদম মজে গেছিলে।

দ্বার-র। ঠিক, মশায়; একেবারে গলার কণ্ঠা পর্য্যন্ত হয়েছিল আর কি! তবু আমিত আর নেহাৎ হাল্কা ছেলে নই, তাই হাতে হাতে শোধ দিয়েছি,—যেম্নি আমার পা'দুটো টানা হেঁছ্‌ড়া করে আমাকে উপুড় করতে চেয়েছে আমিও তেম্নি গা ঝাড়া দিয়ে সব উগ্‌ড়ে ফেলে দিয়েছি।

ম্যাক্‌ডা। তোমার প্রভু জেগেছেন কি?

( ম্যাক্‌বেথের প্রবেশ )

এই যে এ দিকে আসছেন। দুয়ারে আঘাত শুনে তাঁর ঘুম ভেঙ্গে গেছে।

লেন। মহাশয়, নমস্কার।

ম্যাক্‌। আপনাদের নমস্কার।

ম্যাক্‌ডা। মহারাজ কি গাত্রোত্থান করেছেন ?

ম্যাক্। না, এখনো জাগেন নি।

ম্যাক্‌ডা। আমার উপর আদেশ ছিল যেন খুব প্রত্যূষে তাঁর সঙ্গে সাক্ষাৎ করি, কিন্তু কেমন করে একটু দেরী হয়ে গেছে।

ম্যাক্। আমি আপনাকে তাঁর কাছে পৌঁছিয়ে দিচ্ছি।

ম্যাক্‌ডা। এ শ্রম আপনার কাছে খুব আনন্দজনক তা' জানি বটে, তা'হলেও এ ক্লেশ স্বীকার করবার প্রয়োজন কি ?

ম্যাক্। যে শ্রমে আমাদের আনন্দ তাহা ওষুধের মত সকল কষ্টের উপশম করে। দরজা এদিকে।

ম্যাক্‌ডা। সাহস করে তবে তাঁকে ডাকা যাক্। এজন্য ত আমার পরে ভার ছিল। ( প্রস্থান )

লেন। মহারাজ কি আজই এস্থান ত্যাগ করবেন ?

ম্যাক্। হাঁ, এরূপই ত আদেশ করেছেন।

লেন। কি ভীষণ নিশি কল্য হলো অবসান !
প্রবল ঝটিকাবেগে শয্যাগৃহছাদ
হতে কত অগ্ন্যাধার-শির-ভাগ নিয়েছে
উড়ায়ে ; প্রভঞ্জন-স্বনে সকরুণ
আর্ত্তনাদ শুনিল সবাই, অদ্ভুত
রোদন যেন মুমূর্ষু জনের ; ঝঞ্ঝারব
উচ্চকণ্ঠে ঘোষিলেক যেন—'ভয়াল
প্রলয়কাল সমাগত প্রায়, ঘোরতর

বিপ্লবের গূঢ় সংঘটন লভিছে
জনম’ ! অনুক্ষণ পশিল শ্রবণে
নিশাচর পেচকের চী-চী-রব শুধু !
কারো অনুমান, জ্বরাক্রান্তা বসুন্ধরা
হলো কম্পমান !

ম্যাক্‌। বড়ই ভীষণ বটে
ছিল গত নিশি।

লেন। আশৈশব স্মৃতি মোর
দেখেছি আলোড়ি’, এহেন বিষম নিশি
দেখিনি কখনো।

[ ম্যাক্‌ডাফের পুনঃ প্রবেশ ]

ম্যাক্‌ডা। বিভীষিকা, বিভীষিকা !
ওহোঃ ভীষণ দর্শন ! বলিতে না বাক্য
সরে, চিত্ত নারে করিতে ধারণা !

ম্যাক্‌ }
লেন } হয়েছে কি ?

ম্যাক্‌ডা। সংহারিণীশক্তি আজি রুদ্রমূর্ত্তি ধরি’
চরম ধ্বংশের ক্রীড়া দেখাল এখন !
ঘৃণ্যতম নরহত্যা পূত দেবগৃহ
সম পূত রাজ-দেহ করি খান্‌ খান্‌,
প্রাণরূপী দেবতারে করিল হরণ !

ম্যাক্। কি বলছ? প্রাণ হরণ?

লেন। মহারাজে
লক্ষ্য করি কহিছ আপনি?

ম্যাক্‌ডা। জিজ্ঞাস না
মোরে কিছু; প্রত্যক্ষ করহ আগে, পশ্চাৎ
করহ বর্ণন। যাবে সেই কক্ষ-পার্শ্বে
আর দৃষ্টিশক্তি হারাবে অমনি। পুরাণ-
প্রথিত সেই ভীষণা দানবী * নব
বেশে আবির্ভূতা হইল সেথায়!—এই
বিভীষিকা-ছবি'পরে চাহিবে যে জন,
মূক পাষাণে সেই হবে পরিণত!

[ ম্যাক্‌বেথ্ ও লেনক্সের প্রস্থান ]

উঠ
ওহে, জাগো সবে! ঘোষ' এ সঙ্কট-বার্ত্তা
ঘণ্টার নিনাদে! নরহত্যা—ঘোরতম
রাজহত্যা হেথা হলো সংঘটিত! উঠ
ব্যাঙ্কো, ডন্যাল্‌বেন্, ম্যাল্‌কম্ আর;
কোমল শয্যার অঙ্কে রয়েছে পড়িয়া
ঠিক যেন মৃতের আকার! ত্যজি' এই

* গ্রীশ্ দেশীয় পুরাণে (Mythology) Stheno, Euryale ও Medusa নাম্নী তিনটি ভীষণা দানবীর উল্লেখ আছে। তাহারা 'গর্গণ' (Gorgon) এই সাধারণ নামে পরিচিত। কথিত আছে যে যাহারা ইহাদের কোনটির উপর দৃষ্টিপাত করিত তাহারা পাষাণে পরিণত হইয়া যাইত।

ঘুমঘোর সশরীর মরণেরে করহ
দর্শন—মহাপ্রলয়ের এই প্রতিমা
ভীষণ! শয়ন-সমাধি হ'তে করিয়া
উত্থান প্রেতযোনি সম এবে করহ
বিহার—ভীষণে ভীষণতর কর
হেথাকার; কর ঘণ্টানাদ। [ঘণ্টাবাদ্য]

[ ম্যাক্‌বেথ্‌-পত্নীর প্রবেশ ]

ম্যাক্‌-পত্নী। হেথা এবে
কি সমস্যা হ'তেছে পূরণ? রণ-ভেরী
সম ঘোর ঘণ্টার আরাবে নিদ্রিত
সবারে কেন করিছ আহ্বান? বল,
বলহে সত্বর!

ম্যাক্‌ডা। ভদ্রে, নহে তব শ্রুতি-
যোগ্য ব্যক্তব্য আমার; অবলার শ্রুতি-
পথে পশিলে এ বাণী নারীহত্যা ঘটাবে
তখনি।

[ ব্যাঙ্কোর প্রবেশ ]

ওহোঃ ব্যাঙ্কো! মহারাজ হত
আজি!

ম্যাক্‌-পত্নী। ওহোঃ, ওহোঃ, কিবা পরিতাপ! হেন
দুর্ঘটন মোদের ভবনে?

ব্যাঙ্কো। যেথা হো'ক
সংঘটিত অতি নিদারুণ, অতীব
নিষ্ঠুর। বন্ধু ম্যাক্‌ডাফ্‌, করি এ মিনতি,
বল তাহা সত্য নহে যাহা কহিলে এখনি।
আপনার প্রতিবাদ করহ আপনি।

[ রশ্‌ সহ ম্যাক্‌বেথ্‌ ও লেনক্সের পুনঃ প্রবেশ ]

ম্যাক্‌। যদ্যপি এ দুর্ঘটন ঘটিবার আগে
জীবনান্ত হ'ত মোর, আহা! কি সুখেতে
তবে কাটিত জীবন। এইক্ষণ হ'তে
হইল গুরুত্বশূন্য এ মর্ত্ত্য জীবন :—
আজি সবি হেয়, সবি ফাঁকি, শুধু ধূলি-
খেলা ;—আজি সুযশঃ-সুষমা মর্ত্ত্য ছাড়ি'
চলে গেছে মরণের দেশে ;—জীবনের
আনন্দ-মদিরা নিঃশেষিয়া মৃত্যু আজি
করিয়াছে পান, আছে শুধু শূন্য-পাত্র,
অসার জঞ্জাল! তাই লয়ে আজি মোরা
করিব গরব।

[ম্যাল্‌কম্‌ ও ডন্যাল্‌বেনের প্রবেশ]

ডন্যাল্‌। কিবা অকল্যাণ ঘটেছে
হেথায়?

ম্যাক্‌। গুরুতম অকল্যাণ ঘটিল
তোমার, তবু বিন্দুমাত্র তার নহ

অবগত। যেই মূল উৎস হ'তে
প্রাণের প্রবাহ বহে এ দেহে তোমার,
সেই উৎস-মুখ গিয়েছে শুকায়ে
এবে, রুদ্ধ চির তরে।

ম্যাক্‌ডা। হত মহারাজ---
পিতৃদেব তব

ম্যাল্‌। ওহোঃ! কে করিল হেন কাজ?

লেন। যারা প্রহরায় ছিল শয্যা-গৃহে
তাঁর,-তাই অনুমান। উভয়েরি হাতে,
মুখে শোণিত-প্রলেপ; ওদেরি শিয়রে
রুধিরাক্ত ছুরি দুটি পাইনু সন্ধান।
বিকৃতমস্তিষ্কসম রহিল চাহিয়া
দুয়ে ফ্যাল্‌ ফ্যাল্‌ করি'। কাহারো জীবন
হেন জনে সমর্পণ মূঢ়তা কেবল।

ম্যাক্‌। আহা! অনুতাপ হতেছে আমার, ক্রোধান্ধ
হয়ে কেন মারিনু তাদেরে।

ম্যাক্‌ডা। কেন ইহা করিলে
আপনি?

ম্যাক্‌। বিস্ময়েতে হতবুদ্ধি তবু
বুদ্ধি স্থির, ক্রোধোন্মত্ত তবু চিত্ত সংযত
সুস্থির, রাজ-অনুরক্ত তবু দ্বেষহীন
রাজহন্তৃ'পরে---একি ক্ষণে হেন ভাব

সম্ভবে কি নরে? উদ্দাম এ রাজ-ভক্তি
ছুটি' অন্ধবেগে মন্দগতি সুযুক্তিরে
ফেলিল পশ্চাৎ,—আগ-পাছ ভাবনার
কোথা অবসর? হেথায়, ডাঙ্কেন ওই
শয্যাবিলুণ্ঠিত—রজতধবল দেহে
রক্ত অস্ত্র-লেখা সুবর্ণের রেখা প্রায়
শোভিছে ভীষণ; সর্ব্বঅঙ্গ জুড়ি' আছে
শত অস্ত্র-ক্ষত—যেন মৃত্যুর প্রবেশ-
দ্বার প্রকৃতির ঘরে! আর হেথা আছে
হত্যাকারী, রক্তস্নাত রক্ত-ব্যবসায়ে;
ছুরিকা তাদের রুধিরে রঞ্জিত ওহো!
অতীব ভীষণ। হেন দৃশ্যে স্থির রবে
কেবা সেইজন, হৃদয়ে যে প্রেম ধরে,
বক্ষেতে বীরত্ব, প্রেম কার্য্যে প্রকাশিতে?

ম্যাক্-পত্নী। ওহোঃ, ধর মোরে স্থানান্তর, করহ
আমায়।

ম্যাক্‌ডা। পরিচর্য্যা করহ ইঁহারে।

ম্যাল্। [ডন্ডালবেনের প্রতি জনান্তিকে]
কেন মোরা মূকপ্রায় রয়েছি নির্ব্বাক্?
সর্ব্বাগ্রে মোদের স্বত্ব, কর্ত্তব্য মোদের
পিতার বিয়োগগাথা গাহিতে এখন!

ডন্ডাল। শোকোচ্ছ্বাস প্রকাশের এই নহে স্থান; [জনান্তিকে]

কে জানে কোন্ গুপ্তকোণে কৃতান্তের
প্রায় অদৃষ্ট লুকায়ে আছে সুযোগ-
সন্ধানে, কে জানে কখন আসিবে ছুটিয়া
সে যে, বাঁধিবে মোদেরে। চল, পালাও
সত্বর। পূত অশ্রুবর্ষণের এ নহে
সময়।

ম্যাল্। [জনান্তিকে] আর, দুর্ব্বিষহ শোকের ভার
বিকল করিছে এবে কর্ম্মেন্দ্রিয় মোর।
পিতৃবৈরী-নির্য্যাতন নহে এ সময়।

ব্যাঙ্কো। করো যেন সমুচিত শুশ্রূষা ইঁহার।

( ম্যাক্‌বেথ্-পত্নীকে বহন করিয়া
পরিচারকদের প্রস্থান )

অনাবৃত আছি মোরা হিমেতে দাঁড়ায়ে,
পরিচ্ছদ পরি' সবে হব সম্মিলিত,
এই ঘোরতম রাজ-হত্যা-রহস্য
সন্ধানে। গম্ভীর সন্দেহ আর আশঙ্কায়
বিচলিত করিছে আমায়; অসির
ফলকে মোর রাজ-হন্তা হিংস্রকেরে
দিব পুরস্কার—করিব নিষ্ফল তার
গুহ্য অভিপ্রায়।

ম্যাক্। আমারো সঙ্কল্প তাই।

সকল। মোদেরো তাহাই।

ম্যাক্। পরিচ্ছদে অঙ্গ ঢাকি,
সাহসে অন্তর, সভাগৃহে সম্মিলিত
হইব সকলে।

সকলে। উত্তম মন্ত্রণা।

[ম্যাল্‌কম্ ও ডন্যাল্‌বেন্ ব্যতীত সকলের প্রস্থান]

ম্যাল্। কর্ত্তব্য
কিছু করেছ কি স্থির? মন্ত্রণা ওদের
সাথে সঙ্গত না হবে। যত মিথ্যাচারী
প্রবঞ্চক মিথ্যাশোক অভিনয়ে সহজে
নিপুণ। ইংলণ্ডে পালাব আমি।

ডন্যাল্। আয়র্লণ্ডে
আমি। ভিন্ন স্থানে ভিন্নরূপে অদৃষ্টে
ভুঞ্জিয়া, অধিক নির্বিঘ্নে মোরা রহিব
দুজন। যেথায় করিছি বাস বিষের
আকরে;—হেথা গুপ্ত অসি আছে জেনো
হাসির আড়ালে; রক্তের বন্ধন যার
যত দৃঢ়তর, রক্তলিপ্সা জেনো তার
ততই প্রখর।

ম্যাল্। নরহন্তা ছাড়িল যে
প্রাণান্তক শর, বিদ্ধ নাহি হ'তে তাহে
পালাই সত্বর। অশ্বপৃষ্ঠ করহ
গ্রহণ। বার বার কোলাকোলি, আঁখি

ছল ছল, ফিরে আসা বার বার—যাহা
বিদায়ের চিররীতি, এবে তার নাহি
প্রয়োজন। জীবন রক্ষার যবে নাহি
অন্য পথ, প্রাণ লয়ে পলায়ন, সেই
ত বিধান।

(উভয়ের প্রস্থান)

---

দ্বিতীয় দৃশ্য—ম্যাক্‌বেথের দুর্গ-বহির্দ্দেশ।

রশ্‌ ও জনৈক বৃদ্ধের প্রবেশ।

বৃ। সপ্ততি বর্ষব্যাপী দীর্ঘ ইতিহাস
রয়েছে মুদ্রিত হয়ে স্মৃতিগ্রন্থে মোর
কত অত্যাদ্ভুত সংঘটন, কত না
প্রলয়, সুদীর্ঘ এ কাল-বক্ষে গিয়েছে
বহিয়া। কিন্তু পূর্ব্বতন সংঘটন তুচ্ছ
মনে হয় কল্যকার বিভীষিকা করিয়া
স্মরণ।

র*। তাতঃ দেখ ওই ঊর্দ্ধে নভঃস্থল
মানবের পাপাচারে হয়ে বিক্ষোভিত,
রোষরক্ত-নেত্রে চাহি' ভূমণ্ডলে এই—

মানবের রুধিরাক্ত এই রঙ্গাঙ্গনে—
চাহিছে গ্রাসিতে যেন! কালগণনায়
এবে হইল প্রভাত, তবু কৃষ্ণ তমিস্রা
ওই বিমান-বিহারী ভানুর প্রদীপ-
জ্যোতিঃ দিয়েছে নিভায়ে। দেখিলা কি নিশা-
সতী পূর্ণ পরাক্রম কিম্বা বুঝি দিন-
মণি লাজে মৃয়মান? তাই তিমির
সমাধিতলে বসুধা বিলীন — তাই
অরুণের সঞ্জীবন সুবর্ণ কিরণ
নাহি চুমে পৃথিবীর ভাল।

বৃদ্ধ। কেন অঘটন,
স্বভাবের ব্যতিক্রম রাজহত্যা
সম। দেখিনু সেদিন—কে সোমচর
শ্যেন যবে করিছে বিহার উড়ি' বহু
উর্দ্ধদেশে, মূষিক-অশন এক পেচক
তখন সজোরে আক্রমি' তারে করিল
সংহার।

রস্। আবার শুনুন এক অদ্ভুত
ব্যাপার,—ডাঙ্কেনের অশ্বগণ, ত্বরিত
গমন আর সুরম্য গঠনে যারা
তুলনাবিহীন, হিংস্র অশ্ব সম সবে
হয়ে ক্ষিপ্তপ্রায় ছুটিল সবেগে ধেয়ে,

ভাঙ্গি' অশ্বশালী বন্দীর বশ্যতা নাহি
করিল স্বীকার—যেন করিবে সংগ্রাম
তারা মানবের সনে !

বৃদ্ধা। শুনি পরস্পর,
তারা একে অন্যে চিবাইয়া করিল
আহার।

রশ্‌। হাঁ হাঁ, তাই বটে। স্বচক্ষে দেখি
তাহা হইনু স্তম্ভিত। ওই সদাশয়
ম্যাকডাফ্‌ আসিছেন হেথা।

(ম্যাক্‌ডাফের প্রবেশ।)

কি সংবাদ
মহাশয়।

ম্যাক্‌ডা। কেন, স্বচক্ষে দেখ নি তাহা?

রশ্‌। রাজ-হন্তা মহাপাপী কেবা সেই জন,
পাইলা সন্ধান ?

ম্যাক্‌ডা। ম্যাক্‌বেথের হাতে যারা
হইল নিধন।

রশ্‌। হা অদৃষ্ট, দুঃসময়
ঘোর ! কোন্‌ ফল-লোভে তারা হইল
চালিত ?

ম্যাক্‌ডা। অপরের অস্ত্র সম হইল
চালিত ;—ম্যাল্‌কম্‌ ডন্যালবেন্‌, রাজপুত্র-

দ্বয়, পলাতক এবে ; তাই তাহারাই
পিতৃঘাতী হযেছে সংশয়।

রশ্। স্বভাবের
ঘোর ব্যতিক্রম হেরি যে আবার !
মূঢ় দুরাকাঙ্খা ঘোর অপচয় ! এযে
জীবনের সর্ব্ব-সুখ-শান্তির নিদান
নিজহাতে করিল নিধন ! হয়ত
ম্যাক্‌বেথ্ এই শূন্য সিংহাসন লভিলা
এখন।

ম্যাক্‌ডা। রাজপদে মনোনীত হইলেন
তিনি, আর অভিষেক তরে রাজধানী
অভিমুখে করিলা প্রস্থান

রশ্। ডান্‌কানের
মৃতদেহ কোথায় এখন ?

ম্যাক্‌ডা। সেই পবিত্র
সমাধিভূমে হয়েছে আনীত, যথা
তাঁর পিতৃপিতামহদের পূত অস্থি-
চয় রয়েছে সঞ্চিত।

রশ্। রাজধানী কি যাবেন
আপনি ?

ম্যাক্‌ডা। যাবনা সেথায়। ফাইফ্
অভিমুখে চলিনু এখন।

রশ্‌। যাব আমি

সেথা।

ম্যাক্‌ডা। দেখো, যেন বিঘ্ন বিনা সব কাজ

হয় সমাপন। বিদায় এখন। শঙ্কা

হয়, নূতন শাসন-তন্ত্র শুভকর

নাহি হবে পূর্ব্বতন মত!

রশ্‌। নমস্কার

করি, তাতঃ! বিদায় এখন।

বৃদ্ধ। ঈশ্বরের

শুভাশীষ রোক্‌ তব সাথে, আর হউক

বর্ষণ মস্তকে তাঁদের যাঁরা শত্রুগণে

মিত্র করে, অশুভে কল্যাণ!

(সকলের প্রস্থান)

# তৃতীয় অঙ্ক।

## প্রথম দৃশ্য—ফরিস্ নগরস্থ রাজপ্রাসাদ

ব্যাঙ্কোর প্রবেশ।

ব্যাঙ্কো। হয়েছে আয়ত্ত তব কাম্যবস্তু সব,
গ্লেমিশ্, কদরপতি, নরপতি আর,
একে একে এ সকলি হয়েছ এখন,
ডাকিনীর আশা-বাণী ফলিল সকল!
কিন্তু হতেছে সংশয়, লভিতে এ সব
কত না পাপের খেলা খেলেছ ভীষণ।
ডাকিনীর বাক্য তবু রাখিও স্মরণ,—
তব বংশে সিংহাসন রবে না অটল,
আমি হব আদি-পিতা বহু নৃপতির।
যদি, হে ম্যাক্‌বেথ্, তব ভাগ্যে সত্য হ'ল
ডাকিনী-বচন, যেই আশা-বাণী তারা
শুনালো আমায়, কেন না ফলিবে তাহা
দৈব-বাণী প্রায়?—কেন না পোষিব মনে
আশার প্রেরণা? কিন্তু নহে আর বাক্য
ব্যয়, হইনু নির্বাক্।

[ নেপথ্যে আনন্দসূচক বাদ্য। রাজ-পরিচ্ছদে ম্যাক্‌বেথ্‌, রাণীর বেশে ম্যাক্‌বেথ্‌-পত্নী, লেনক্স, রশ্‌, কতিপয় সম্ভ্রান্তব্যক্তি ও মহিলাগণ এবং পরিচারকগণের প্রবেশ ]

ম্যাক্‌। শ্রেষ্ঠতম অতিথিরে পাইনু হেথায়।

ম্যাক্‌-পত্নী। তাঁহারে ভুলিলে আনন্দ-ভোজন সব
হ'তো অঙ্গহীন,—কিছু মাত্র নাহি হ'তো
সুন্দর শোভন।

ম্যাক্‌। অদ্য রাত্রি রাজকীয়
ভোজোৎসব হবে অনুষ্ঠান, আতিথ্য
গ্রহণে মোরে করুন বাধিত।

ব্যাঙ্কো। যথা ইচ্ছা,
মহারাজ, করুন আদেশ ; নিশ্চয়
আদেশ তব করিব পালন। তব সাথে
দুশ্ছেদ্য কর্ত্তব্য-পাশে চিরবদ্ধ আমি।

ম্যাক্‌। সান্ধ্য ভ্রমণ হ'বে নাকি আজ ?

ব্যাঙ্কো। হাঁ, হবে
মহারাজ।

ম্যাক্‌। করিনু সঙ্কল্প, অদ্যকার
মন্ত্রণা সভায় সাধু উপদেশ তব
করিয়া গ্রহণ গুরুতর রাজকার্য্য
করিব সফল। থাক্‌ তবে, হবে তাহা
কাল। বহুদূর হবে কি ভ্রমণ ?

ব্যাঙ্কো। রাজন,
আসিব ফিরিয়া ঠিক ভোজনের কালে।
তবে শ্রান্ত হলে অশ্ব মোর হতে পারে
দণ্ড দুই রাত।

ম্যাক্। অন্যথা না হয় যেন
আসিতে হেথায়।

ব্যাঙ্কো। হবে না অন্যথা, প্রভো।

ম্যাক্। শুনেছি, সেই পিতৃ-হন্তা ভ্রাতৃদ্বয়
ইংলণ্ডে একতর, আয়র্লণ্ডে আর
লয়েছে আশ্রয়,—তারা পিতৃহত্যা মহা-
পাপ করিয়া গোপন, কল্পনার বলে
আশ্চর্য্য কাহিনী সব করিয়া সৃজন
ভুলায় সবারে। কিন্তু আজ থাক, কাল
এসব, আর অন্যবিধ সমস্যা সকল
হবে আলোচনা। এখন বিদায়। অশ্ব
পৃষ্ঠ করুন গ্রহণ, সুস্থ দেহে আসুন
ফিরিয়া। ফ্লিয়েন্স কি সাথে যাবে?

ব্যাঙ্কো। সেও যাবে,
মহারাজ। আসি তবে, হয়েছে সময়।

ম্যাক্। অশ্বদ্বয় হয় যেন ত্বরিত-গমন,
কভু নাহি হয় যেন স্খলিত-চরণ;

এই শুভ-ইচ্ছা লয়ে অশ্ব-পৃষ্ঠ করুন
গ্রহণ। [ব্যাঙ্কোর প্রস্থান]
সন্ধ্যা অবসানে, সাত ঘটিকায়
ভোজনের কাল। যথাইচ্ছা সে অবধি
কাটান সময়। রহিব নিৰ্জ্জনে এবে;
তাহে অধিক আনন্দ হবে আনন্দ-
মিলনে। থাকুন নির্ব্বিঘ্নে সবে ঈশ্বর-
কৃপায়। [ম্যাক্‌বেথ্‌ ও একজন ভৃত্য ব্যতীত
সকলের প্রস্থান]
শুনে, যা'রে। সেই লোক দুটো
এখনো রয়েছে নাকি, মাগিছে সাক্ষাৎ?

ভৃত্য। প্রভো, প্রাসাদ-দুয়ারে তারা দাঁড়ায়ে এখন।

ম্যাক্‌। নিয়ে আয় তাদেরে। [ভৃত্যের প্রস্থান]
বৃথা, বৃথা
এই রাজত্ব আমার; নির্ব্বিঘ্ন না হলে
যদি সিংহাসন মোর পণ্ডশ্রম শুধু
হেন রাজত্ব গ্রহণ। ব্যাঙ্কো 'পরে শঙ্কা
মোর সর্ব্বক্ষণ ধরি' মরমের স্তরে
স্তরে রয়েছে আঁকড়ি'। মহৎ প্রকৃতি
তাঁর, নৃপতি-সুলভ, নিগূঢ় প্রভাব
কি যে করিয়া বিস্তার আতঙ্কিত করে
সদা সবার অন্তর। দুর্জ্জয় সাহস

তার, সুবুদ্ধি চালিত, নির্ব্বিঘ্নে পৌঁছায়
তাঁরে সিদ্ধির দুয়ারে। যতক্ষণ হেন
জন ধরিবে জীবন, প্রতিক্ষণ ভয়ে
ভয়ে কাটাব জীবন। অন্য আর কোন
জনে না গণি অন্তরে, কিন্তু ব্যাঙ্কোর
প্রভাবে মোর ভাগ্য-লক্ষ্মী সঙ্কুচিত
দারুণ শঙ্কায়। ডাকিনী ভগিনীত্রয়
রাজ-অভিধানে মোরে বন্দিল যখন,
শাসিয়া তাদেরে তিনি করিলা আদেশ,
আপনার ভবিষ্যৎ করিতে বর্ণন।
তাহারা তখন, যেন ভবিষ্যৎ করিয়া
দর্শন, রাজবংশ-পিতা বলি' সম্ভাষিল
তাঁরে, কিন্তু পরাইল শিরে মোর নিষ্ফল
মুকুট, হাতে তুলি' দিল মোরে রাজ-দণ্ড
এই, যাহা বন্ধ্যা নারী সম ভবিষ্যৎ
ফল নাহি করিতে প্রসব, লইবে
ছিনায়ে জোরে নিঃসম্পর্ক কর, মোর
বংশ-ধর কভু পিতৃ-স্বত্বে সিংহাসন
লভিবে না এই। হেন যদি বিধি-লিপি,
তবে কিরে আমি শুধু ব্যাঙ্কোর সন্ততি
তরে নিষ্কলঙ্ক ডাঙ্কেনেরে করিয়া
নিধন কলঙ্কিত করিলাম অন্তরাত্মা

মোর,—অন্তরের শান্তি-ভাণ্ডে ঢালিলাম
অবিশ্রাম হিংসা-হলাহল ? তবে কি
শুধুই সেই ব্যাঙ্কো বংশধরে করিতে
সম্রাট্ মানবের চিরবৈরী দানবের
করে অমর আত্মারে মোর দিলেম
সঁপিয়া ? তার চেয়ে, হে অদৃষ্ট, সম্মুখ
সমরে প্রতিদ্বন্দ্বীরূপে প্রের ধ্বংসের
জঠরে !—কে তুমি ?

[ দুইজন হত্যাকারী সহ ভৃত্যের পুনঃ প্রবেশ ]

থাক্ গিয়ে দ্বার পাশে,
আবশ্যক মত ডাকিব এখন। [ ভৃত্যের প্রস্থান ]
তোমাদের সাথে, আলোচনা হ'ল—কাল
নয় ?

১ম হত্যা। তাই, মহারাজ।

ম্যাক্। তা'হলে দেখেছিনু
যাহা দেখেছ ভাবিয়া ? এত কাল ভাগ্যের
নিগ্রহ এই তোমাদের 'পরে—স্বরূপ
কারণ তার জানিবে তাহারে, শুধু
ভ্রান্তিবশে দুর্ভাগ্যের হেতু বলি' ভেবেছ
আমায় ; সম্পূর্ণ নির্দ্দোষ মোরে জানিবে
নিশ্চয়। নিঃসংশয় করেছি প্রমাণ
কোন্ জন মিথ্যা আশে করিয়া রক্ষিত

যন্ত্রসম তোমাদেরে করেছে চালিত।
তাই, যেবা অর্দ্ধ জড়প্রায়, কিম্বা
বিকৃত-মস্তক, সেও এবে কহিবে
নিশ্চয়,—'ব্যাঙ্কোর চাতুরী খেলা এ সব
ব্যাপার।'

১ম হত্যা। এ সকলি বলিলা, রাজন্।

ম্যাক্। আরও অনেক কথা বলেছি তোদেরে;
তাহারি মীমাংসা লাগি' মিলেছি এখন।
ধৈর্য্য কিহে তোমাদের এতই অটল?
সহিবে এ নির্য্যাতন রহিয়ে নিশ্চল?
ধর্ম্মজ্ঞান তোমাদের এতই প্রবল,
মাগিবে মঙ্গল এই পাষণ্ডের আর
তার সন্ততির লাগি'? যাইবে কি ভুলি'
এই নিষ্ঠুর দুর্জ্জন কঠিন আঘাতে
ধূলিসাৎ করি দিল জীবন তোদের
প্রিয়জনে করি দিল পথের ভিখারী?

১ম হত্যা। হে রাজন্, আমরা মানুষ বটি।

ম্যাক্। নামেতে
মানুষ বট, মানুষের তালিকায়
রয়েছ নিশ্চয়; কিন্তু, প্রকৃতির দত্ত
যত রূপ গুণ ভেদে কুকুরের আছে
যথা বহু শ্রেণীভেদ,—শিকারী কুকুর

'কেহ, কেহ গৃহ-সংরক্ষক, দীর্ঘকেশ
কেহ, কেহ অৰ্দ্ধব্যাঘ্রাকার, দ্রুতগতি
কেহ, কেহ মন্থর-গমন,—তেমনি
মানুষ মাঝে রয়েছে বিভাগ। মানব
সমাজে নহ যদি হেয়তম, বল তা'
খুলিয়া। নিঃসন্দেহ তবে হেন কার্য্যভার
করিব অর্পণ, সাফল্যে যাহার শত্রু-
হীন হবে তুমে, প্রীতিপাশে বাঁধিবে
আমায়। যতক্ষণ সেই জন ধরিবে
জীবন, চিররুগ্ন সম আমি বহিব
জীবন: শুধু মরণে তাহার হব
নিরাময়।

২য় হত্যা। হে রাজন, নিষ্ঠুর সংসার
কঠিন প্রহারে যারে করিল উন্মাদ
আমি সেই জন। তাই সংসার-বিদ্বেষ
ঋণ করিবারে শোধ, নাইক অকর্ম্ম
কিম্বা অসাধ্য আমার।

১ম হত্যা। আর কেহ
জন, যেবা আজীবন অদৃষ্টের সাথে
যুঝি' ক্লান্ত পরিক্ষীণ। তাই প্রাণ রাখি'
পণ সাধিব সে কাজ যাহে জীবন
সফল হবে, কিম্বা লভিয়া মরণ
জীবনের জ্বালা সব করিব মোচন।

ম্যাক্। তবে ব্যাঙ্কো পরম শত্রু জেনেছ
এখন।

উভয় হত্যা। নিশ্চয় জেনেছি, প্রভো।

ম্যাক্। আমারো
পরম শত্রু জান সেই জন। প্রাণান্তক
অস্ত্রসম রয়েছে দাঁড়ায়ে সে যে অতি
সন্নিকট ;—তাই ভয় সর্ব্বক্ষণ, কখন
সে অস্ত্রমুখে বক্ষের শোণিত মোর
করিবেক পান। অসঙ্কোচে স্বীয় শক্তি
করিয়া প্রয়োগ, দৃষ্টিসীমা হতে তারে
করিতাম দূর ; আর, রাজকার্য ইচ্ছা
বলে রাজ-কার্য্য সমর্থন হত না
কঠিন। কিন্তু ধরিব না এই পথ ;
তাহে উভয়ের বন্ধু জন উঠাইবে
আর্ত্তনাদ হত জন লাগি'। বন্ধুদের
স্নেহডোর চাহি না ছিঁড়িতে, তাই মাগিছি
সাহায্য, জেনো, তোমাদের পাশে। আছে আরো
গুরুতর বিবিধ কারণ, যাহে চাহি
সাধিবারে কাজ অতি সঙ্গোপনে।

২য় হত্যা। সম্পন্ন করিব, প্রভো, রাজাদেশ সব।

১ম হত্যা। যদ্যপি জীবন—

ম্যাক্‌। দুর্জ্জয় পৌরুষ তব
হতেছে প্রকাশ ওই দৃষ্টির আলোকে।
দণ্ডেক অপেক্ষা কর, বলি' দিব ঠিক
তোমরা দাঁড়াবে কোথা, কোন্ শুভ ক্ষণে
সাধিবে এ কাজ। প্রাসাদের কিয়দ্দূরে
এই রাত্রি মাঝে কার্য্য-সিদ্ধি করিবে
নিশ্চয়। সদা রেখ মনে, কলঙ্কের লেশ
যেন স্পর্শে না আমায়। কর অবধান
ব্যাঙ্কোর সে পুত্রটিও আছে তার সাথে
সেও এই আঁধার নিশায় ঘাতকের
অসি বুকে করিয়া ধারণ দারুণ
অদৃষ্ট-লিপি পুরাবে তাহার। ভুলো না
কখন, উভয়ের অন্তর্ধান তুল্য
প্রয়োজন। হেন ভাবে কার্য্য যদি হয়
সম্পাদন, রহিবে না কোন ত্রুটি
অপূর্ণতা আর, নিষ্কণ্টক হইব
সবাই। এবে নিজ মনে ভাবি সব
নিজ নিজ সঙ্কল্পেরে করহ অটল।
দেখা হবে এখনি আবার।

উভয় হন্তা। অটল
হয়েছে, প্রভো, সঙ্কল্প মোদের।

ম্যাক্‌। অনে-

এখনি সাক্ষাৎ হবে, থাক ওই কক্ষের
ভিতর। [ হত্যাকারীদের প্রস্থান ]
ওহে ব্যাঙ্কো, অন্তরাত্রি না হতে
প্রভাতে, আত্মা তব সুরলোকে করিবে
প্রস্থান, স্বর্গলাভ থাকে যদি অদৃষ্টে
তোমার! [ প্রস্থান ]

---

দ্বিতীয় দৃশ্য—রাজ-প্রাসাদের অপরাংশ।

ম্যাকবেথ-পত্নী ও ভৃত্যের প্রবেশ।

ম্যাক্-পত্নী। ব্যাঙ্কো কি চলে গেছেন রাজ-সভা থেকে?
ভৃত্য। হাঁ দেবি। কিন্তু আবার এ রাত্রিকালে
আসিবেন ফিরে'।
ম্যাক্-পত্নী। বল গে' রাজারে, আছে
নিবেদন মোর, ক্ষণেকের লাগি' মাগিছি
সাক্ষাৎ।
ভৃত্য। যথা আজ্ঞা, মহারাণী। [ প্রস্থান ]
ম্যাক্-পত্নী। এবে মোর
অপচয়,—শান্তিহীন কাম্য লাভ লাভ
কিছু নয়। ভয়ের পাষাণ ভার বহি'
সর্ব্বক্ষণ, হত্যা-লব্ধ সম্ভোগের বিষ

আস্বাদন—সে কি বাঞ্ছিত জীবন ? তার
চেয়ে শ্রেয়তর, হন্তার করাল হস্তে
নিশ্চিন্ত মরণ।

[ ম্যাক্‌বেথের প্রবেশ ]

হে মোর স্বামিন, কেন
হেন ভাব ? কেন হে নির্জ্জনে রহি' ভীষণ
কল্পনা সাথে করিতেছ বাস, ভীষণ
ভাবনা সব করিছ পোষণ ? হত্যার
চিন্তন নিহতের সাথে সাথে হইবে
বিলীন। চিন্তনীয় নহে যার নাহি
প্রতিকার ; করেছ যে কাজ হয়ে গেছে
শেষ, ফিরিবে না আর।

ম্যাক্। আহত করেছি
শুধু বিষধরে এই, কিন্তু হরি নাই
প্রাণ ; ক্ষত-মুখ যুক্ত হয়ে' নিজ মূর্ত্তি
ধরিবে আবার। বিষদন্ত ভয়ে তার
ধরিব জীবন মোরা পুড়িয়া হিংসায়।
প্রত্যহ নিশীথে হেন ভীষণ স্বপন,
কম্পিত হৃদয় লয়ে কণ্টক শয়ন,
শঙ্কিত অন্তরে সদা অশন বসন,—
ভুঞ্জিতে হইবে যদি এহেন জীবন,
তার আগে চূর্ণ হয়ে যাক্ রসাতল

স্বর্গ-মর্ত্ত চরাচর, ব্রহ্মাণ্ড সকল।
দুশ্চিন্তার বহ্নিদাহে করিয়া শয়ন
নিদারুণ যাতনায় চিত্তের দহন,—
তার চেয়ে শ্রেয়তর মৃত্যুর আরাম
নিহতের সাথে, যাঁহারে, শান্তির আশে,
করেছি প্রেরণ সেই চিরশান্তি ধামে।
চঞ্চল জীবন-তাপ করি' অতিক্রম
ডাকেন্ সুষুপ্ত এবে সমাধি-শয়নে ;—
বিদ্রোহের হস্ত তাঁরে পাবে না লাগাল,
বহিঃশত্রু, অন্তঃশত্রু, বিষ, অস্ত্রাঘাত,
কিছুতেই আর নাহি স্পর্শিবে তাঁহায়।

ম্যাক্-পত্নী। চল, হে রাজন্। মুখের বিকৃত ভাব
মুছি' দাও সব ; শুভ্রহাসি অধরেতে,
আনন্দচঞ্চল, বিচরিবে রজনীর
অতিথিমণ্ডলে।

ম্যাক্। তাই হবে, প্রিয়ে। ধর
নিজে অনুরূপ ভাব। সাদর সম্ভাষে
আর সহাস্য নয়নে ব্যাঙ্কোরে তুষিতে,
দেখো, ভুলোনা কখন। সঙ্কটবেষ্টিত
মোরা রহি যতক্ষণ, সহিতে হইবে
হেন তীব্র অপমান ;—চাটুল বাক্যের
হের পঙ্কিল প্রবাহে রাজকীয় মান

সব হবে পরিম্লান ;—কৃত্রিম মুখস্‌
সম হাস্যোজ্জ্বল মুখে আবরিতে হবে
গূঢ় অন্তরের ভাব।

ম্যাক-পত্নী। ছাড় এবে, ছাড
হেন ভাব।

ম্যাক। ওহোঃ, প্রেয়সী আমার! যেন
মস্তকেতে মোর অসংখ্য বৃশ্চিক মিলি'
করিছে দংশন। জাননা কি ব্যাঙ্কো সেঃ
পুত্র সহ ধরিছে জীবন ?

ম্যাক পত্নী। কিন্তু, জানি
প্রকৃতির দাস ওরা, নহে ত অমর,—
পায় নাই চিরন্তন জীবনের ম্যাদ।

ম্যাক্। ওরা অস্ত্রচ্ছেদ্য দেহ ধরে, ভরসাও
সেই। হও তবে প্রফুল্ল-অন্তর। বিজন
মন্দির ঘেরি' বাদুড়ের আনাগোনা
নাহি হতে শেষ, কৃষ্ণকায়া ডাকিনীর
ভৈরব আহ্বানে কণ্টকিতপক্ষ সেই
গোবরের কীট ঘুম-পাড়া গান নাহি
করিতে গুঞ্জন,—কেহ নাহি করিতে
শ্রবণ নিদ্রাকাল ঝিল্লীরোল, ভীম
বিজৃম্ভণ, আজি ভয়াবহ কাণ্ড এক
হবে সংঘটন।

ম্যাক্‌-পত্নী। কিবা সংঘটন?

ম্যাক্‌। প্রিয়ে,
নাহি কাজ শুনি' এবে। কার্য্যসিদ্ধি হোক্
আগে, জানিবে সকল আর প্রশংসিবে
মোরে। আয়, অন্ধকার নিশি! অন্ধ করি'
চরাচর;—দিবার করুণ নেত্র বন্ধ
করি' দিয়া আয় তিমির বসনে। তোর
শোণিতরঞ্জিত হস্ত অতি সঙ্গোপনে
ব্যাঙ্কোর জীবন-গ্রন্থি টুটিয়া এখন
বন্ধ মুক্ত করি' দিক্ জীবন আমার।
ওই ঘনাইছে অন্ধকার, বায়স
এখন লভিতে কুলায় ধায় অরণ্য
আবাসে; দিবসের পুণ্য সব পড়িছে
ঢুইয়া ধীরে ঘুমের আবেশে, যত
কৃষ্ণকায় নিশাচর শয়ন তেয়াগি'
শিকার সন্ধানে ওই চলেছে এখন।
বাক্য মোর বিহ্বলিত করিছে তোমায়,—
হয়ো না অধীর। পাপেতে আরম্ভ যার,
মুক্তি তার পাপে। তবে, চল, প্রিয়ে, মোর
সাথে। [ প্রস্থান ]

## তৃতীয় দৃশ্য—প্রাসাদসন্নিকটস্থ উদ্যান।

হত্যাকারিত্রয়ের প্রবেশ।

১ম হত্যা। কিন্তু কাহার আদেশে তুমি আসিলে
হেথায় ?

৩য় হত্যা। ম্যাক্‌বেথের।

২য় হত্যা। কোন্ কাজ কোন্ ভাবে
হবে সম্পাদন, ঠিক ঠিক উপদেশ
করেছে বহন। অবিশ্বাস্য নহে এই
জন।

১ম হত্যা। তবে দাঁড়াও মোদের সাথে। পশ্চিম
দিগন্তে ওই দিনান্তের ক্ষীণালোক
যেতেছে মিলায়ে; পৌঁছিতে পান্থাবাস
আঁধারের আগে বিলম্বিত পান্থজন
ছুটিছে সবেগে; আর, যার লাগি দিতেছি
প্রহরা সেও এবে এলো সন্নিকট।

৩য় হত্যা। শোন, ঐ ঘোটকের পদধ্বনি।

ব্যাঙ্কো। [নেপথ্যে] কে আছ,
আলো নিয়ে এস।

২য় হত্যা। নিশ্চয় সে জন। আর
আর নিমন্ত্রিত সবাই পৌঁছেছেন
রাজার ভবনে।

১ম হত্যা। অন্য পথে চলে গেছে
অশ্ব দুটি তার।

৩য় হত্যা। অর্দ্ধ ক্রোশ সেই পথ ;
তাই ইনি, আর অন্য সবে হেথা হতে
হেঁটে যান প্রাসাদ দুয়ারে।

২য় হত্যা। ঐ, ঐ আলো দেখা যাচ্ছে।

[ ব্যাঙ্কো ও মশাল হস্তে ফ্লিয়েন্সের প্রবেশ ]

৩য় হত্যা। ইনিই বটেন।

১ম হত্যা। দেখো, সাবধান! হাত ছাড়া না হয়।

ব্যাঙ্কো। অদ্য রাত্রি বর্ষণ হবে।

১ম হত্যা। তবে এখনি বর্ষণ হউক।

[ হত্যাকারিগণের ব্যাঙ্কোকে আক্রমণ ও উপর্য্যুপরি ছুরিকাঘাত ]

ব্যাঙ্কো। ওহোঃ, বিশ্বাসঘাতকতা! পালা, ফ্লিয়েন্স, সত্বর পালা;
পালিয়ে প্রতিশোধ ল'।

[ ব্যাঙ্কোর মৃত্যু। ফ্লিয়েন্সের পলায়ন ]

৩য় হত্যা। কে আলোটা নিবিয়ে দিলে ?

১ম হত্যা। সে ত ঠিকই হয়েছে, না ?

৩য় হত্যা। একটা নিপাত হলো ; ছেলেটা পালালো।

২য় হত্যা। আর আমাদের কাজের প্রধান অংশটা ফস্কিয়ে দিলে।

১ম হত্যা। চল তবে, পালাই, আর যদ্দূর হয়েছে তাই
জানাই গে'। [ সকলের প্রস্থান ]

## চতুর্থ দৃশ্য—প্রাসাদের বৃহৎ প্রকোষ্ঠ।

[ ভোজ্যদ্রব্য সুসজ্জিত। ম্যাক্‌বেথ্, ম্যাক্‌বেথ্-পত্নী, রস্,
লেনক্স, ভূস্বামিগণ ও পরিচারকগণের প্রবেশ ]

ম্যাক্। যার যার যোগ্যাসনে বসুন সবাই।
মোর আন্তরিক সম্ভাষণ জনে জনে
করুন গ্রহণ।

ভূস্বা। ধন্যবাদ, মহারাজ।

ম্যাক্। মহোদয় সবে অতিথি আমার; তাই
মিশিয়া সবার সাথে আতিথ্য-কর্ত্তব্য
মোর পালিব এখন। মহারাণী এবে
সিংহাসন করুন গ্রহণ, যথাকালে
আদর সম্ভাষে তিনি তুষিবেন সবে।

ম্যাক্-পত্নী। রাজন্, বন্ধুগণে মোর অন্তরের
সম্ভাষণ করুন্ জ্ঞাপন।

[ ১ম হত্যাকারীর দ্বারসম্মুখে আগমন ]

ম্যাক্। দেখ, রাণী,
বন্ধুগণ হৃদয়ের কৃতজ্ঞতা করিলা
প্রদান। সমভাগে দুই পাশে বসিলা
সবাই, হেথায় বসিব আমি সবাকার
মাঝে। অবাধ প্রমোদস্রোত বহে
এখন; এখনি মদিরা পান করিব।

সবাই, পরস্পর স্বাস্থ্য-সুখ করিয়া
কামনা। [দরজার পাশে আসিয়া হত্যাকারীর প্রতি]
মুখে ওকি রক্তচিহ্ন রয়েছে
তোমার।

হত্যাকারী। তবে ব্যাঙ্কোর শোণিত উহা
জানুন নিশ্চয়।

ম্যাক্। রক্তচিহ্ন মুখে লয়ে
আসিলে এখন? তবু ভাল যে এ
সশরীর ব্যাঙ্কো নাহি আসিল হেথায়।
করেছ ওপার তারে? কহ সত্য কথা।

হত্যাকারী। দ্বিখণ্ডিত গ্রীবাদেশ তার রাজন্,
এই হাতে সাধিনু একাজ।

ম্যাক্। শ্রেষ্ঠতম
হন্তা তুমি নরহন্তৃকুলে। আর, ফ্লিয়েন্সে
বধিল যেবা সেও শ্রেষ্ঠনর। তাও
যদি করে থাক, তুমি উপমা-রহিত।

হত্যাকারী। মহারাজ, পালালো সে জন।

ম্যাক্। তবে ব্যাধি
মোর ফিরিল আবার; নতুবা হতেম
আমি সম্পূর্ণ নীরোগ,—মর্ম্মর শৈলের
মত স্থির হইতাম, সর্ব্বত্র বায়ুর
সম [illegible], মুক্ত সমীর সম

অ বাধ স্বাধীন। কিন্তু এবে পরাধীন
চিরবন্দীপ্রায় সংকীর্ণ এ কারাগৃহে
কাটাব জীবন ;—এবে দুর্জ্জয় সংশয়
আর ভীতির শৃঙ্খল অন্তর বাহির
মোর করিবে পীড়ন।—তবে. ব্যাঙ্কো হতে
নিষ্কণ্টক হলেম এখন ?

হত্যাকা। নিশ্চয়
রাজন্‌। নিশ্চিন্ত ঘুমায় সে যে নর্দ্দামায়
পড়ি', বিংশতি গভীর ক্ষত শিরে লয়ে
তার। ক্ষুদ্রতম ক্ষত যেটি, ঘটাইবে
মৃত্যু তাহে নর মানবের।

ম্যাক্‌। ধন্যবাদ
মোর। প্রবীন ভুজঙ্গ এবে হইল
নিপাত ; পলায়িত সর্প-শিশু, জানি,
কালক্রমে উগারিবে হলাহল নিজ
স্বভাবের বশে, কিন্তু এবে অনুদগত
বিষদন্ত তার। করহ প্রস্থান, কল্য
আর হবে আলোচনা। [ হত্যাকারীর প্রস্থান ]

ম্যাক্‌-পত্নী। অভ্যাগতগণে
যথাযোগ্য অভ্যর্থনা করনি, রাজন্‌।
আদর-প্রাচুর্য্যহীন ভোজন ব্যাপার—
সেত অর্থক্রীত আহার্য্যের প্রায়। নিজ

ঘরে বসি' হয় উদর পূরণ; কিন্তু
সাদর শিষ্টতা আর প্রীতি-সম্ভাষণ
আতিথ্য-সৎকারে করে মাধুর্য্য প্রদান।
আদর সম্ভাষহীন বন্ধুসম্মিলন,—
সে তো ব্যর্থতা কেবল।

ম্যাক্। প্রিয়তমে, বিস্মৃত
কর্ত্তব্য মোর করালে স্মরণ। আহারে
প্রবৃত্তি হোক্, আহার্য্য সুপাচ্য হোক্,
পুষ্টিলাভ করুন সবাই।

লেন্। কৃপা করি,'
মহারাজ, বসুন আপনি।

[ ব্যাঙ্কোর প্রেতাত্মার প্রবেশ ও ম্যাক্‌বেথের নির্দ্দিষ্ট আসনে উপবেশন ]

ম্যাক্। সদাশয়
ব্যাঙ্কো এবে রহিলে হেথায়, দেশের
গৌরব যত মহাত্মা সঙ্গমে হইত
পবিত্র কত এ মোর ভবন। দৈববশে
এ ঘটনা নহে ত সম্ভব; বরঞ্চ
হতেছে প্রত্যয়, স্বেচ্ছাকৃত এ নির্দ্দয়
ব্যবহার তাঁর।

রশ্। উপেক্ষিয়া রাজাদেশ
প্রতিজ্ঞা-লঙ্ঘন পাপে অপরাধী তিনি।

সঙ্গদানে চরিতার্থ করুন, রাজন্!
রাজাসন করুন গ্রহণ।

ম্যাক্‌। শূন্যাসন
নাহি আর, পূর্ণ দেখি সব।

লেন্‌! ঐ যে রয়েছে
তব নির্দ্দিষ্ট আসন।

ম্যাক্‌। কোথায়?

লেন্‌। হেথা,
মহারাজ। কিবা হেতু হলেন উন্মনা!

ম্যাক। কে তোমরা হেন কাণ্ড ঘটালে এখন?

ভূপগণ। কোন্ কাণ্ড বলিছ, রাজন্?

ম্যাক্‌। মোর কৃত
কার্য্য এই নারিবে কহিতে। মোর পানে
চাহি' রুধিরাক্ত কেশগুচ্ছ করোনা
কম্পন।

রস। ভদ্রগণ, উঠুন সকলে।
মহারাজ অসুস্থ এখন।

ম্যাক্-পত্নী। সজ্জনবৃন্দ
বন্ধুগণ, বসুন সবাই। যৌবন-
প্রারম্ভ হতে মাঝে মাঝে হেন ভাব
হয়ে থাকে তাঁর। রাখুন মিনতি, বসুন
সবাই। ক্ষণকাল রবে হেন ভাব,

সুস্থদেহ হবেন এখনি। লক্ষ্য নাহি
করো তাঁরে, নতু হবেন উত্যক্ত আর
অসুস্থতা বাড়িবে কেবল। ভোজনে
প্রবৃত্ত হোন্ ভুলিয়া তাঁহারে।
[ ম্যাক্‌বেথের প্রতি ] নহকি
মানুষ তুমি?

ম্যাক্‌বেথ। নিশ্চয় মনুষ্য বটি
সাহসী নির্ভীক, তাই অচঞ্চল নেত্রে
যাহা নিরখি এখন আতঙ্কে হরিবে
প্রাণ দৈত্যদানবের।

ম্যাক্‌বেথ-পত্নী। চমৎকার বাক্য
সব, মূঢ়ের প্রলাপ! এ সকল শুধু
ভব ভীতির সৃজন—সেই ভয়ের
কল্পনা-চিত্র যাহা, বলিলে সেদিন,
মিথ্যা অসি শূন্য' পারে করি নিষ্কোষিত
ডাঙ্কেনের পার্শ্বে তোমা' করিল চালিত।
হেন শঙ্কিত বচন, এই চকিত
কম্পন,—অমূলক আতঙ্কের বঞ্চনা
কেবল। এ যে শুধু শোভা পায় অবলার
মুখে, হিম-সন্ধ্যা-অবসরে আরামের
কালে দিদিমার মুখে শোনা উপকথা-
স্থলে। ছিছি! এ যে নির্লজ্জতা মূর্তিমতী!

মুখের এ বিকৃত ভঙ্গি বল কি কারণ ?
স্থূল কথা এই—রয়েছ চাহিয়া যাহে
শুধু কাষ্ঠাসন।

ম্যাক্‌। মিনতি করি, ঐ দেখ,
ঐ দেখ, ঐ দেখ চাহি'। কি বল এখন ?
হাঁরে, আমি কি ডরাই কিছু, গ [illegible] কোন
ভয় ? তুই শির-সঞ্চালনপটু, কর
দেখি রসনা চালন। সমাধি-মন্দির
আর গোর-স্থান যদি প্রোথিত মানব-
দেহ ফেলে উগারিয়া, তবে গৃধ্রের
জঠর যোগ্যতর স্মৃতিস্তম্ভ হইবে
মোদের। [ প্রেতাত্মার অন্তর্ধান ]

ম্যাক্‌-পত্নী। একি, পুরুষত্ব হারাইলে
মূঢ়তার বশে ?

ম্যাক্‌। রয়েছি দাঁড়ায়ে হেথা,
যদি সত্য হয়, প্রত্যক্ষ দেখিছি তারে
মিথ্যা নয় কভু।

ম্যাক্‌-পত্নী। কি লজ্জা ! ধিক্‌ তব।

ম্যাক্‌। যবে লোক-হিতকর বিচিত্র বিধান
পবিত্র সমাজ-বন্ধে বাঁধে নি মানবে,—
সেই সুদূর অতীতে মানব-শোণিতে
ধরা হয়েছে রঞ্জিত ;—তার পর আরো

বহুতর নর-হত্যা, প্রকৃতি-ভীতি কর,
হলো সংঘটিত। এত কাল ধরি' চূর্ণিত
মস্তক যেই হ'ত একবার, অমনি
মরিত নর, ফুরাইত সব। কিন্তু
একালেতে যত হত নর বিংশতি
করাল ক্ষত বহি শির'পরে সমাধির
গর্ভ হতে করিয়া উত্থান, স্থান-ভ্রষ্ট
করি' দেয় জীবন্ত মানবে। এসব
ব্যাপার হত্যা হতে শত গুণে আশ্চর্য্য
অধিক।

ম্যাক্-পত্নী। প্রভো মোর, নরোত্তম! তব
সঙ্গপ্রার্থী বন্ধুগণ রয়েছেন বসি'।

ম্যাক্ আত্মবিস্মৃত আমি। প্রিয়তম মিত্রগণ,
হয়ো না বিস্মিত। এযে অপরূপ ব্যাধি
মোর; সবিশেষ জানে যারা করেনাকো
ভয়। হৃদয়ের প্রীতি মোর করুন
গ্রহণ, সুস্থকায় হো'ন্ সবে; বসিনু
এখন। ভরি'দাও পান-পাত্র, করি
মদ্যপান সমাগত বন্ধুদের শুভ
কামনায়, আর মোর বন্ধুবর ব্যাঙ্কোর
উদ্দেশে। নারিনু ভুলিতে আমি তাঁহার
অভাব;—তিনি রহিলে হেথায় কতনা

আনন্দ হ'তো। কতই তৃষিত আমি
করিবারে পান, তাঁর আর সবাকার
কল্যাণের তরে। সর্ব্বাঙ্গ কুশল তোক্
বন্ধুদের মোর। [ মদ্য পান ]

লর্ড্গণ। রাজকীয় শুভ ইচ্ছা,
করিয়া গ্রহণ অন্তরের [illegible]
করি নিবেদন। [ [illegible] হইতে
পান-পাত্র লইয়া প্রত্যেক [illegible] পান ]

[ প্রেতাত্মার পুনঃ প্রবেশ ]

ম্যাক্। দূর্ হ সত্বর, মোর
দৃষ্টিসীমা হতে! রাখুক [illegible] তোরে
বসুন্ধরা এই! অস্থি তোর মজ্জাহীন,
রক্তে তোর নাহিক উত্তাপ: জ্যোতিঃশূন্য
চক্ষুর্দ্বয় পলকবিহীন,—মৃতকল্প
শূন্যদৃষ্টি রয়েছিস্ চাহি!

ম্যাক্-পত্নী। মাননীয়
ভদ্রগণ, জানুন সবাই—এ নহে
নূতন কিছু, এযে অভ্যস্ত ব্যাপার। তবে
আনন্দপ্রবাহে এবে ঘটিল প্রমাদ,
তাই হতেছে শোচনা।

ম্যাক্। মানুষের সাধ্য
যাহা সাধ্য মোর সব। তুই আয় ওরে,

বন্ধুর-চর্ম্মা ভল্লুক আকারে, দুর্ভেদ্য
স্থূল-চর্ম্মা গণ্ডারের দেহে, রক্তলিপ্সু
ভীমকায় শার্দ্দূলের বেশে, কিম্বা যথা
ইচ্ছা মূর্ত্তি ধরি' হ'য়ে অগ্রসর,—শুধু
ছাড় এই বিকট আকার ; অটল
সাহস তবে টলিবে না মোর। কিম্বা
জীবন্ত মানব হ'য়ে, ধরি' তরবার
নির্জ্জন মরুতে আর যুঝিতে আমায়।
যদ্যপি তখন আমি ভয়ে কম্পমান
গৃহকোণে লই গো আশ্রয়, বালিকার
ক্ষুদ্র-শিশু বলিস আমায়। দূর হ'রে
ছায়াকৃতি বিভীষিকা তুই! মানবের
ব্যঙ্গচ্ছবি, অলীক ছলনা, পালারে
সত্বর। [ প্রেতাত্মার অন্তর্ধান ]
হাঁ, পালালো এখন ; তাই সকল
পৌরুষ মোর ফিরিল আবার। অনুনয়
করি, স্থির হয়ে বসুন সবাই।

ম্যাক্-পত্নী। তব
অপরূপ ব্যবহারে লণ্ডভণ্ড করি'
দিলে সুখ-সম্মিলন, আনন্দের লেশ*
নাহি রহিল তাহায়। শিষ্টের ব্যাভার
তব, তুলনা-রহিত !

ম্যাক্‌। বসন্তের
নীলাকাশে মেঘোদয় সম হেন
অঘটন এবে হ'লো সংঘটিত—
তাহা স্বচক্ষে প্রত্যক্ষ করি, দারুণ
বিস্ময়ে নাহি হইব বিহ্বল? এ'ও
কি সম্ভব? ভাবি তাই হতবুদ্ধি
প্রায়, যেই দৃশ্য ভীতিবশে রক্ত শূন্য
করি দিল গণ্ডদেশ মোর, তাহে আর
সবাকার কপোলের রক্ত আভা রহিল
অম্লান!

রশ্‌। কোন্‌ দৃশ্য বলিছ, রাজন্‌?

ম্যাক্‌-পত্নী। রাখুন মিনতি, কিছুনা জিজ্ঞাস তাঁরে।
অধিক অসুস্থ তিনি হতেছেন ওই,
বিকার বাড়িবে আরো শুধাইলে তাঁয়।
এখন বিদায়। এবে সৌজন্যের নাহি
অবসর, একি সাথে করুন প্রস্থান।

লেন্‌। নমস্কার। মহারাজ সুস্থ হো'ন্‌।

ম্যাক্‌-পত্নী। প্রতি
জনে নমস্কার মোর।

[ ম্যাক্‌বেথ্‌ ও তৎপত্নী ব্যতীত সকলের প্রস্থান ]

ম্যাক্‌। শোণিতে লালসা
তার। রয়েছে প্রবাদ,—নিহতের আত্মা

চাহে হন্তার শোণিত ;—পাষাণের গতি
ছিল, পাদপের ভাষা, দৈবজ্ঞ করিত
গুপ্ত হন্তার সন্ধান দয়েল বায়স
আদি বাহ্য উপচারে কার্য্যকারণসূত্র
করিয়া নির্ণয়। কত রাত্রি হ'লো ?

ম্যাক-পত্নী। এবে
রাত্রি কিম্বা দিন নহে ত নির্ণীত ;—যেন
নিশা আর প্রত্যূষেতে সময়ের ভাগ
নিয়ে চলেছে সংগ্রাম।

ম্যাক্। ম্যাক্‌ডাফ্ আজ্ঞা
মোর করিল লঙ্ঘন! কি কারণ কর
অনুমান ?

ম্যাক্-পত্নী। গেছে নাকি কেহ তার করিতে
সন্ধান ?

ম্যাক্। পরস্পর পেয়েছি সংবাদ,
কিন্তু এখনি পাঠাব দূত। নাহি হেন
জন যার ঘরে গুপ্তচর রহে নাই
মোর। কল্য প্রাতে ডাকিনী ভগিনীগণে
ভেটিব আবার, আবার শুনাবে ওরা
ভবিষ্যৎ মোর। করেছি সংকল্প এই,
হোক্‌না ঘৃণিত পথে—জানিব নিশ্চিত
কিবা অদৃষ্ট আমার, শুভাশুভ নাহি

গণি'তার। স্বার্থসিদ্ধিপথে মোর
রাখিব না কোন অন্তরায়,—অপর
সকলে উদ্দেশ্যসাধনে মোর হইবে
উপায়। আমি বহুদূর অগ্রসর
শোণিতের পথে, এবে পশ্চাৎ গমন
হবেনা সহজ। তাই সাঁতারিয়া রক্ত-
স্রোতঃ পরপারে হব উপনীত। ভীষণ
সঙ্কল্প কত রয়েছে গোপন এই
মস্তিষ্কে আমার; না পেতে সন্ধান কেহ
হস্তের কৌশলে তাহা করিব সফল।

ম্যাক্-পত্নী। সুনিদ্রার প্রয়োজন তব; নিদ্রা
শ্রান্তিহরা, সর্ব্বজীবপ্রবাহের
জীবন-পোষক।

ম্যাক্। করিগে শয়ন।
পাপ পথে এই মাত্র হইনু বাহির;
তাই দারুণ শঙ্কায় হেন বিহ্বলিল
মোরে, ভ্রান্ত আঁখি দেখাইল অদ্ভুত-
দর্শন। অভ্যস্ত হইলে তাহে ভীতিলেশ
রহিবে না আর। তরুণ শিক্ষার্থী মোরা
পাপ-ব্যবসায়ে।

[উভয়ের প্রস্থান]

## পঞ্চম দৃশ্য—বৃক্ষলতাবিহীন প্রান্তর।

বজ্রনাদ। প্রধানা ডাকিনী আসীনা। ডাকিনীত্রয়ের
প্রবেশ ও প্রধানার সঙ্গে সাক্ষাৎ।

১ম-ডা। কটমটে দিষ্টি হেনে
বুড়ো ডাইনী, চাচ্চিস্ কেনে?
প্রধান-ডা। কেন চটি জানিস্ না কি,
ঠেটা মাগী, ছ্যাব্লা ঘাগী?
সাহস তোদের এম্নি বাড়া,
ঘাড়ের খুঁটি এম্নি খাড়া?
সাথে করে ম্যাক্‌বেথেরে
মজাদারী কল্লে কেটা?
হেঁয়াল্ খেয়াল, মারা কাটা
ব্যেব্‌সা খুলে খেল্লে কেটা?
টোটা কোঁটা, মন্তর পড়া
কোথেকে লো শিখ্‌লি তোরা?
আমি চুপে চুপে তফাৎ থাকি'
(বড) ধরা মারা করে থাকি,
তা'কি জানতে তোদের আছে বাকি?
এম্নি তোদের মাগিমানা,
একটি বার ত পুছ্‌লিওনা,
মোরে বাতুর ভাগটা দিলিওনা।

কেমন শাস্তর কুহক মন্তর
কেউত আচ্ছা জান্‌লেওনা।
আর, যার লাগি' এ তিনে মিলে'
কাটি কল্লা, সে ব্যেটার ছেলে
চায় কি তোদের চোখটি মেলে?
রাগে পূরা, হিংসায় ভরা
লোক বাবেক তোদের দেবে ধরা?
মানুষের জানবি এম্নি ধারা।
যা' হয়েছে তা' হয়েছে,—
ফেরবে না আর, বকি মিছে।
জল্‌দি করে যা'না ছুটে,
সবি কাজ গোছালে হবে মিঠে।—
যমের ঘরের পথের ধারে
পঁচা জলের কুঁয়োর পারে,
তোরা মিল্‌বি এসে কালকে ভোরে।
সে যে আসবে সেথা কাল সকালে
আপ্‌না ভাগ্য জান্‌বে বলে।
তোদের কড়াখড়া, এটা সেটা
তন্তর মন্তর চিঁটে ফোঁটা,—
ঠিকেঠাকে রাখ্‌বি তোরা।
একটু হাওয়ার চরা হলো সারা,
কুহক খাটবো রাতটা ভরে,

হা'কার পড়্‌বে দেশটা জুড়ে!
মস্ত ব্যাপার সার্‌তে হবে
দু'পুর হবার আগে ভাগে।
চাঁদের কোণে আছে ঝোলে
ফেণার মতন একটি কণা
তার গুণ যে কত যায়না গণা;
সেটা লইব লুটে' হাতটা মেলে,'
ভূঁয়ের মলা ছুঁবেও না।
সেটা লুটে' লইব মন্তর সাথে,
বেজায় কুহক জমবে তাতে;—
ছুটুবে কতই দত্যি দানা;
লাগবে ধন্ধ
নাইকো সন্দ,
তাবে বেজায় চোটে মারবো হানা,
ব্যাটার রইবে না 'জান্', একটুও না!
অদৃষ্টেরে ঠেল্‌বে পায়ে,
যমকেও সে পুছবে না যে,
বুদ্ধি সুদ্ধি যাবে চুলোয়,
ধরম করম মিশবে ধূলোয়;
আশার ফাঁদে পড়ে' শেষে
মরবে ব্যাটা সর্ব্বনেশে!
মরণ-ফাঁদে বাঁধা রয়ে

নাই'কো ত্রাসন। ভয়—

'স যে আপ্‌না বুকে হানে বাজ,

আপ্‌নি শত্রু হয়।

[নেপথ্যে বাদ্যসহ সঙ্গীত :—

গান।

আয়লো, রাণী, আয়লো ধেয়ে আয়,
হালো রাণী, জল্‌দি করে আয়।
শতে শতে ডাইনী গুলো
সবাই এসে মিল্‌লো লো।
তুই শুধু রইলি বাকি
দিস্‌নে লো দিস্‌নে ফাঁকি,
জল্‌দি করে আয়॥
আয়লো তুই চট্‌পট্‌ আয়,
মিঠে হাওয়া ফুরফুরিয়ে
বইছে ঝেড়ে, লাগছে গায়,
সবি হচ্ছে মনের মতন
বেজায় আমোদ জমছে, আয়॥
আস্‌বি যদি আয়না রড়ে
নইলে আশা দেব ছেড়ে,
হচ্ছে যে তোর বেজায় দেরি,
আস্‌বি যদি আয়!
হালো রাণী, জলদি করে আয়॥]

শোন্ শোন্, ডাকছে মোরে.
কুয়া-ঘেরা মেঘের পরে
ডাইনী-ছুরী ডাক্ছে মোরে। [ প্রস্থান ]

১ম ডা। চল্লো চল্, চল্লো ত্বরা,
ফেরবে এখুনি, ফেরবে বুড়া।
[ ডাকিনীত্রয়ের প্রস্থান ]

## ষষ্ঠ দৃশ্য—ফরিশনগরস্থ রাজপ্রাসাদ

লেনক্স্ ও অপর একজন ভূ-স্বামীর প্রবেশ।

লেন্। বলিলাম যাহা তাহে পেলেন ইঙ্গিত,
এবে সবিশেষ অর্থ তার বুঝুন
আপনি। এই মাত্র বলিব এখন,—
ঘটনা[illegible]লা আশ্চর্য্য কৌশলে সব
হ'লে[illegible]য়ন্ত্রিত। পূতাত্মা ডাঙ্কেন হলেন
নিহত, শোকাহত ম্যাক্‌বেথ্ করিলা
রোদন। ব্যাঙ্কোবীর, শঙ্কাহীন, নিশার
আঁধারে ভ্রমি' হারালেন প্রাণ; পুত্র
তাঁর পলাতক; তাই বলুন সবাই,
পিতৃ-হত্যা অপরাধ করেছে সে জন;—
নৈশ পর্য্যটন হউক নিষিদ্ধ এখন।

ম্যাল্‌কম্‌, ডনাল্‌বেন্‌, নারকী অধম!
দেবোপম পিতৃ-প্রাণ করিল হরণ।
অহো কি ভীষণ! কেবা হেন জন যেবা
অন্যরূপ করে অনুমান?—ক্ষুন্না
ব্যথিত তাহে হলেন ম্যাক্‌বেথ্‌, তাই
আহত ধর্ম্মের রোষে হয়ে অন্ধ প্রায়
রাজ-হন্তা রক্ষিদ্বয়ে কাটিলা আপনি,
যদ্যপি দুজন মদ্য আর নিদ্রা বশে
ছিল সংজ্ঞাহীন। মহতের কার্য্য নাহি
বলিবেন তায়? নাহিক সংশয়! আর
বুদ্ধির প্রাখর্য্য তাঁর হলো প্রমাণিত;
যেহেতু, সে রক্ষিদ্বয় স্বীয় অপরাধ
নাহি করিলে স্বীকার ক্রোধোন্মত্ত হত
সবে, পাষাণে গঠিত নহে হৃদয়
যাদের। দেখুন, কতনা কৌশলে তিনি
গোছালেন কাজ! ভাবিতেছি তাই, সেই
রাজ-পুত্রদ্বয়—নির্ব্বিঘ্ন হোক তারা
ঈশ্বর কৃপায়—একবার মুষ্টিগত
হইলে তাঁহার, পিতৃ-হত্যাপরিণাম
বুঝিবে বিশেষ; আর, ব্যাঙ্কো-পুত্র? সেও
বুঝিবে নিশ্চয়! কিন্তু এই হলেম
নির্ব্বাক। শোনেছি, এ দুর্ব্বৃত্তের চৌর্য্য-লব্ধ

অন্ন নাহি করিয়া গ্রহণ স্পষ্টভাষী
ম্যাক্‌ডাফ্ হারালেন মান। কোথায়
আছেন তিনি পেলেন সংবাদ ?

ভূ-স্বা। যুবরাজ
ম্যাল্‌কম্,—যাঁরে পৈতৃক রাজত্ব হতে
বঞ্চিল দুর্জ্জন—ইংরাজ-নৃপতি গৃহে
অতিথি এখন। ভাগ্যবিপর্য্যয় তাঁর
নাহি ভাবি' মনে পুণ্যাত্মা ইংরাজ-রাজ
আদরিলা তাঁরে। সেথায়,—সেই পুণ্যশ্লোক
নৃপতির পাশে সাহায্যের প্রার্থী হয়ে
গেছেন ম্যাক্‌ডাফ্। ইচ্ছা তাঁর—ঈশ্বরের
কৃপা আর ইংরাজের বলে স্বদেশের
শান্তি পুনঃ করিতে স্থাপন ;—যেন আর
ভোজনেতে নাহি রয় ছুরিকার ভয়,
দিনান্তে লভিতে পারি নিবিড় শয়ন ;
যেন পুনরায়, অন্তরের ভক্তি-পুষ্পে
পূজি' রাজ-পাদ অশেষ সম্মান লভি
রাজার কৃপায়।—ম্যাক্‌বেথ্ এ বার্ত্তা শুনি'
হতাশের প্রায় যুদ্ধার্থ প্রস্তুত হতে
করিছে প্রয়াস।

লেন্। সেকি পাঠাইল দূত
কোন ম্যাক্‌ডাফের পাশে ?

ভূ-স্বা। নিশ্চয়। কিন্তু
ম্যাক্‌ডাফ্ সুস্পষ্ট কহিলা দূতে—'আমি
যাব তার ঘরে? নহে সে সম্ভব'। দূত
তাহে, বিষন্নবদন, ফিরি' গেল নিজ
ঘরে গুণ্ গুণ্ করি', যেন সে বলিয়া
গেল—'এহেন জবাব্ দিলি, এর স্পর্দ্ধা
তারে প্রতিফল পারিবে সত্বর'।

লেন্। তবে
সবিশেষ সতর্কতা প্রয়োজন তাঁর,
যেন শত্রুর করাল হস্ত স্পর্শে না
তাঁহায়। আহা! কোন দেবদূত অগ্রদূত
সম, ম্যাক্‌ডাফের বার্ত্তা নিয়ে যা'ক
সত্বর, ইংরাজ নৃপতি পাশে করুন
প্রচার। দুর্জ্জন-পীড়িতা আজ জননী
মোদের! অচিরে সৌভাগ্য-শ্রী ফিরুক
তাহার।

ভূ-স্বা। কুশলে থাকুন তিনি ঈশ্বর
কৃপায়। [উভয়ের প্রস্থান]

# চতুর্থ অঙ্ক।

## প্রথম দৃশ্য—পর্ব্বত গুহা।

গুহার কেন্দ্রস্থলে প্রজ্বলন্ত কটাহ। বজ্রনাদ।

ডাকিনীত্রয়ের প্রবেশ।

১ম ডা। কটা বিড়েল 'মিউ মিউ'
ডাক্‌লে তিনবার।

২য় ডা। শেজারুটা ঘ্যান্ ঘ্যানায়ে
হাঁকলে বার চার।

৩য় ডা। হাঁকলে যে ওই শোকুনী ব্যাটি
ব্যেঙ্গাগুটি খায় যে লুটি'—
'ঠিক্ সময় হলো লো,
ঠিক্, ঠিক্, ঠিক্ লো'।

১ম ডা। কড়াটারে ঘুরে' ঘুরে'
ফিরে' ফিরে' ঘুরে' ঘরে',
যত বিষেতরা আত্‌ড়ি ভুড়ী,
তারি ভেতর দে'না ছুড়ি'।
দেড়-কড়ি-এক দিনে রাতে
পাথর-চাপা ঠাণ্ডা গাতে,
কুণো ব্যাঙটা শোয়ে আছে,
বিষের বোঝাই হয়ে গ্যাছে,—

ডা-ত্রয়। দ্বুনা দ্বুনা খাটুনি খাটা,
কুহক খাটা এম্‌নি ল্যাটা ;
জ্বলো জ্বলে খাট্‌লো তোরা,
জ্বলুক্‌ আগুণ, ফুটুক কড়া।
৩ড'। উড়ো সাপের খোলস্‌টায়,
ন্যাক্‌ড়ে বাঘের দাঁতে,
মরা ডাইনীর শুক্‌নো কায়,
ভেল্‌কীর ওষুধ যাতে,
পেট্‌টা পূরা হাঙরটা যে
নুনা সায়র জলে ডুবে,
তার ভুড়টি ফেড়ে,' থুতি ছিড়ে'
রাখ্‌না কড়ার ভেতর চুবে।
আঁধার রেতে খুঁড়ে-আনা
বিষে গাছের গোড়া,
যায়ু বিষ্টু্র ধার ধারে না
ইয়ুদীকুলের সেরা,
তারি পিত্তিটা না খুলে,'
পাঠার পিত্তি তা'তে গুলে'
কড়ায় দে'না ঢেলে।
সেটা কুহক-করা কড়ায় পূরে'
আগে নে না সেদ্ধ করে'।
ডা-ত্রয়। দ্বুনা দ্বুনা খাটুনি খাটা,

কুহক ঘাটা এমনি ল্যাটা ;
তুনা তুনা খাটবো মোরা.
জ্বলুক আগুণ, ফুঁটুক কড়া।
২য় ডা। জলার সাপটা টুক্‌রো করে',
গোধার ছোট্ট চোখ্‌টা ছিড়ে,
ব্যাঙ্‌টার পায়ের অঙ্গুল এনে,
কুকুর ব্যাটার জিভ্‌টা ছিঁনে,
বাদুড়ের লোম ছেটে ছুটে
কালনাগিণীর জিভ্‌টা কেটে,
বিছের সরু হুলটা টেনে'
টিক্‌টিকীরও ঠ্যাঙ্‌টা এনে,
আর বাচ্চা প্যাঁচার ডানাখানা
কড়ার ভেতর ফেলে দেনা ;—
এগুলো সব্‌ দেত ঘুটে'
সেদ্ধ হয়ে উঠুক্‌ ফুঁটে।
নরকের ঝোল হবে বেড়ে,
কুহকের ঘোর যাবে বেড়ে'।
এক যে ছেল জারজ ছেলে,
নাহি ছুঁতে ভূঁয়ে
কণ্ঠা টিপে দফা সেরে'
দেছে নর্দ্দামায় থুঁয়ে,—
তার আঙুল একটা খুঁজে'

৮

কড়ায় দে'না গুঁজে।
গরণ রাতে খুঁটে-আনা
শ্মশান-গাছের ডুমা,
তুরকীর নাকটা সরু,
তাঁতারের ঠোঁট পুরু,
আর, বাঘের নাড়্‌-ভড়্‌
কড়ায় করনা জড়।
মালমশ্‌লা এটা সেটে
আচ্ছা করে ঘেঁটে ঘুটে'
শুক্‌নো করে' এটে-সেটে'
রাধ্‌না যাদুর মাড়ী,
এই কুহক-কড়াই ভরি'।

ডা-ত্রয়। দুনা-দুনা খাটুনি খাটা,
কুহক ঘাঁটা এমনি ল্যাটা;
দুনা দুনা খাঁটুলো তোরা,
জ্বলুক্‌ আগুন, ফুঁটুক্‌ কড়া।

২য় ডা। হনুর লোহের দে'না ছিঁটা,
ঠাণ্ডা করে দে'না ওটা;—
কহকের ঘোর বাড়্‌বে তা'তে,
বেজায় কুহক জমবে তাতে।
[ প্রধানা ডাকিনীর প্রবেশ ]

প্র-ডা। বেশ্‌লো বেশ্‌! সাবাস তোদের,

খাট্‌নি খাটা খাটলি লো ঢের ;
পাওনা দাওনা হবে যা, যা,
তোরা বেটে বুটে নিবি লো তা' ;
আয়না তবে কড়াই বেড়ে'
পরীর মতন ঘুরে ঘুরে
দিই যাদু-করার গানটা জুড়ে ;
রাখ্‌লি যা. যা, কড়াই পূরে'
কুহ তা'তে দে'না জুড়ে'।

[ ডাকিনীত্রয়ের সঙ্গে কুহক কটাহের চতুর্দ্দিক ঘুরিয়া সঙ্গীত ]

গান।

কালো কালো ধলো ধলো
রাঙ্গা রাঙ্গা ডাইনী গুলো
আয় না চলে।
গায় গায় মিশে যা'না
কড়াটারে ঘুরে যা'না,
থক্‌থকে করে দেনা,
যাদুর ঘোর বাড়িয়ে দে'না !
ভালোগুলো যাক্‌না দূরে,
মন্দ সবি আসুক রড়ে,
ঘুরে ঘুরে ফিরে ফিরে,
ফিরে ফিরে ঘুরে ঘুরে,

রাঙা কালো ডাইনী গুলো
আয় না চলে।

[ প্রধানা ডাকিনীর প্রস্থান ]

২য় ডা। বুড়ো আঙুল চুলকালো,
কুজন কোনো আস্‌ছে লো ;
দুয়োরটা ঐ দেচ্ছে ঠেলে ;
তালাগুলো যাক্‌না খুলে ;
যে-হো'ক-সে-হোক আস্থক চলে।

[ ম্যাক্‌বেথের প্রবেশ ]

ম্যাক্‌। নিশীথ-রঙ্গিনী তোরা ভীষণা ডাকিনী,
কিবা গুহ্য কার্য্যে লিপ্ত হলি রে এখন ?

ডা-ত্রয়। কচ্ছি কর্ম্ম এম্নিতর
নামটি পাওয়া হবে ভার।

ম্যাক্‌। যে বিদ্যার বলে তোরা জানিস্‌ সকল
ভবিষ্য ঘটন, তাহার দোহাই,—দিস্‌ রে
উত্তর যাহা শুধাই তোদেরে। যদ্যপি
রে তোরা বন্ধ-মুক্ত করি' দিয়া ভীম
প্রভঞ্জনে লণ্ডভণ্ড করি' দিস্‌ পুণ্য
দেবালয়,—যদ্যপি সফেণ তরঙ্গভঙ্গ
ব্যাদিত বদনে সাগরের পোতরাশি
ফেলেরে গ্রাসিয়া,—ঊর্দ্ধশির শস্যশীর্ষ

হয় ভূ-লুণ্ঠিত, সমূল বিটপী-শ্রেণী
হয় উৎপাটিত,—যদ্যপি দুর্গের সারি
গড়াইয়া পড়ি' যায় রক্ষীদের শিরে,
যদ্যপি স্তম্ভ আর সৌধ-চূড়া ভিত্তিমূলে
হয় অবনত,— কিম্বা বিশাল প্রকৃতি
এই সৃষ্টির অঙ্কুর সহ হইয়া
চূর্ণিত চরম প্রলয়-লীলা হয়
অভিনীত,—তথাপি বলরে সুস্পষ্ট
যাহা জিজ্ঞাসি তোদেরে।

১মা ডা। জিজ্ঞাস।

২য় ডা। শুধাও
সত্বর।

৩য় ডা। পাইবে উত্তর।

১ম ডা। শোন্‌বে নাকি মোদের কাছে?
কিম্বা যারা ওস্তাদ আছে
জান্‌বি সবি তাদের কাছে?

ম্যাক্‌। ডেকে আন্‌ ওস্তাদেরে, দেখিব কেমন।

১ম ডা। নয়-ন' টা ছানা খেয়ে'
নাদুস্‌-নদুস্‌ শূয়রী যে,
রুধির তারি দেনা ঢেলে।
ফাঁসী কাঠটা ঘেমে ঘুমে'
কৌটা কৌটা চরবি জমে,

এগুলো সব আন্‌না তোলে,'
আগুনে তা' দে'না ফেলে।

ডা-ত্রয়। বড় হোস্‌, ছোট হোস্‌ জলদি এসে'
কারিগরি কর্‌না জারী,—দেখুক্‌ না সে।

[ বজ্রনাদ। সশস্ত্র মস্তক-রূপী প্রথম প্রেতাত্মার আবির্ভাব ]

ম্যাক্‌। ওরে, অজ্ঞাত শকতি, তুই বলে দে আমায়——

১ম ডা। ভাবছ যা' যা' আপ্‌না মনে
এসব যে তার সবি জানা,
চুপ্‌ করে সব যাওনা শোনে,'
কইতে কিছু আছে মানা।

১ম প্রেত। ম্যাক্‌বেথ্‌! ম্যাক্‌বেথ্‌! রইবি তফাৎ,
ম্যাক্‌ডাফ্‌ থেকে রইবি তফাৎ।
ঢের হয়েছে, আর বলবো না,
পালাই এখন দিস্‌নে মানা।
[ প্রেতাত্মার ভূ-গর্ভে অন্তর্ধান ]

ম্যাক্‌। যেই হও তুমি, সাবধান বাক্য তরে
লহ ধন্যবাদ। যেই হেতু আশঙ্কিত
অন্তর আমার নিশ্চিত সন্ধান তার
করেছ এখন। কিন্তু আরেকটি প্রশ্ন
শুধু রয়েছে আমার,—

১ম ডা। হুকুম তারে খাটবে না কো,
আরেক এলো, এইনা দেখো,

তার চেয়ে ও' নয় তো ন্যূন্,
বিদ্যেয় বাড়া হাজার গুণ।

[ বজ্রনাদ। রক্তাক্ত শিশুরূপী ২য় প্রেতাত্মার
আবির্ভাব ]

২য় প্রেত। ম্যাক্‌বেথ্! ম্যাক্‌বেথ্! ম্যাক্‌বেথ্!

ম্যাক্। আরেকটি কাণ যদি রহিত আমার
শুনিতাম বাক্য তব আগ্রহের সাথ।

২য় প্রেত। শোণিত লালসা তব হউক প্রবল,
সঙ্কল্প হউক তব অচল অটল ;
নিঃশঙ্ক-অন্তর তুমি রহ নিরন্তর,
মানবীয় শক্তি কিছু গ্রাহ্য নাহি কর।
রমণীপ্রসূত কেহ নারিবে কখন
ম্যাক্‌বেথের অকল্যাণ করিতে সাধন।

[ ভূগর্ভে অন্তর্ধান ]

ম্যাক্। তবে, ওরে ম্যাক্‌ডাফ্, ধর্‌রে জীবন;—
তোমা' হতে নাহি মোর ভয়ের কারণ।
তবু নিশ্চিতেরে করিবারে দ্বিগুণ
নিশ্চিত, নিয়তির পাশ হতে আনিস্
রে তোর মৃত্যুবর চাহি' লব নিশ্চয়
এখন,—আর নাহি ধরিবে জীবন।
তখন, এ মিথ্যা ভয় হবে অন্তর্হিত,—
বক্ষের শোণিতধারা বহিবে সহজ,—

প্রগাঢ়নিদ্রার ক্রোড়ে লভিব বিশ্রাম,
বজ্রের কর্কশ কণ্ঠ পশিবেনা কাণে।

[ বজ্রনাদ। বৃক্ষ হস্তে রাজ-মুকুট-পরিহিত শিশুরূপী
তৃতীয় প্রেতাত্মার আবির্ভাব ]

একি হেরি পুনর্ব্বার,—রাজার কুমার ?
ক্ষুদ্র মস্তকে তার শোভিছে মণ্ডলাকার
রাজার মুকুট, অখণ্ডিত প্রভুত্বের
শ্রেষ্ঠ নিদর্শন।

ডা-ত্রয়। শুধু শোনে যাও,
কিছু না শুধাও।

৩য় প্রেত। উদ্ধতস্বভাব হও, সিংহ পরাক্রমে,—
কেবা রোষে, ফোঁসে, আর কেবা সঙ্গোপনে
তোমার বিনাশ লাগি' করিছ মন্ত্রণা,
নির্ভয় অন্তরে তব করো না গণনা;—
ম্যাক্‌বেথের পরাজয় কভুনা সম্ভবে,
বার্ণাম্‌ অরণ্যভূমি যত্তপি না আসে
ডান্সিনান্‌ শৈলপাশে যুঝিতে আহবে।

[ ভূগর্ভে অন্তর্ধান ]

ম্যাক্‌। কভু না সম্ভবে তাহা, কভু না সম্ভবে।
কে নাড়িবে অরণ্যানী, পাদপের শ্রেণী
কাহার আদেশ, বল, ভৃত্য সম মানি'
টুটি' দিবে ভূগর্ভের শিকড়বন্ধন ?

ভবিষ্যৎ শুভ হবে, তাহারি প্রমাণ,—
অনাগত কল্যাণের সূচনা উত্তম !
তবে, সচল না হলে সেই বার্ণাম্
কানন, বিদ্রোহ ! ঊর্দ্ধে শির তোল না
কথন। তবে তুমি, ম্যাক্‌বেথ্ ! সৌভাগ্যের
উচ্চাসনে করি' অধিষ্ঠান জীবনের
সর্ব্ব সাধ পূরাও এখন ! অবশেষে
ফুরালে জীবন-ম্যাদ্ স্বভাবের বশে
অন্তিম নিশ্বাসে শোধি' নিয়তির ঋণ
অনন্ত কালের গর্ভে হইবে বিলীন।
তবু এ অন্তর মোর হতেছে ব্যাকুল
অন্যতর সমাচার জানিবারে স্থূল।
বলহে আমায় খুলি' থাকিলে শকতি,
ব্যাঙ্কোর সন্ততিগণ হবে কি নৃপতি ?

ডা-ত্রয়। ঢের জেনেছ, আর জেনো না,
ঢের শোনেছ, আর শোন না।

ম্যাক্। নিশ্চয় জানিব আরো ; দূর করে দে'রে
মোর কুতূহল সব, নতুবা তোদের
শিরে নিদারুণ অভিশাপ রবে চির
দিন। [ কুহক কটাহের ভূগর্ভে নিমজ্জন ]
বল্, কি কারণ, কটাহ এই
হতেছে মগন ? আর এই বাদ্য ধ্বনি

শুনি কি কারণ? [ নেপথ্যে বাদ্য ]

১ম ডা। দেখিয়ে দে'না!

২য় ডা। দেখিয়ে দে'না!

৩য় ডা। দেখিয়ে দে'না!

ডা-ত্রয়। চোখে দেখ্‌তে দে'না ওকে,
বুকেতে তার লাগুক্ ঘা,
তোরা ছায়ার মত একে একে
এসে' ভেসে' চলে যা'।

[ শ্রেণীবদ্ধ ভাবে অষ্ট রাজমূর্ত্তির আবির্ভাব। অষ্টম মূর্ত্তির হস্তে দর্পণ; সর্ব্ব পশ্চাৎ ব্যাঙ্কোর প্রেতাত্মার আবির্ভাব ]

ম্যাক্। ব্যাঙ্কোর প্রেতাত্মা সাথে বিষম সাদৃশ্য
তোর রয়েছে কেমন! যা'রে রসাতল!
তোর মুকুটের জ্যোতিঃ ওই চা'ক্কের
তারকা মম দিল রে পুড়ায়ে। অপর
মুরতি হেরি,—মণ্ডিত ললাটদেশ
সুবর্ণ কিরীটে! উভয়ের শিরে শোভে
অনুরূপ কেশ। এই তৃতীয় মুরতি
এল দ্বিতীয়ের মত।—বিকটা ডাকিনী
তোরা বল্ কি কারণ হেন দৃশ্য দেখাস্
আমায়? অন্যতর মূর্ত্তি এই আসিল
এবার! নেত্র মোর, হ'য়ে উৎপাটিত!

ব্যাঙ্কোর সন্ততিধারা হেন ভাবে চলিবে
কি কল্লান্ত অবধি ? ষষ্ঠ মূর্ত্তি ওই !
আসিল সপ্তম ! হেরিব না আর ! তবুও
অষ্টম মূর্ত্তি উদিল আবার ! হস্তের
মুকুরে তার বহুতর রাজমূর্ত্তি
দেখাইছে মোরে। এক করে কেহ ধরে
দুইটি গোলক, দণ্ডত্রয় অন্য করে
করিছে বহন। ওহোঃ কি ভীষণ দৃশ্য !
হাস্যমুখে ব্যাঙ্কো ওই আসিল এখন,—
রক্তস্রাবে গ্রন্থিবদ্ধ কেশগুচ্ছ তার ;
স্মিতাধরে চাহি' মোরে এসবারে ওই
আপন সন্ততি বলি' দেখালো ইঙ্গিতে।
বুঝিনু এখন, মিথ্যা নয়, মিথ্যা নয়,
সত্য এসকল। [ মূর্ত্তিগণের অন্তর্ধান ]
এ কি ! সত্য কি এসব ?

১ম ডা। হাঁ, হাঁ, সত্যি সবি দেখ্‌লে যা' যা ;
হাঁ গা, দাঁড়িয়ে কেন জ্যান্ত হ্যাবা ?
আয় লো আয়, তিনটী মেলে'
মনটিরে তার আশার চালে
দিই না পুরে আচ্ছা করে,
আশার মদে দিই না ভরে' !
দেখিয়ে দে মা কেমন ধারা

আমোদ মোদের সবার বাড়া।
নাচ্‌র ঘোরে হাওয়া জুড়ে
বাজাই মধুর তান,
মোরা একে বেঁকে ঘুরে ফিরে
যাচ্ছ না তত' খন।
যেম্নি মিষ্টি মুখে পুছলে মোদের
এই যে রাজার রাজা,
তেম্নি খুসি হয়ে বলবে' শুনি—
'সাবাশ তোদের পূজা।'

[ বাদ্য ও ডাকিনী ত্রয়ের নৃত্য, পরে প্রধানা ডাকিনী সহ অন্তর্ধান ]

ম্যাক্‌। কোথা, দেখিনা তাদেরে আর? পালাল এখন? আজি হ'তে এই ক্ষণে যত পঞ্জী-কার ভীষণ কু-লগ্ন বলি করিবে গণন! কে আছ বাহিরে, ভেতরে এস।

[ লেনক্সের প্রবেশ ]

লেন। কি আদেশ, প্রভো?

ম্যাক্‌। দেখেছ ডাকিনীগণে?

লেন। দেখিনিত, মহারাজ।

ম্যাক্‌। তব পাশ দিয়ে গেল না চলিয়া?

লেন। কিছুই ত দেখিনি, রাজন্‌।

ম্যাক্। ওরা উড়িল যে বায়ুভরে
হউক তাহা ব্যাধির আকর, অভিশপ্ত
হউক যারা ইহাদের করিবে প্রত্যয়!
ঘোটকের পদধ্বনি শোনেছি এখন,
কে এল হেথায়?

লেন্। দুই তিন দূত এসে
বলিল এখন, ম্যাক্‌ডাফ্ পলায়িত
ইংলণ্ডে, রাজন্।

ম্যাক্। পালাল ইংলণ্ডে?

লেন। তাই,
প্রভো।

ম্যাক্। হে কাল, তুমি অগ্রগামী হয়ে মোর
ভীষণ কর্ম্মের পথ দিতেছ রোধিয়া।
ত্বরিত কর্ম্মের রাঁশে না বাঁধিলে তায়
দ্রুতগতি মনোরথ পালাবে কেবল,—
সিদ্ধির দুয়ারে নাহি পৌঁছাবে কখন।
এই ক্ষণ হতে যখনি বাসনা মনে
লভিবে জনম কর্ম্মরূপে ফলিবে তা'
হস্তের কৌশলে। সঙ্কল্পেরে সিদ্ধিদানে
করিতে সার্থক উদ্দিষ্ট কার্য্যেতে রত
হব এই ক্ষণ;—অতর্কিতে দুর্গ তার
করি' অবরোধ ফাইফের অধিশ্বরে

বাঁধিব এখন,—ম্যাক্‌ডাফের পত্নী, পুত্র,
আদি যত স্ববংশ্য সকলে প্রখর
অসির ধারে করিব হনন। মূঢ়সম
আর নহে বৃথা আস্ফালন ; মন্দীভূত
নাহি হ'তে সঙ্কল্পের তাপ পূরাইব
মনস্কাম এখনি আমার। কিন্তু হেরিতে
না হয় যেন বিভীষিকা আর।—কোথা রলো
দূতগণ ? চল, যাই সেথা।

[ উভয়ের প্রস্থান ]

দ্বিতীয় দৃশ্য—ফাইফ্‌নগরস্থ ম্যাক্‌ডাফের দুর্গ।
ম্যাক্‌ডাফ্‌-পত্নী, তার পুত্র ও রশের প্রবেশ।

ম্যাক্‌ডা-পত্নী। কোন্‌ দোষে দোষী তিনি, স্বদেশ তেয়াগি
যাহে করিলা প্রস্থান ?

রশ। ভদ্রে, হারায়োনা
ধৈর্য্য তব।

ম্যাক্‌ডা-পত্নী। ধৈর্য্যের ত লেশ মাত্র ছিল না
তাঁহার। হেন ভাবে পলায়ন বাতুলতা
শুধু ;—শুধু ভীরুতার বশে বিদ্রোহী
না হয়ে তবু রাজদ্রোহী মোরা।

রশ। তিনি
ভয়ে কিম্বা সুবুদ্ধিতে হলেন চালিত
জান না আপনি।

ম্যাক্‌ডা-পত্নী। সুবুদ্ধি!—অপোগণ্ড শিশু
আর পত্নী আপনার, পৈতৃক ভবন
আর বিষয় তাঁহার, সকলি পশ্চাতে
ফেলি' দ্রুত পলায়ন—সুবুদ্ধি বলিছ
তাহে? মিথ্যা তাঁর ভালবাসা আমাদের
পরে,—হৃদয়ে তাঁহার প্রকৃতি রোপেনি
কোন প্রেমের অঙ্কুর! ক্ষুদ্রকায় টুনী
পাখী, পাখীর অধম, নীড়ের শাবকে
তার বাঁচাইতে প্রাণে, পেচকের সাথে
সেও যুঝে প্রাণপণে। সবি ভয়,—ভয়
শুধু, প্রেম কিছু নয়। যুক্তির বিরুদ্ধ
এই পলায়ন তাঁর সুবুদ্ধিহীনতা
শুধু করিছে প্রমাণ।

রশ। প্রিয়তমা ভগ্নি
মোর, হয়ো না অধীর; জানিবে নিশ্চয়
স্বামী তব সদাশয়, সুধীর ধীমান্।
বর্ত্তমান বিপ্লবের প্রকৃতি বিষম
সবিশেষ জ্ঞাত তিনি। এবে এতাধিক
বলিবারে পাইনে সাহস। কি যে ভীষণ

কালে রয়েছি আমরা ! বিদ্রোহী হইনু
মোরা, তবু জানি না কো বিদ্রোহীর ভাব;
ভয়হেতু জনরব করিচি প্রত্যয়,
তবুও ভয়ের হেতু জানি নে নিশ্চয় !
অনিশ্চিত সংশয়ের প্রচণ্ড আবর্ত্তে
ইতস্ততঃ ভাসি যেন নিঃসহায় তৃণ।
আসি তবে. ফিরিব সত্বর। রবে না
দুর্দ্দিন এই,—সীমা-শেষে আসি' আপনি
নিঃশেষ হবে, কিম্বা ভাগ্য-চক্র-আবর্ত্তনে
ফিরিবে সুদিন। বিধাতার আশীর্ব্বাদ
লভ গো, ভগিনি।

ম্যাক্‌ডা-পত্নী। বৎস মোর পিতৃবান্‌,
তবু পিতৃহীন।

রশ্‌। মূঢ়সম রহিলে
হেথায় লাঞ্ছিত হইব আর বাড়াব
বিপদ তব। বিদায় এখন। [ প্রস্থান ]

ম্যাক্‌ডা-পত্নী। হা রে ছোরা, তোর বাপ ত মরেছেন,
কি করবি এখন ? কি করে খাবি তুই ?

পুত্র। পাখীরা যেম্নি করে খায়, মা।

ম্যাক্‌ডা-পত্নী। কি ! কীট পোকা ধরে' খাবি নাকি ?

পুত্র। যা' পাই তাই খাবো। পাখীরা ত তাই করে।

ম্যাক্‌ডা-পত্নী। হা রে আমার পাখীর ছানা !

তোর তরে যে জাল পাতা রয়েছে, অবোধ তুই, তার কি বুঝবি, আর কি করে তা এড়াবি।

পুত্র। কেন আমি ভয় করবো, মা? পাখীর শাবককে ধরতে কে জাল পাতে? তুমি যা'ই বল, আমার পিতা মরেন নি।

ম্যাক্‌ডা-পত্নী। হাঁ সত্যি মরেছেন। পিতৃহারা হয়ে এখন কি করবি?

পুত্র। তবে সোয়ামী ছাড়া তোমার কি করে চলবে?

ম্যাকডা-পত্নী। কেন, হাট থেকে গণ্ডা পাঁচেক সোয়ামী কিনতে পারি।

পুত্র। এত গুলো কিনলে তাদের আবার বেচে ফেলতে হবে।

ম্যাক্‌ডা-পত্নী। যেটে যেমন বুদ্ধি তেমনি কথাই বলি, তবু এত টুকুন ছেলের পক্ষে তা'তো কম নয়।

পুত্র। হাঁ মা, বাবা কি বিদ্রোহী ছিলেন?

ম্যাক্‌ডা-পত্নী। হাঁ, তিনি বিদ্রোহী, বিশ্বাস-ঘাতক ছিলেন।

পুত্র। বিশ্বাসঘাতক কাকে বলে, মা?

ম্যাক্‌ডা-পত্নী। যে মুখে খুব ভাব-ভক্তি দেখিয়ে শেষে মিথ্যে ব্যাভার করে।

পুত্র। যা'রা এমনি ব্যাভার করে তারা সবাই বিশ্বাসঘাতক?

ম্যাক্‌ডা-পত্নী। হাঁ, সবাই বিশ্বাসঘাতক তারা। আর, তাদের ঠিক পুরস্কার ফাঁসি কাঠে ঝুলে মরা।

পুত্র। তাদের সবারি ফাঁসি হবে ?

ম্যাক্‌ডা-পত্নী। তারা কেউ বাদ যাবে না।

পুত্র। কে তাদের ফাঁসি দেবে ?

ম্যাক্‌ডা-পত্নী। কেন, যারা ভালো লোক।

পুত্র। মিথ্যুক ঠকেরা তা' হলে ত ভারি বোকা ! ওদের দলই এত বেশী যে ভালো মানুষ গুলোকে জব্দ করে' ওরাই ফাঁসি ঝুলাতে পারে।

ম্যাক্‌ডা-পত্নী। আরে অবোধ বানর, ভগবান্ তোকে রক্ষে করুন। তা' হলে, বাপ হারিয়ে এখন কি করবি বল্।

পুত্র। তিনি মরলে তুমি যে কাঁদতে। তাঁর মরাতেও যদি না কাঁদ তবে ভাবনা কি, মা, শীগ্‌গির্ আরেকটি নতুন বাপ পাবো।

ম্যাক্‌ডা-পত্নী। আরে বাচাল্, কি কথাই বল্লি !

[ জনৈক দূতের প্রবেশ ]

দূত। ভদ্রে, হউক কুশল তব। পরিচিত<br>নাহি, তবু তব উচ্চ পদ জানি<br>সবিশেষ। হতেছে আশঙ্কা মোর সঙ্কট<br>ঘনায়ে তব এলো সন্নিকট। তাই<br>এ দীনের উপদেশ নাহি করি' হেলা<br>থেকোনা হেথায় আর, শিশুগণে লয়ে<br>করুন প্রস্থান। আতঙ্ক জাগায়ে দিনু<br>বর্ব্বরের প্রায়, কিন্তু আসন্ন বিপদ

বার্ত্তা রাখিলে গোপন ভীষণ নিষ্ঠুর
কার্য্য হবে সে আমার;—ওই মূর্ত্তিমতী
নিষ্ঠুরতা পসারিয়া কর এখনি যে
অঙ্গে তব করিবে আঘাত। ঈশ্বর
সহায় হউন বিপদে এখন। ক্ষণেক
রহিতে আর পাইনে সাহস। [প্রস্থান]

ম্যাক্ডা-পত্নী। পালাব
কোথায়? কভু ত অহিত কারো করিনি
সাধন। কিন্তু ভুলে গেছি আমি—রয়েছি
এ মর্ত্ত্য লোকে, পাপের আলয়ে, যথায়
পরহিংসা ধন্য হয়, পুণ্য অকল্যাণ
আর মূঢ়তা কেবল। তবে কেন, হায়!
পুণ্যের দোহাই দিয়ে' অবলার যোগ্য
এই আত্ম-সমর্থন?

[হত্যাকারীদের প্রবেশ]

ভীষণ-দর্শন

ওই কাহারা এসব?

১ম হত্যা। তোমার স্বামী কোথায়?

ম্যাক্ডা-পত্নী। তোদের পরশে যাহা হবে কলুষিত
হেন স্থানে পাবে না কো সন্ধান তাঁহার।

১ম হত্যা। তিনি রাজদ্রোহী।

পুত্র। মিথ্যুক তুই, রুক্ষকেশ নরাধম।

১ম হত্যা। কি, খোসা ভেঙ্গে এখনো বেরোস্‌ নি যে।
তবু কি বলছিস, বিদ্রোহীর ছানা!

[ছুরীকার আঘাত]

পুত্র। মা, আমায় খুন কল্লেছে,—পালা, মা, পালা,—
আমার মাথার দিব্যি পালা। [মৃত্যু]

[‘খুন্‌, ‘খুন্‌’ বলিয়া চীৎকার করিতে করিতে
ম্যাক্‌ডাফ্‌-পত্নী’র প্রস্থান, এবং হত্যাকারিগণের
তাঁহার পশ্চাদধাবন]

তৃতীয় দৃশ্য—ইংলণ্ড। রাজপ্রাসাদের সম্মুখভাগ।
ম্যাল্‌কম্‌ ও ম্যাক্‌ডাকের প্রবেশ।

ম্যাল্‌। কোন নিভৃত আঁধার কোণ করিয়া
সন্ধান বিষাদের মেঘভরা হৃদয়ের
ভার অশ্রুর আকারে মোরা করি গে
নিঃশেষ।

ম্যাক্‌ডা। তার চেয়ে, কঠিন মুষ্টিতে ধরি’
করাল কৃপাণ, মাতৃবক্ষ আগুলিয়া
বীরপুত্র সম ভূ-লুণ্ঠিতা মাতৃভূমি
করিগে’ রক্ষণ। প্রতিদিন নব উষা
হাসিলে সেথায় নব নব পতিহীনা

তোলে আর্ত্তনাদ, শত শত শিশু কাঁদে
সদ্যঃপিতৃহীন, আকাশ বিদরে ঘোর
শোকার্ত্ত ক্রন্দনে ; তাই ভীষণ করুণ
তানে পূর্ণ চরাচর,—ঊর্দ্ধে নভঃস্থল,
প্রতিধ্বনিচ্ছলে, স্বদেশের শোক-গাথা
গাহে উচ্চৈঃস্বর !

ম্যাল্। শোকের কাহিনী সখি
হতেছে প্রত্যয় ; কিন্তু শুধু অশ্রুব্যয়
করিব এখন। সময়ের আনুকূল্য
লভি যদি কভু, যথাসাধ্য প্রতিকার
করিব তখন। নহে অসম্ভব যাহা
করিলে বর্ণন ; সেই ঘৃণিত তস্করে—
উচ্চারিতে নাম যার জ্বলন্ত অঙ্গারে
যেন পুড়েছি রসনা,—পরম ধর্ম্মাত্মা
বলি' জানিত সবাই। কত না বাসিতে
ভাল এই দুরাত্মায় ; এখনো সে কেশ
স্পর্শ করে নি তোমার। ক্ষুদ্র বটি আমি,
তবু মোর বিনিময়ে কত কি লভিতে
পার সেজনার পাশে ;—দেবতার রোষ
বহ্নি করিতে নির্ব্বাণ নিঃসহায় মেষ-
শিশু-আহুতি প্রদান, সেই সুবুদ্ধি
কেবল।

ম্যাক্‌ডা। নহি কভু বিশ্বাসঘাতক।

ম্যাল্‌। কিন্তু কৃতঘ্ন সে ম্যাক্‌বেথ্‌। সাধিবারে
রাজ-কাজ পাপ-পথে ফিরে কভু ধার্ম্মিক
সুজন। কিন্তু করুন মার্জ্জনা মোরে;
সত্যই হৃদয় তব হইলে নির্ম্মল
সংশয় প্রত্যয়ে মোর স্পর্শিবে না তায়।
স্বর্গচ্যুত হ'ল বটে শ্রেষ্ঠ দেব-দূত,
তবু অপর দেবতাগণ জ্যোতিষ্মান্‌
এবে;—পাপ যদি পুণ্য-বেশ করে হে
ধারণ, পুণ্য তবু হারাবে না দিব্য জ্যোতিঃ
তার।

ম্যাক্‌ডা। সকল ভরসা মোর ফুরালো
এখন।

ম্যাল্‌। সম্ভবতঃ যাহা মোর সংশয়ের
মূল, সেই হেতু আশা তব হইল
নির্ম্মূল। কিবা হেতু অসম্ভব ত্বরান্বিত
হয়ে পত্নী-পুত্রে নিঃসহায় আসিলে
ফেলিয়া, ছিন্ন করি' দৃঢ় তব প্রেমের
বন্ধন,—প্রিয়জনে নাহি দিয়ে বিদায়
চুম্বন? জান্‌বেন্ নিশ্চয়, তব অপমান
নহে উদ্দেশ্য আমার,—আত্ম-রক্ষা হেতু
মোর সন্দেহ এ সব। সন্দেহ আমার

হতে পারে অমূলক,—উদ্দেশ্য মহৎ
তব, নহে অসম্ভব।

ম্যাকৃডা। হে মোর দুর্ভাগ্য
দেশ, ছুটুক শোণিত-ধারা বক্ষঃ ফেটে
তোর! অন্যায়, সবল হ'রে, সিংহাসন
তোর করূরে অটল;—ভয়াকুল ন্যায
তোরে করিতে দমন! অন্যায়-অৰ্জ্জিত
তব সম্মান-ভূষণ অসঙ্কোচে কর্রে
ধারণ, তাহে স্বত্ব তোর অব্যাহত
হইল এখন।—আসি তবে, থাকুন
কুশলে। এই তস্করের মুষ্টিবদ্ধ
সাম্রাজ্যের সাথ সমৃদ্ধ সে প্রাচ্যদেশ
পাই যদি হাতে, তথাপি নৃশংস হেন
হব না, কুমার, যথা ভাবিছ আপনি।

ম্যাল্। ক্ষম মোর অপরাধ; তোমা' পরে শঙ্ক
নহে একান্ত কারণ, যাহে কহিনু
এ সব। জানি আমি,—দুর্জ্জন-শাসনভারে
ডুবিছে অতলে ওই স্বদেশ আমার,
করিছে ক্রন্দন সে যে শোণিতের স্রাবে,
দীর্ণ বক্ষে ক্ষত তার বাড়ে প্রতিক্ষণ।
জানি আমি, বহুতর বীরবৃন্দ আছেন
সেথায় ধরিবেন অস্ত্র যাঁরা স্বপক্ষে

আমার। আর স্বীকৃত ইংরাজ-রাজ,
করুণ-হৃদয়, বহুতর সৈন্যবল
করিতে প্রদান। কিন্তু তবু জানুন
নিশ্চিত,—এই দুষ্কৃতের শির যবে
পদতলে করিব দলিত, কিম্বা অসির
অগ্রেতে ধরি' করিব উল্লাস,—যে জন
এ সিংহাসনে বসিবে তখন অসংখ্য
পাপের খেলা দেখাবে ভীষণ; তাহে
এ দুর্ভাগ্য দেশ সহিবেক নির্য্যাতন
সহস্র আকারে।

ম্যাক্‌ডা। কেবা সেই জন?

ম্যাল্‌। এই
আমি, নহে সে অপর। এই বক্ষে মোর
সংখ্যাহীন পাপাঙ্কুর রয়েছে গোপন;
যখনি এসব বিশাল বৃক্ষেতে হবে
পূর্ণ বিকসিত, তার বিষময় ফল
ভুঞ্জিবে সমগ্র দেশ হাহাকার করি';
তুলনায় তার, এই যে কলুষ-কৃষ্ণ
দুরাত্মা ম্যাক্‌বেথ্‌, সেও, শুভ্র তুষার
সম দেখাবে নির্ম্মল, তারে নিঃসীম
প্রজা-পুঞ্জ নিরীহ মেষের সম করিবে
গণন।

ম্যাক্‌ডা। ভীষণ নরকবাসী অসংখ্য
দানব মাঝে নাহি হেন জন, যেবা
পাপাচারে পাপাত্মা ম্যাক্‌বেথেরে করে
অতিক্রম।

ম্যাল্‌। কবিব স্বীকার, ম্যাক্‌বেথ,
নর-হন্তা, অর্থ-গৃধ্নু, কৃতঘ্ন, বঞ্চক,
বিলাসী, হিংসুক আর উদ্ধত-স্বভাব।
আরো যত পাপ-রাশি হয়েছে গণিত
এই মানব-ভাষায় স্বল্পাধিক স্বাদ
তার পেয়েছে ম্যাক্‌বেথ। কিন্তু অতল
বারিধি সম কামাসক্তি মোর,—পর দার,
পর-সুতা, অনূঢ়া, বনিতা, শতে শতে
হ'ত সম হইলে অর্পিত কামনার
অগ্নি-কুণ্ড পূরিবে না মোর। উদ্দাম
বাসনা মোর বাড়িবে কেবল বিঘ্নবাধা
যত তারে চাহিবে রোধিতে। হেন জন
হ'তে ভাই ম্যাক্‌বেথ, যোগ্যতর শাসিতে
স্বদেশ।

ম্যাক্‌ডা। অসীম ইন্দ্রিয়াসক্তি মজ্জাগত
যার, সমাজের ঘোর শত্রু, উৎপীড়ক
সে-ই। এই হেতু রাজ্যচ্যুত বহু নৃপবর,
অকালেতে শূন্য তাহে কত সিংহাসন,

সুখের আকর। কিন্তু তাহে শঙ্কান্বিত
হয়োনা আপনি পৈতৃক রাজত্ব তব
করিতে গ্রহণ। সঙ্গোপনে স্বেচ্ছামত
পূরালে বাসনা শুদ্ধাচারী যতি সম
দেখাবে বাহিরে.—তাহে ভুলিবে সকল
অগণিত বারাঙ্গনা রয়েছে সেথায়
যারা পাইলে ইঙ্গিত শুধু ঐশ্বর্য্যের
পায় স্বেচ্ছায় সঁপিয়া দিবে জীবন
যৌবন। তব প্রবৃত্তি-রাক্ষসী কি হে
এতই প্রবল, মিটাবে না ক্ষুধা তার
গ্রাসি' এসকল ?

মাল্। অসংখ্য পাপেতে গড়া
প্রকৃতি আমার ; কামের বর্দ্ধনে তাই
দুর্ণিবার অর্থ-লিপ্সা বাড়িবে কেবল।
রাজার প্রভুত্ব যদি পাই নিজ হাতে,
ধনীর সম্পদ্ লাগি' হানিব ধনীরে,
একের মাণিক্য পরে, সৌধে অপরের
লুব্ধ দৃষ্টি সর্ব্বক্ষণ করিব নিক্ষেপ ;—
যতই পাইব হাতে ততই বাড়িবে
মোর লোভের আগুন, অর্থ-লালসায়
অন্যায় বিরোধ নিজে করিয়া সৃজন
রাজভক্ত সাধুজনে করিব নিধন।

ম্যাক্‌ডা। রূপ-মোহ যেন শুধু বসন্তের বায়,—
রহি ক্ষণ কাল যৌবন-বসন্ত সহ
হইবে বিলয়। কিন্তু অর্থ-লিপ্সা এই
অনর্থ বিষম,—বিষতরু সম মেলি'
দারুণ শিকড় সমাজের রক্ত শোষি'
হয় দৃঢ়তর। ইহারি কারণে কত
রাজা হারালো জীবন। তবু এই শঙ্কা
তব শুধু অকারণ;—সুফলা স্কটলণ্ড
ভূমি, রত্নের আকর, সকল সম্ভোগ
স্পৃহা মিটাবে তোমার; অন্যতর গুণ
তব করিয়া স্মরণ সহনীয় হবে
এ সকল।

ম্যাল্‌। কিন্তু কোন গুণ নাই মোর;
রাজার ভূষণ,—ন্যায় আর সত্যনিষ্ঠা,
দাক্ষিণ্য, বিনয়, সংযম, সাহস, ধৈর্য্য,
ভক্তি অবিচল, অটল সঙ্কল্প, আর
অসীম উদ্যম—এসবের লেশ নাহি
পাইবে আমায়। কিন্তু সূক্ষ্ম আর স্থূল
ভেদে যত পাপচয়, অশেষ আকারে
তাহা করি অনুষ্ঠান। থাকিলে শকতি
প্রীতির পীযূষ-ধারা করিয়া নিঃশেষ
নারকীয় হিংসা-বহ্নি দিতেম জ্বালায়ে;

বিশ্বময় শান্তিগীতি বিগ্রহের ভীম
কণ্ঠে করিয়া ছন্দন ধরার এ ঐক্য
বন্ধ দিতেম টুটিয়া।

ম্যাক্‌ডা। হায় রে স্কট্‌লণ্ড!
হায় মাতঃ জন্মভূমি!

ম্যাল্‌। বল, যোগ্য কিহে
হেন জন শাসিতে স্বদেশ? আমার
স্বরূপ নিজে করিনু বর্ণন।

ম্যাক্‌ডা। যোগ্য,
স্বদেশ শাসিতে! যোগ্য নহে ধরিতে
জীবন। হায় মোর মাতৃভূমি! হায় বি
দারুণ দশা হয়েছে তোমার! নিঃস্বত্ব
পাষণ্ড এবে রক্তপুষ্ট রাজদণ্ডে
পীড়িছে তোমারে! কখন ফিরিবে তব
সৌভাগ্যের দিন, সেই পূর্ব্বতন সুখ
শান্তি পাইবে কখন? যিনি রাজত্বের
অধিকারী, রাজবংশধর, নরাধম
বলি' নিজে করি সপ্রমাণ পিতৃ-স্বত্ব
হতে নিজে করিলা বঞ্চিত,—পিতৃবংশে
দিলা ঘোর কালিমার ছাপ! যুবরাজ,
পিতৃদেব তব আদর্শ নৃপতি ছিলা,
দেব নরকুলে। আর মহারাণী জননী

তোমার, ঐহিক সম্ভোগ সব করিয়া
বর্জ্জন দেবার্চ্চনে কাটালেন সমগ্র
জীবন।—বিদায় এখন। এই পাপের
কাহিনী,—যাহা নিজ মুখে কহিলে বিস্তারি'—
মাতৃ-ক্রোড় হতে মোরে দিল নির্ব্বাসন,
স্বদেশে গমন-পথ চির রুদ্ধ এবে।
হায় রে হৃদয়, সকল ভরসা তোর
ফুরাল এখন!

ম্যাল্। ম্যাক্‌ডাফ্, এই পবিত্র
স্বদেশ-প্রীতির অন্তঃস্থল হতে তব
হয়ে উৎসারিত মোর অন্তর হতে
সংশয়ের আবিলতা দিয়েছে মুছায়ে।
তাই বুঝিনু এখন, অকপট বাক্য
তব, স্বভাব নির্ম্মল। সেই ক্রূরমতি
ম্যাক্‌বেথ, দানবস্বভাব, কতনা
কৌশল-জাল করিয়া বিস্তার চেয়েছে
বাঁধিতে মোরে, তাই হয়েছি সতর্ক
এবে, আগ পাছ নাহি ভাবি' করিনা
প্রত্যয় কারো। কিন্তু সর্ব্বসাক্ষী ভগবান
আছেন উপরে, স্মরিয়া তাঁহারে সত্য
পাশে বদ্ধ হব মোরা। এই ক্ষণ হতে
হইব চালিত যথা চালাবে আপনার,

যত আত্ম-অপবাদ করিনু প্রচার,
যত পাপের কলঙ্ক নিজে করেছি
আরোপ, সকলি তা' প্রত্যাহার করিলাম
এবে। হেন পাপাচার নহে স্বভাব
আমার ;—রমণী-সম্ভোগ আমি জানিনি
এখনো, অসত্য শপথ, কিম্বা স্বীয় ধনে
লুব্ধ দৃষ্টি করিনি কখন, বিশ্বাস-
ঘাতক হইনি কো কভু, কভুও কৌশলে
পাপীরে পাপীর করে দিইনি সঁপিয়া।
সত্য মোর প্রিয়তর জীবন অধিক,—
মিথ্যা অপবাদ নিজে করিয়া আরোপ
মিথ্যাবাদ অপরাধ করিনু প্রথম।
স্বরূপতঃ যাহা আমি, সর্ব্ব শক্তি সামর্থ্য
আমার স্বদেশের হিত কল্পে করুন
নিয়োগ। সেনাপতি সিউয়ার্ড, সমরে
প্রবীণ, অযুত সৈনিক সহ হয়ে
সম্মিলিত স্কটলণ্ড অভিযানে হলেন
প্রস্তুত ; তাঁর সাথে মিলিব এখন।
ধর্ম্মের স্ব-পক্ষে এই সংগ্রাম মোদের,
ধর্ম্মের বিজয় হউক মোদের বিজয়ে।
কেন হে নীরব এবে রয়েছ আপনি ?

ম্যাক্‌ডা। একি সাথে হর্ষ আর বিষাদের ঘটিলে

কারণ বিরোধের সমাধান নহেক
সহজ।

[ জনৈক চিকিৎসকের প্রবেশ ]

ম্যাল্। থাক্ তবে, অন্য কথা হইবে
পশ্চাৎ।—কহ কৃপা করি' এখন কি
মহারাজ হবেন বাহির ?

চিকিৎ। হাঁ, এখনি
সাক্ষাৎ হবে। বহুতর রোগ ক্লিষ্ট
নরনারী ওই আরোগ্যের প্রার্থী হয়ে
রয়েছে দাঁড়ায়ে। বিচক্ষণ ভিষকের
সমস্ত কৌশল এদের ব্যাধির কাছে
হলো পরাজয়; কিন্তু অত্যাশ্চর্য্য দৈবী
শক্তি রাজর্ষির হাতে, তাই শুধু পরশে
তাঁহার মুহূর্ত্তে নীরোগ হয় রোগার্ত্ত
মানব।

ম্যাল্। ধন্যবাদ মোর।

[ চিকিৎসকের প্রস্থান ]

ম্যাক্‌ডা। কোন্ ব্যাধি
বলিলা ভিষক্ ?

ম্যাল্। বিষম সে ব্যাধি, তার
গণ্ডমালা নাম। যত কাল আছি হেথা,
স্বচক্ষে দেখিনু কত অলৌকিক কাণ্ড

সব এই মহাত্মার। তিনি দৈবের
এ অনুগ্রহ লভিলা কেমনে, সেযে
রহস্য অপার। যাদের যন্ত্রণা দেখে
বিদরে হৃদয়, অস্ত্র-চিকিৎসা শাস্ত্র
মানে পরাভব,—হেন শত ক্ষতকায়
ব্রণপূর্ণ জনে পবিত্র ঈশ্বর-স্তোত্র
করি' উচ্চারণ, সোণার মাদুলা শুধু
ঝুলায়ে গলায় অনায়াসে মহারাজ
করিলা নীরোগ। বলিছে সবাই, এই
দৈবী আরোগ্য-সিদ্ধি রাজবংশধর
পৈতৃক রাজত্ব সহ লভিবে সকলে।
আর, দিব্য-দৃষ্টি মহারাজ, পারেন
বলিতে সব ভবিষ্য ঘটন, দেবাশীস
শত শত করিছে বিরাজ তাঁর
সিংহাসন ঘিরি'। তাহে হতেছে প্রমাণ,
'দেবানুগৃহীত রাজা অতি পুণ্যবান্।

[ রসের প্রবেশ ]

ম্যাক্‌ডা। কে আসিছে, ওই?

ম্যাল্। কোনও স্বদেশী মোর,
কিন্তু এখনো চিনিনে তারে।

ম্যাক্‌ডা। স্বাগত,
হে ভ্রাতঃ মোর, স্নেহের আধার!

ম্যাল্‌। তাঁরে চিনিনু

এখন। হে বিভো করুণাময়, সত্বর
ঘুচায়ে দাও যত অন্তরায় স্বদেশীয়
ভ্রাতৃগণে রাখিয়ে তফাৎ অচেনা
বিদেশী সম করেছে এখন।

রশ্‌। তাই হোক্‌

যুবরাজ।

ম্যাল্‌। এখনো কি দেশ পূর্ব্ববৎ
দুর্দ্দশায় রয়েছে মগন ?

রশ্‌। অভাগিনী

জন্মভূমি। কি বলিব, হায়, আছে কি
তাহার সেই অপূর্ব্ব মাধুরী ? সে যে ভয়ে
সদা কম্পমান, আপন স্বরূপ নিজে
গিয়েছে ভুলিয়া, হয়েছে সমাধি ভূমি
সন্তানের তার,—নহে আর জন্মভূমি,
জননী মোদের। অজ্ঞ জন বিনা কেহ
হাসেনা সেথায়, কেহ নাহি লক্ষ্যে সেথা
কারো দীর্ঘ শ্বাস, দারুণ ক্রন্দনে কার
চূর্ণিছে আকাশ ;—সেথা সুদুঃসহ দুঃখ
এবে অতি পরিচিত ক্ষুদ্রতম দুঃখ
সম নিত্য সংঘটন ;—সেথা আর মৃত্যু
বার্ত্তা করিলে প্রচার কেহ নাহি পুছে

কারো মরে কোন্ জন ;—সুস্থকায় নর
নারী হারায় জীবন মস্তকের পুষ্প-
ভূষা নাহি হতে ম্লান, লেশ মাত্র নাহি
সয়ে ব্যাধির পরশ।

ম্যাক্‌ডা। অতি সাড়ম্বর
বিশদ বর্ণন ; তবু, ওহোঃ অতি সত্য
প্রতি বর্ণ তার !

ম্যাল্। কিছু দুর্ঘটন ঘটেছে
নূতন ?

রশ্। সেথা নিমেষে নিমেষে কত
ঘটে দুর্ঘটন,—দণ্ডেকের কাণ্ড, সেও
অতি পুরাতন ; হাস্যাস্পদ হব তাহা
করিয়া বর্ণন।

ম্যাক্‌ডা। ভাল আছে গৃহিণী
আমার ?

রশ্। হাঁ, নির্ব্বিঘ্ন তিনি।

ম্যাক্‌ডা। আর শিশুগণ
মোর ?

রশ্। তাদেরো কুশল।

ম্যাক্‌ডা। তাদের সে শান্তি-
নীড়ে দুরাত্মা কি করে নি আঘাত ?

রশ্। ঘটেনি

ক্ত বিঘ্ন কিছু আসিলু যখন।

ম্যাক্‌ডা। বাক্য

ব্যয়ে কৃপণতা করো না এমন, বলে'

যাও সত্য যাহা ঘটিল সেথায়।

রশ্‌। যবে

চলিনু হেথায় এই শোকের কাহিনী

সব করিয়া বহন, শুনিলাম লোক

মুখে,—বহুতর যোগ্য ব্যক্তি হলেন

বিদ্রোহী; আর দেখেছি স্বচক্ষে আমি

ম্যাক্‌বেথের সৈন্যদল চলেছে সংগ্রামে।

তাই হতেছে প্রত্যয়, জনশ্রুতি মিথ্যা

নয় কভু। স্বদেশসহায় হতে এইত

সময়;—জন্মভূমি যুবরাজে হেরিলে

এখন সশস্ত্র সৈনিক শত লভিবে

জনম, অবলা যুঝিবে রণে ধরি'

তরবার মরমের দুঃখ-শেল করিতে

মোচন।

ম্যাল্‌। হোক্ আশ্বস্ত সবে স্বদেশী

আমার, স্কট্‌লণ্ড অভিমুখে চলিনু

এখন। বদান্য ইংরাজ-রাজ অযুত

সৈনিক মোরে করিলা প্রদান সিউয়ার্ড

মহারথী সেনাপতি সহ। সমগ্র

খৃষ্টীয়ভূমে জানিও দুর্লভ রণ-কলা-
বিশারদ সিউয়ার্ড সম।

রশ্‌। আহা, শুনি'
এ আশার কথা আশার বারতা যদি
পেতেম শুনাতে! কিন্তু যে কঠোর বাণী
শুনাব এখন, উচিত ঘোষণা তার
বজ্রের নির্ঘোষে, নির্জ্জন মরুর প্রান্তে
উন্মুক্ত সমীরে,—যথায় ছড়াবে তাহা
দিগন্তের পারে, রহিবে না রুদ্ধ হয়ে
শ্রুতির কুহরে।

ম্যাক্‌ডা কিবা সে দারুণ কথা?
দেশের দুর্দ্দশা কিছু, কিম্বা কোন
দুর্ভাগার করুণ কাহিনী?

রশ্‌। নাহি হেন
সাধু জন দুঃখের এ ভাগু হ'তে পায়নি
যে ভাগ। তবু সার অংশ পড়ে গেছে
আপনার ভাগে।

ম্যাক্‌ডা। তাই হ'লে, রেখনা
বঞ্চিত করে,' প্রাপ্য মোর দাও হে সত্বর।

রশ্‌। এখনি জিহ্বাগ্র মোর এমনি কঠোর
ধ্বনি করিবে নিনাদ, পশেনি কখনো
যাহা কর্ণরন্ধ্রে, তব, শ্রুতিদ্বয় চূর্ণ

হবে আম্রাবে তাহার, আর চিরকাল
এই রসনারে তুমি দিবে অভিশাপ।

ম্যাক্বেড়া। হাঁ! বুঝেছি, বুঝেছি সব।

রস্। অকস্মাৎ
দুর্গ তব হ'লো অধিকৃত, পত্নী আর
শিশুবর্গ নিহত সবাই, পশু যথা
কসায়ের করে। দারুণ সে হত্যাকাণ্ড
কহিলে বিস্তারি,' তাহে মরিবে আপনি,
আর, নিরীহের শব-স্তূপ বাড়িবে
কেবল

ম্যাল্। হা ঈশ্বর, করুণাময়! ওকি,
উষ্ণীষে ঢাকিছ কেন ললাট তোমার?
শোকবেগ ব্যক্ত কর বাক্যের প্রবাহে;
নীরবে হৃদয়-ব্যথা করিলে বহন
দুর্ব্বহ বেদনা ভারে ভাঙ্গিবে হৃদয়।

ম্যাক্ডা। শিশুরাও মোর?

রস্। স্ত্রী, পুত্র, ভৃত্য, সব—
যাহারা পড়িল সেই নিষাদের হাতে।

ম্যাক্ডা। আর, তাদেরে তেয়াগি আমি বসিয়া
হেথায়! প্রিয়ারেও মোর মারিল দুর্জ্জন?

রস্। তাই বলিনু এখন।

ম্যাল্। শান্ত হও; এস

মোরা প্রাণান্তক শোক-ব্যাধি করিতে
মোচন প্রতি-হিংসা মহৌষধ করির
গ্রহণ।

ম্যাক্‌ডা। অপুত্রক দুরাত্মা সে। মোর
সোণার পুত্তলী সবে চূর্ণিল নিঃশেষি,
বলিলে না তাই? হা রে নরকের গৃধ্র
তুই, চিবাইলে সবে, এক-ই কঠিন
ঘা'য়ে মারিলে সবারে,—প্রাণের শাবক
সহ বিহগী মাতারে?

ম্যাল্‌। সম্বর, হে, শোক-
বেগ পুরুষের মত।

ম্যাক্‌ডা। পশ্চাৎ ধরিব
ধৈর্য্য, কিন্তু আগে মানুষের মত সহিব
এ শোকের তাড়ন,—মনুষ্য-হৃদয় ধরি
বক্ষেতে আমার। জীবনের সার সম
ছিল মোর যারা, ক্ষণেকে তাদের ভুলা
সম্ভবে কখন? ঈশ্বর রহিলা চাহি'
পুত্তলিকাপ্রায়, অনাথে রক্ষিতে নাহি
বাড়ালেন হাত? হা রে পাপী ম্যাক্‌ডাফ্‌
তোরই কারণে তারা হারাল জীবন!
অধম নারকী আমি, তারা পাপহীন,
তবু সে পাতক মোর ঘাতকের অসি

রূপে হানিল তাদেরে! ভগবন্, শান্তি
দান কর গো তাদের।

ম্যাল্। শোকের শানেতে
কর তীক্ষ্ণ অসি-ধার, রোষে কর
পরিণত শোকের সন্তাপ,—হৃদয়ের
উগ্রভাব ত্যজ না কখন, পূরি' দাও
বক্ষঃ তব ক্রোধের আগুনে।

ম্যাক্ডা। ওহোঃ জানি
আমি অবলার মত নেত্রপথে অশ্রু
ধারা করিতে বর্ষণ,—উদ্ধত জিহ্বাগ্রে
মোর বাক্য-বহ্নি করিতে স্ফুরণ! কিন্তু
ওহে দয়াময়, কালক্ষয় চাহি না
এখন। দেশের পরম বৈরী নারকী
অধমে সত্বর আনিয়া দাও সম্মুখে
আমার,—অসির অগ্রেতে মোর করহ
স্থাপন। যদ্যপি তখন এই করাল
কৃপাণ হ'তে পায় পরিত্রাণ,—ঈশ্বর,
তুমিও তারে করো কৃপা দান!

ম্যাল্। এইত
বীরের বাক্য শুনিছি এখন। চল যাই
মহারাজ পাশে, লইগে' বিদায়; সৈন্য-
গণ প্রস্তুত এখন। ম্যাক্বেথের কাল

পূর্ণ হ'লো এতক্ষণে,—জীবনের বৃক্ষ
হ'তে পড়িবে সে ঝরি,' তাই বিধাতার
অস্ত্র শস্ত্র হয়েছে প্রস্তুত। শান্ত কর
আপনারে যেমত সম্ভব ;—সুদীর্ঘ
তামসী নিশা হয়ে অবসান আবার
ধরণী হাসে ঊষার কিরণে। [ সকলের প্রস্থান

---

## পঞ্চম অঙ্ক।

প্রথম দৃশ্য—ডান্সিনান্ দুর্গের পার্শ্ব-কক্ষ। জনৈক চিকিৎসক ও শুশ্রূষাকারিণী মহিলার প্রবেশ।

চিকি। দু'রাত ধরে আপনার সঙ্গে জেগে' তাঁকে পর্য্যবেক্ষণ করলেম, কিন্তু কোথা, আপনার কথামত কোন প্রমাণ ত পেলেম না। শেষ কখন তিনি সুপ্তাবস্থায় বেড়িয়েছেন ?

শুশ্রূ। মহারাজ যুদ্ধে যাবার সময় থেকে দেখেছি তিনি বিছানা ছেড়ে উঠে পোষাক পরেন, দেরাজ খুলে কাগজ বের করেন, ভাঁজ করে লিখ্‌তে থাকেন, তা' পাঠ করেন, আবার তা' মোড়ে' শীল মোহর দিয়ে বন্ধ করেন,— শেষে আবার বিছানায় ফিরে যান। অথচ এ সকলই গাঢ় নিদ্রার অবস্থায় করে থাকেন।

চিকি। এভাবে একই সঙ্গে নিদ্রার আরাম ভোগ, অথচ

জাগ্রদবস্থার সব কার্য্যকলাপ সম্পাদন—এতে বেশ প্রমাণিত হচ্ছে, তাঁর মানসপ্রকৃতি অত্যন্ত বিকারগ্রস্ত হয়েছে। এই সুপ্ত জাগরণের অবস্থায় তাঁহার ভ্রমণ ও অন্যান্য কার্য্য ছাড়া কখনো কি কোন কথা বল্‌তে শুনেছেন ?

শুশ্রূ। হাঁ, শুনেছি বই কি ; কিন্তু তাঁর সে সব কথা আপনাকে ফিরে বল্‌তে পারবো না।

চিকি। আমায় অসঙ্কোচে বল্‌তে পারেন। তা' আমাকে জানান আপনার নিতান্ত কর্ত্তব্যও বটে।

শুশ্রূ। আপনাকে, কি আর কাউকে এসব কথা বল্‌তে পরবো না ; আমার কথা সমর্থন করবার তো আর কেউ নেই।

[ প্রদীপ হস্তে ম্যাক্‌বেথ্‌-পত্নীর প্রবেশ ]

ঐ দেখুন, এদিকে আসছেন ! ঠিক এভাবেই তিনি বেড়িয়ে থাকেন ; বিশ্বাস করুন, এখন তিনি গাঢ় নিদ্রায় অভিভূত। তাঁকে ভাল করে দেখুন, একটু তফাতে দাঁড়ান।

চিকি। এ আলো পেলেন কি করে ?

শুশ্রূ। কেন, তাঁর পাশেই ছিল। বরাবরই তাঁর কাছে আলো থাকে। তাঁর আদেশই তাই।

চিকি। দেখুন, চোখ দুটি খোলা রয়েছে।

শুশ্রূ। সত্যি, কিন্তু চোখের দৃষ্টিশক্তি এখন ঘুমের আবরণে আবৃত।

চিকি। ও কি কচ্ছেন এখন ? দেখুন, হাত দুটি কেমন ঘষাচ্ছেন।

শুভ্র। যেন হাত দুখানা জলে ধুইয়ে পরিষ্কার কচ্ছেন। এ তাঁর অভ্যস্ত কাজ—পোয়া ঘণ্টা কালও তাঁকে এরূপ করতে দেখেছি।

ম্যাক্‌-পত্নী। তবুও একটা দাগ রয়ে গেল।

চিকি। শুনুন, কি বল্‌ছেন। কথা গুলো টু'কে রাখি, তা' হ'লে' পরে ভালো করে স্মরণ করতে পারবো।

ম্যাক্‌-পত্নী। মুছে যা' তুই নরকের কালিমা—এখনি দূর হ'!—এক, দুই; হাঁ, ঠিক সময় হয়েছে, কাজ হাসিল করবার।—নরক কি ঘোর তিমিরাচ্ছন্ন!—হা ধিক, প্রভো, ধিক্‌ তোমায়! বীর তুমি, তবুও এত ভয়? কে জান্‌লে না-জানলে তা'তে তোমার আমার ভয় কিসের? আমাদের রাজ-শক্তি পরিচালনার জন্যে কে আমাদের কাছে হিসেব-নিকেশ তলব করবে?—তবু কে জান্‌তো, এই বৃদ্ধের দেহে এত রক্ত সঞ্চিত ছিল!

চিকি। শুনছেন, কি বল্‌ছেন?

ম্যাক্‌-পত্নী। ফাইফ্‌-দুর্গাধিপতির এক পত্নী ছেলো, এখন কোথায় সে?—কি, এ হাতগুলোর কালো কি আর যাবেনা?—আর নয়, প্রভো, আর নয়, তোমার এভাব ছাড়; তোমার এই কম্পন, এই শিহরণেই তো সব মাটি করলে।

চিকি। ছিছিঃ, কি ভয়ানক! যা' তোমার অ-জানা থাকা উচিত ছিল, তা'ও জেনেছ।

শুভ্র। যা' না বলা উচিত ছিল তা'ই তিনি বলে ফেল্লেন। অন্তর্যামীই জানেন তিনি কি জেনেছেন।

ম্যাক্-পত্নী। এখনো রুধিরের গন্ধ লেগে রয়েছে, সমস্ত আরব দেশের গন্ধদ্রব্য মিলেও আমার এ ক্ষুদ্র হাতখানাকে সুবাসিত করতে পারবে না। ওহোঃ, ওহোঃ, উঃ!

চিকি। কি মর্ম্মভেদী নিঃশ্বাস! তাঁর বুকের উপর কি দারুণ বোঝাই চেপে রয়েছে।

শুশ্রূ। বাইরের এ সমস্ত রাণীর ঐশ্বর্য্যগর্ব্ব, মান-সম্ভ্রমের বিনিময়েও আমি অন্তরে এরূপ মর্ম্মান্তিক ভার বহন করতে প্রস্তুত নই।

চিকি। তবে শুনুন, কথাটা খুলে' বলাই ভাল—

শুশ্রূ। ভালই হোক্, ভগবান্ তাই করুন।

চিকি। এ রোগের চিকিৎসা আমার সাধ্যের বাহিরে। কিন্তু এমন অনেক রোগী দেখেছি যারা এম্নি ঘুমের অবস্থায় বেড়াতেন, অথচ শেষকালে পূতাত্মা সাধুদের মত পরম শান্তিতে সুখ-মৃত্যু লাভ করেছেন।

ম্যাক্-পত্নী। হাত ধুয়ে ফেল, রাত্রির পোষাক পর, মুখের এই ফ্যাকাসে ভাব ছাড়।—তোমায় আবার বল্‌ছি, ব্যাঙ্কো এখন সমাধি-শয্যায় শায়িত, সেখান থেকে সে আর বেরিয়ে আসতে পার্‌বে না।

চিকি। এতদূর গড়িয়েছে?

ম্যাক্-পত্নী। শোওগে,' শোওগে,' শোওগে'! ঐ কটকে ঘা শুনা যাচ্ছে; চলে এসো, চলে এসো, চলে এসো, আমার

নমস্কার। যা' হয়ে গেছে তা' কেউ আর ফিরাতে পারবে না।—যাও, শোতে যাও, শোতে যাও! [ প্রস্থান ]

চিকি। এখন শোতেই যাবেন নাকি ?

শুশ্রূ। সোজাসোজি বিছানায়ই যাবেন।

চিকি। কত না ভীষণ কথা হতেছে রটিত,
তাই নিয়ে কানাকানি চলে অনুক্ষণ ;
স্বভাব-বিরুদ্ধ যত দুষ্কর্ম্ম দারুণ
জন্মায় অদ্ভুত ব্যাধি বিচিত্র আকার ;
পাপাক্রান্ত মন অন্তরের গূহ্য কথা
কহে শিরোধানে।—ভিষকের চেয়ে এবে
ভগবৎ কৃপা তাঁর অতি প্রয়োজন।
ভগবন্, ক্ষম মোরা সবে। তাঁর যতনে
না ত্রুটি হয়, সতত সতর্ক দৃষ্টি
রাখুন ইঁহারে ; যেন প্রাণঘাতি অস্ত্র
আদি নাহি রয় পাশে। নিরখিয়া তাঁয়
দৃষ্টি মোর অভিভূত, আড়ষ্ট অন্তর।
কত কথা জাগে মনে প্রকাশিতে পাইনে
সাহস।

শুশ্রূ। আসি তবে, নমস্কার মোর।

[ উভয়ের প্রস্থান ]

---

দ্বিতীয় দৃশ্য—ডান্সিনান্ দুর্গের নিকটবর্ত্তী জনপদ।

রণভেরী ও রণধ্বজা সংগৃহীত। মেণ্টিয়েথ্, কেইথ্‌নেস্,
এঙ্গাস্, লেনক্স ও সৈন্যগণের প্রবেশ।

মেণ্টি। ইংরাজ সৈন্য হলো সন্নিকট,—শূরশ্রেষ্ঠ
ম্যাকডাফ্, মাতুল সিউয়ার্ড, আর
ম্যালকম্ নিজে তাহে করিছে চালন।
প্রতিহিংসা-বহ্নি জ্বলে অন্তরে সবার।
রাজহন্তা তস্করেরে করিতে সংহার
রক্তসিক্ত দেহ ধরি,' হাতে তরবার
হত জন এই রণে করিবে সংগ্রাম!

এঙ্গা। বার্ণাম্ অরণ্য পাশে মিলিব তাঁদের
সনে, সেই পথে আসিছেন তাঁরা।

কেইথ্। ভ্রাতা
সহ ডন্যাল্‌বেন্ মিলিলা কি আসি'?

লেন। জানি এ নিশ্চিত, তিনি নহেন সেথায়।
সম্ভ্রান্ত সৈনিক যত আসিছে হেথায়,
নাম ধাম সবাকার জানি সবিশেষ;—
সিউয়ার্ড-পুত্র আর তরুণ যুবক
আইল অনেক, যাদের বদনে শ্মশ্রুর
কৃষ্ণ রেখা ফুটেনি এখন।

মেণ্টি। কি করিছে
দুরাত্মা এখন?

কেইথ্‌। এবে ডান্সিনান্‌ দুর্গ
সে যে করে দৃঢ়তর! হেন আচরণে
তার বলিছে মত্ততা কেহ, উদ্দাম
বীরত্ব তাহে বলিছে অপরে। কিন্তু
জানি এ নিশ্চয়, বিশৃঙ্খল দলবল
হয়েছে তাহার,—শাসন-শৃঙ্খল কেহ
মানিছে না আর।

এঙ্গা। এবে তার গুপ্ত হত্যা
হস্ত আঁকড়ি' তারে করিছে দংশন,—
প্রতিক্ষণ শতে শতে বাড়িছে বিদ্রোহী,
আর রাজদ্রোহি-পুরস্কার দিতেছে
তাহারে। এখনো বশেতে যারা, শুধুই
ভীতির বশে মানিছে শাসন, প্রীতিবশে
নহে কদাচন। বুঝিছে দুর্মতি এবে,
রাজত্ব-ভূষণ শোভিছেনা তারে,—পড়িছে
খসিয়া তাহা চতুষ্পার্শ্বে তার, খর্ব্বাকার
তস্করের ক্ষীণ দেহ হ'তে মহাকায়
দানবের পরিচ্ছদ সম।

মেণ্টি। অন্তরাত্মা
তার আত্ম-পাপ স্মরি' নিজে করিছে
ধিক্কার; তাই পীড়িত ইন্দ্রিয়চয়
চকিত কম্পিত সদা হতেছে তাহার।
তাহে নহেত আশ্চর্য্য কিছু।

কেইথ্‌। তবে হয়ে
অগ্রসর পূজ্য জনে ভক্তি-অর্ঘ্য করি
গে' অর্পণ। এসেছেন যুবরাজ, বৈদ্য-
-রাজ যথা, স্বদেশের দুঃখ-ব্যাধি করিতে
মোচন; তাঁরি সাথে মিলি' জননীর
মর্ম্ম-ব্যথা করিতে ক্ষালন বক্ষের
শোণিত-ধারা ঢালিব নিঃশেষি'।
লেন। কিম্বা,
প্রচুর রুধির ধারা করিয়া বর্ষণ
পুষ্পিত এ রাজ-তরু করিব বর্দ্ধিত,—
অন্যায়ের বিষ-তৃণ করিব নির্ম্মূল।
বার্ণাম্‌ অরণ্যমুখে হও অগ্রসর।
[ সুশৃঙ্খল পদক্ষেপে শ্রেণীবদ্ধ
হইয়া সকলের দ্রুত প্রস্থান ]

---

তৃতীয় দৃশ্য —ডান্সিনান্‌ দুর্গের প্রকোষ্ঠ।
ম্যাক্‌বেথ, চিকিৎসক ও ভৃত্যগণের প্রবেশ।
ম্যাক্‌। চাহি না সংবাদ আর; যাক্‌ ওরা, পালাক্‌
সকল। এই ডান্সিনান্‌ দুর্গ-দ্বারে
বার্ণাম্‌ কানন নাহি আসে যত কাল

ভীতি-লেশ স্পর্শিবে না মোরে। বালক
সে ম্যাল্‌কম্, কে গণিবে তারে? সে কি
রমণীর গর্ভ হতে লভেনি জনম?
সর্ব্বজ্ঞ প্রেতাত্মাগণ কহিল আমায়,—
'ম্যাক্‌বেথ্! করো না ভয়; তোমারে আটিবে
রণে, এ হেন মানব, মানবীর গর্ভ
হতে লভে নি জনম।'—তবে ওরে ভূ-স্বামি-
মণ্ডল! কৃতঘ্নের মত তোরা পালারে
এখন, বিলাসী ইংরাজ সনে হওরে
মিলিত। যেই বুদ্ধির কৌশল মোরে
করিছে চালিত সংশয়-প্রভাবে তাহা
হবে না মোহিত; যে নির্ভীক হৃদয়
ধরি এই বক্ষে মোর ভয়ের পীড়নে
কভু হবে না কম্পিত।

[জনৈক ভৃত্যের প্রবেশ]

ওরে ফ্যাকসামুখো
ভীরু তুই, নরকের কালী মেখে আয়রে
সত্বর! কোথা পেলে সাদা চোখ, ভীরুর
অধম?

ভৃত্য। দশ হাজার—

ম্যাক্। হংসপাল, নয় রে
পামর?

ভৃত্য। প্রভো, দশ হাজার সৈন্য।

ম্যাক্। ওরে ভীরু, দূর কর্ ভয়ের বিকার,
সূচি মুখে বার বার খুঁচায়ে খুঁচায়ে,
রাঙাইয়া দেরে তোর মুখের ধবল!
কোন্ সৈন্য বল্, মূঢ়? আত্মা তোর যাক্
যমালয়! ভয়ের মন্ত্রণা শুনি' রক্ত-
-শূন্য হয়ে গেছে গণ্ডদ্বয় তোর। স্পষ্ট
বল্, সাদামুখো, কোন্ সৈন্য কহিলি
এখন?

ভৃত্য। ইংরাজ সৈন্য, কহিনু রাজন্।

ম্যাক্। সরে' পড়্, কদাকার জীব। [ ভৃত্যের প্রস্থান ]
কোথা হে,
সেটন্!—এই ঘোর রণ হয় মোরে
সিংহাসনে করিবে অটল, নয় এই
ক্ষণে ঠেলিয়া ফেলিবে জোরে রাজাসন
হ'তে;—তাই এবে দারুণ বিষাদ ভারে
পীড়িত অন্তর। করেছি ত বহুকাল
জীবন সম্ভোগ, যৌবন-বসন্ত এবে
হয়ে অবসান জীর্ণ দীর্ণ পরিম্লান
রয়েছে জীবন, যথা শুষ্কপর্ণ
শরতের হরিৎ পল্লব। বার্দ্ধক্যের
সহচর,—সম্মান, সম্প্রীতি, সেবা,

বহু স্নেহাস্পদ—এ সবের আশা আর
নাইকো আমার ; আছে শুধু অর্দ্ধব্যক্ত
তীব্র অভিশাপ, কপট সম্মান আর
শূন্য চাটুবাক্, অনিচ্ছায় ভীরু যাহা
দেয় ভীতিবশে !—ওহে সেটন্ !

[ সেটনের প্রবেশ ]

সেট। কি আদেশ,
মহারাজ ?

ম্যাক্। আছে কিছু সমাচার ?

সেট। প্রভো,
সত্য যাহা করিলা শ্রবণ।

ম্যাক্। রণ মদে
মাতিব এখন,—থামিবে না রণ এই
অস্থি খণ্ডে মাংস-লেশ রহে যতক্ষণ।

সেট। যুদ্ধ সজ্জার হয় নি সময়।

ম্যাক্। এখনি
সাজিব রণে ; অশ্বারোহী বহুতর
পাঠাও চৌদিকে,—দিগ্‌বিদিক্ করিয়া
সন্ধান ভীতিবাক্য যারি মুখে করিবে
শ্রবণ বধমঞ্চে তৎক্ষণাৎ ঝুলাবে
তাহারে।—ভিষক্, রোগিণী কেমন তব ?

চিকি। রাজন্, রোগ তাঁর তত নয় যত

মনের বিকার ;—বিকৃত কল্পনা রাশি
মস্তিষ্কেরে অনুক্ষণ করিয়া পীড়িত
সুপ্তির বিশ্রাম তাঁর করিছে হরণ।

ম্যাক্। নীরোগ কর হে তাঁরে এই ব্যাধি হতে।
ব্যাধিগ্রস্ত মনে পার না কি প্রদানিতে
শান্তির প্রলেপ, সুতীক্ষ্ণ শোকের শেল
পার না কি উন্মূলিতে স্মৃতি-ক্ষেত্র হতে ?
পার না কি মুছি' দিতে মস্তিষ্কে অঙ্কিত
যত বিকৃত লিখন ? বিস্মৃতি-প্রদায়ী
কোন ভৈষজ্য প্রয়োগে প্রক্ষালিতে পার
নাকি মনের কলুষ, যাহে বক্ষঃস্থল
করিছে পেষণ তাঁর পাষাণের সম ?

চিকি। আছে শুধু প্রতিকার ব্যাধিতের হাতে।

ম্যাক্। তবে ছুড়ে ফেল এই সব ভৈষজ্য
ভাণ্ডার, চাহিনা এসব কিছু। সেটন্,
বর্ম্মাবৃত করে দাও, হস্তেতে কৃপাণ;
অশ্বারোহী প্রেরহ সত্বর। ত্যজিল
আমারে সেই অমাত্য সকল। তুমি হে
ভিষক্, যদি রাজ্যময় জলরাশি
করিয়া সেচন ব্যাধির নিদান তার
করিতে নির্ণয়, আর, রোগের বীজাণু
সব করিয়া নির্ম্মূল পূর্ব্বতন স্বাস্থ্য

তার আনিতে ফিরায়ে, তবে উর্দ্ধকণ্ঠে
গাহিতাম যশোগীতি তব, প্রতিধ্বনি
নিজে তাহা গায়িত আবার। কোন্‌
নিঃসারক দ্রব্য গুণে ইংরাজ সেনারে
নিঃসারিত করি' দিব রাজ্য সীমা হতে?
শুনেছ তাদের কথা?

চিকি। তব রণসজ্জা
প্রসঙ্গেতে শুনেছি, রাজন্‌।

ম্যাক্‌। এটা লও
সাথে করে।
বার্ণাম্‌ অরণ্য নাহি আসিলে হেথায়
শমনের ভয় নাহি স্পর্শিবে আমায়।

চিকি। [জনান্তিকে]
প্রাণ লয়ে একবার পালাইতে পারি,
অর্থ লোভে আর কভু আসিবনা ফিরি'।
[ সকলের প্রস্থান ]

---

চতুর্থ দৃশ্য—বার্ণাম্‌ কাননের নিকটবর্ত্তী জনপদ।

রণভেরী ও রণধ্বজা সংগৃহীত।

ম্যাল্‌কম্‌, সেনাপতি সিউয়ার্ড, তৎপুত্র, ম্যাক্‌ডাফ্‌, মেণ্টিয়েথ্‌, কেইথ্‌নেস্‌, এঙ্গাস্‌, লেনক্স, রশ্‌ ও সৈনিকগণের সুশৃঙ্খল

পদক্ষেপে শ্রেণীবদ্ধ হইয়া দ্রুত প্রবেশ।

ম্যাল্। বন্ধুগণ, সেই সুদিন আগতপ্রায়,
যবে কোন গুপ্ত হন্তা গৃহ কোণে রবে না
লুকায়ে,—নির্ভয় অন্তরে করিব বসতি
মোরা আপনার ঘরে।

মেণ্টি। নাহিক সন্দেহ
তায়!

সিউ। এ কোন্ বনভূমি সম্মুখেতে ওই ?

মেণ্টি। বার্ণাম কানন।

ম্যাল্। সৈন্যগণ, জনে জনে
একেকটি বৃক্ষশাখা আনহ কাটিয়া,
সম্মুখে ধরিয়া তায় নিজ নিজ দেহ
সবে রাখহ আবরি'। ভ্রান্ত তাহে হবে
সব বিপক্ষের চর, নারিবে নির্ণিতে
কত সৈন্য সংখ্যা মোর।

সৈন্যগণ। যে আজ্ঞা তব।

সিউ। পাইনু সন্ধান, দুরাত্মা এখন তার
ডান্সিনান্ দুর্গে বসি' আছে নিরুদ্বেগে ;
মোরা দুর্গ অবরোধ করি উদ্দেশ্য
তাহার।

ম্যাল্। তাই তার প্রধান সম্বল।
উচ্চ নীচ, যেবা যবে পেয়েছে সুযোগ

হয়েছে সকলি তার বিদ্রোহী এখন।
তার স্বপক্ষে রয়েছে যারা, ভীরুতার
বশে শুধু, নহে তা স্বেচ্ছায়।

ম্যাক্‌ডা। কল্পনা
জল্পনা যাহা করিছি এখন, কার্য্য
ফলে সত্যাসত্য হবে নিরূপণ ; তাই
বীরত্বের বর্ম্ম পরি' কার্য্যে এবে হই
অগ্রসর।

সিঙ। সময় আগত যবে লাভালাভ
জানিব নিশ্চিত। লাভ ক্ষতি গণি' শুধু
কল্পনার বলে, হইব বঞ্চিত শেষে
দুরাশার ছলে। অস্ত্রাঘাতে ফলাফল
হবে নিরূপণ, সেই হেতু সৈন্যগণ
হও অগ্রসর।

[ সুশৃঙ্খল পদক্ষেপে শ্রেণীবদ্ধ হইয়া সকলের দ্রুত প্রস্থান ]

---

পঞ্চম দৃশ্য—ডান্সিনান্‌ দুর্গাভ্যন্তর।

ম্যাক্‌বেথ্‌, সেটন্‌ এবং রণভেরী ও ধ্বজাধারী সৈন্যগণের প্রবেশ।

ম্যাক্‌। প্রাচীরে প্রাচীরে ধ্বজা উড়াও এখন।

'আসে আসে' রব শুধু উঠে সর্ব্বক্ষণ।
দুর্ভেদ্য এ দুর্গ মোর উপেক্ষায় হেসে
অবরোধে লেশ নাহি করিবে জ্রক্ষেপ;
দুর্ভিক্ষ আর কম্পজ্বরে লভিতে নির্ব্বাণ
হেথায় পড়িয়া ওরা করুক্ বিশ্রাম।
যদ্যপি বিদ্রোহাচারী সৈন্যগণে মোর
ইংরাজের সেনাবল হ'ত না বর্দ্ধিত,
সম্মুখ সমরে তবে করিয়া প্রবেশ
ভেটিতাম শত্রুগণে অমিত বিক্রমে,—
তাহে বিজিত ইংরাজ সৈন্য হইয়া
লাঞ্ছিত প্রাণ লয়ে পালাইত আপনার
ঘরে। [ নেপথ্যে স্ত্রীকণ্ঠের রোদন ]
কিসের এ রব শুনি ?

সেট। মহারাজ,
একে নারীর ক্রন্দন। [ প্রস্থান ]

ম্যাক্। ভয়ের আস্বাদ
কি যে গিয়েছি ভুলিয়া; ছিল হেন দিন
যবে নিশার বিকট রবে হইত
অসাড় মোর ইন্দ্রিয় সকল, ভীষণ
কাহিনী শুনি' মস্তকের কেশরাশি
হ'ত কণ্টকিত জীবন্তের মত। এবে
আকণ্ঠ পূরিত আমি বিভীষিকা দিয়ে,—

ঘোর হত্যাপ্রিয় চিন্তা আর বিভীষিকা
সনে এবে হয়ে' গেছে জানা শোনা, ভাব
বিনিময়;—তাই ভয়ের তাড়নে চকিত
কম্পিত কভু হব না কো আর। [ সেটনের পুনঃ
প্রবেশ

কিসের
ক্রন্দন এই ?

সেট। মহারাজ, স্বর্গগতা
মহারাণী।

ম্যাক্‌। আজ কিম্বা কাল সেত মরিত
নিশ্চিত ; আজ কিম্বা কাল মরণের
বার্ত্তা তার হ'ত উচ্চারিত। দিন দিন
প্রতিদিন চলি' মন্দগতি অলক্ষিতে
পলে পলে হতেছে বিলীন নিয়তির
হাতে-লেখা কালান্ত সীমায়,—আর, সমগ্র
অতীত মূঢ় মানবেরে শ্মশান-ধূলির
পথে করিছে চালিত। নিভে' যা,' নিভে' যা'
ক্ষীণ জীবন-প্রদীপ! চলন্ত ছায়া শুধু
মানব-জীবন, মুহূর্ত্তের অভিনয়
রঙ্গমঞ্চে যেন,—গর্ব্বিত তর্জ্জন আর
ঊর্দ্ধে আস্ফালন, ছুটাছুটি, সঞ্চরণ
ক্ষণেকের তরে, তার পরে স্তব্ধ সব;

নিস্পন্দ নির্ব্বাক্।—এ যে উন্মাদের
উপন্যাস, শুধু বাক্যের বিন্যাস, ক্রোধান্ধ
প্রলাপ শুধু, অর্থলেশ হীন!

[ জনৈক দূতের প্রবেশ ]

বাক্যবৃষ্টি
করিবারে আসিলি যখন, সত্বর
কাহিনী তোর কর্‌রে নিঃশেষ।

দূত। রাজন্
স্বচক্ষে দেখিনু যাহা নিবেদিব তা-ই,
তবু জানিনে কেমনে তাহা করিব
জ্ঞাপন।

ম্যাক্। আঃ, বলে যাও।

দূত। দুর্গের শিখরে
যবে ছিনু প্রহরায় বার্ণাম্ অরণ্যে
চাহি' দেখিলাম, একি!—মনে হ'লো বন
ভূমি চলেছে হাটিয়া!

ম্যাক্। তুই মিথ্যাভাষী,
ক্রীতদাস!

দূত। ক্রোধের অশনি তব লইব
মাথায়, যদ্যপি এ বাক্য মোর মিথ্যা
হয় কভু। দেড় ক্রোশ হবে না তফাৎ,
সচল পাদপকুল আসিছে হেথায়।

ম্যাক্। মিথ্যা হলে বাক্য তোর জানিস নিশ্চয়
সম্মুখের বৃক্ষ-কাণ্ডে ঝুলিবি এখন,
অনাহার-ক্লিষ্ট হয়ে' হবি শুষ্ককায়।
যদি সত্যবাদী হোস্ তুই, অনুরূপ
ব্যবহার করিস্ আমায়। অন্তরের
স্থৈর্য্য মোর টলিছে এখন, প্রেতাত্মার
বাক্যে এবে হতেছে সংশয়। সে যে সত্যের
আভাসে শুধু দ্ব্যর্থক মিথ্যা বাক্য শুনালো
আমায়—'কর না হে ভয়, বার্ণাম্ কানন
ডান্সিনান্ পার্শ্বে যদি আসে যতক্ষণ।'—
তবু হের, এই ক্ষণ এই ডান্সিনান্
অভিমুখে চলেছে কানন। ধর অস্ত্র,
সাজ রণে, হও অগ্রসর! সত্যই
অরণ্য যদি আসিছে হেথায়, দূত
যথা কহিল এখন, তবে প্রাণ লয়ে
পলায়ন হবে না কখন, কিম্বা রব না
লুকায়ে হেথা কাপুরুষ সম। রবির
কনক রশ্মি, ধরিত্রীর শোভা—অসহ্য,
অসহ্য এবে হতেছে এসব; বিচিত্র
বিধানময়ী প্রকৃতি বিশাল চূর্ণীকৃত
হয়ে যাক্, যাক্ রে এখন। ঘণ্টানাদে
জাগো সবে; প্রভঞ্জন, বহ বেগে; এস

হে প্রলয় ! যা' হবার হো'ক্ তবে, বীর
বেশে বীরসম মরিব নিশ্চয়। [ প্রস্থান ]

---

ষষ্ঠ দৃশ্য—ডান্সিনান্ দুর্গের সম্মুখস্থ যুদ্ধক্ষেত্র।

রণভেরী ও রণপতাকা সুসজ্জিত। ম্যাল্কম্, সেনাপতি সিউয়ার্ড, ম্যাক্ডাফ্ এবং বৃক্ষশাখাধারী সৈনিকবৃন্দের প্রবেশ।

ম্যাল্। গন্তব্যের কাছে আসি পৌঁছিনু এখন।
পত্রচ্ছায়া আচ্ছাদন করিয়া মোচন
আপন স্বরূপ সবে করহ প্রকাশ।
সুযোগ্য মাতুল মম,* পুত্রে লয়ে সাথে
প্রথম পল্টনে রণে করুন চালন ;
অন্যবিধ কার্য্য সব সুধীর ম্যাক্ডাফ্
সহ করিব সাধন।

সিউ। হো'ক্ কুশল তব।
যদ্যপি এ নিশাযোগে সেই তস্করের
সৈন্যগণে ভেটিবারে পাই, সমর
কুশল কিবা দেখিবে সবাই, নতু
বিজিতের অপমান লইব মাথায়।

ম্যাক্ডা। ভেরীনাদে চরাচর করহ ধ্বনিত,

---

* সেনাপতি সিউয়ার্ডকে কবি ম্যাল্কমের মাতুল বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু ঐতিহাসিক Holinshed এর মতে তিনি ম্যাল্কমের মাতামহ।

রণ ঢক্কা ভীমকণ্ঠে করুক্‌ প্রচার—
'মৃত্যুর শোণিত ক্রীড়া হবে অভিনীত।'

[ সকলের প্রস্থান ]

---

সপ্তম দৃশ্য—যুদ্ধক্ষেত্রের অপরাংশ।

রণ-ঘণ্টানাদ। ম্যাক্‌বেথের প্রবেশ।

ম্যাক্‌। এবে যূপবদ্ধ পশু সম অবরুদ্ধ
আমি শত্রুব্যূহ মাঝে,—পলায়ন নহে
আর সম্ভব এখন। তাই ব্যাধের
কৌশল-বদ্ধ ভল্লুকের প্রায় শুধু
আক্রমণ প্রতিরোধ কর্ত্তব্য আমার।
জন্মে নাই নারী-গর্ভে, কেবা সেই জন?
ধরে প্রাণ হেন জন, ডরিব তাহায়,
নতুবা নির্ভয়।

[ সিউয়ার্ড-পুত্রের প্রবেশ ]

সিউ-পুত্র। কি নাম ধরিস্‌ তুই?

ম্যাক্‌। শুনিলে আতঙ্কে তুই মরিবি এখন।

সিউ-পুত্র। অসম্ভব। যদি নারকীয় জীব হ'তে
অধিক ভীষণ নাম ধরিস্‌ রে তুই,
তথাপি ভয়ের লেশ পাবিনে আমায়।

ম্যাক্। ম্যাক্‌বেথ্, জানিস্ মোরে।

সিউ-পুত্র। ঘৃণ্যতম
যেই নাম শুনালি আমায়, উচ্চারিত
হবে না তা' নারকীর মুখে।

ম্যাক্। নরকেও
কভু এমন ভীষণ নাম পাবিনে
শুনিতে।

সিউ-পুত্র। তুই মিথ্যাবাদী, ঘৃণিত তস্কর!
অসির আঘাতে এই মিথ্যার প্রমাণ
তোর পাইবি এখন।

[ উভয়ের যুদ্ধ এবং সিউয়ার্ড-পুত্রের মৃত্যু ]

ম্যাক্। নারী-গর্ভে জন্ম
তোর হলো রে প্রমাণ। হাসিব হেলায়
যত অস্ত্র-ঝনৎকার কিম্বা শস্ত্রের
প্রহার, রমণী-প্রসূত নরে ধরে যদি
তায়। [ প্রস্থান ]

[ রণ ঘণ্টা-নাদ। ম্যাক্‌ডাফের প্রবেশ ]

ম্যাক্‌ডা। ওই দিকে কোলাহল হতেছে
এখন। পাপ মুখ, রে পাপাত্মন্, দেখা
একবার! অপরের অস্ত্রে তুই মরিস্
যদ্যপি, পত্নী আর পুত্রদের প্রেতাত্মা
সকল শান্তিতে রহিতে মোরে দিবে না।

কখন। ক্ষিপ্রপাদ হেয় এই পদাতিক
গণে স্পর্শিব না কভু ; অর্থ-লুব্ধ হয়ে
ওরা ধরে তরবার। ম্যাক্‌বেথ্‌, তোর
শিরশ্ছেদ করিব নিশ্চয়, নয় অসির
তীক্ষ্ণতা নাহি করিয়া পরখ কোষবদ্ধ
করি' তাহে রাখিব আবার। নিশ্চয়
আছিস্ সেথা ; কহিছে বারতা ওই
উচ্চ কলরব, গণনীয় কোন জন
রয়েছে সেথায়। হে অদৃষ্ট, পাপাত্মারে
দেখাও এবার, অন্য বর তব পাশে
মাগিব না আর। [ প্রস্থান। রণবাদ্য। ]

[ ম্যাল্‌কম্‌ ও সেনাপতি সিউয়ার্ডের প্রবেশ ]

সিউ। রাজ-পুত্র, চলুন্‌ এদিকে। অবিরোধে
দুর্গ এই ত্যজে অরিগণ,—যুঝিল
উভয় পক্ষে ম্যাক্‌বেথের সেনা। ভূ-স্বামী
সকলে কত না বীরত্ব সাথে করিলা
সংগ্রাম। আপনি বিজয়-লক্ষ্মী বরিলা
তোমায় ; কর্ত্তব্য সকলি প্রায় হলো
সমাপন।

ম্যাল্‌। শত্রুগণ মিত্র সম যুঝিল
এ রণে,—কেহ যুঝে এ পক্ষেতে, কেহবা
স্বেচ্ছায় ব্যর্থ লক্ষ্য করিল সন্ধান।

সিউ। করুন প্রবেশ এবে দুর্গ অভ্যন্তরে।

[ উভয়ের প্রস্থান। ঘণ্টানাদ ]

---

অষ্টম দৃশ্য—যুদ্ধক্ষেত্রের অপরাংশ।

ম্যাক্‌বেথের প্রবেশ।

ম্যাক্‌বে। রোমক বীরের মত, বিমূঢ়ের প্রায়,
নিজের অসিতে কেন ত্যজিব পরাণ ?
যতক্ষণ শত্রু সবে ধরিবে জীবন,
সর্ব্ব অঙ্গ ক্ষতপূর্ণ করিব তাদের।

[ ম্যাক্‌ডাফের প্রবেশ ]

ম্যাক্‌ডা। ফিরে' দাঁড়া, ওরে তুই নরক-কুক্কুর।

ম্যাক্‌বে। শুধু তোর পাশ হতে রহিনু তফাৎ।
কিন্তু তুই প্রাণ লয়ে পালারে সত্বর ;—
তোর স্বজন-শোণিত পাত করেছি
প্রচুর, তাই আত্মা মোর ভারাক্রান্ত
শোণিতের ভারে।

ম্যাক্‌ডা। নাহি মোর স্পর্দ্ধা বাক্য,
অসি-মুখে পাবি রে উত্তর। রক্ত-লিপ্সু,
পাপাশয়, নারকী অধম ! ভাষা হারে
বর্ণিবারে স্বরূপ রে তোর।

ম্যাক্‌বে। বৃথা চেষ্টা

তোর ; এই দেহ হ'তে পারিস্‌ ক্ষরিতে
যদি শোণিতের কণা, তীক্ষ্ণ অসি ধারে
পারিবে ভেদিতে তবে অভেদ্য আকাশে।
তোর অসির ফলক অস্ত্রভেদ্য শির
পরে করিস্‌ প্রয়োগ ; রমণী-প্রসূত
নর নারিবে হরিতে এই যাদুমন্ত্রে
সুরক্ষিত জীবন আমার।

ম্যাক্‌বে। বৃথা আশা
ছাড়্‌ তোর যাদুমন্ত্র পরে। যে অপদেবে
সেবি' তুই কাটালি জীবন, সে-ই তোরে
বলুক এখন—অকালে' মাতার গর্ভ
করিয়া বর্জ্জন, অস্ত্রমুখে ম্যাক্‌ডাফ্‌
লভিল জনম।

ম্যাক্‌ডা যে রসনা হেন ভাবা
শুনালো আমায় অভিশপ্ত হয়ে এবে
পড়ুক খসিয়া ; নিদারুণ বাক্যে তোর
বীর্য্যবল, পুরুষত্ব হারাইনু সব।
এই সব যাদুকরা প্রেতিনী সকলে
হেঁয়ালির ভাষা কয়ে ভুলায় মানবে ;
কত না আশার বাণী শুনাইবে কানে,
নিরাশার বাণ শেষে হানিবে পরাণে।
করো না প্রত্যয় আর ডাকিনী-বচন।

তোর সনে যুঝিব না আর।

ম্যাক্‌ডা।

ওরে তুই

ভীরুর অধম, তবে মান পরাজয়;
সবার বিস্ময়-দৃষ্টি করি' আকর্ষণ.
ধররে জীবন। চিত্রিত দানব যথা,
বিকট-দর্শন, তেমতি রে তোর.. অপূর্ব্ব
আলেখ্য এক করিয়া অঙ্কিত, স্তম্ভোপরে
করিব স্থাপন; আর পাদদেশে তার
রহিবে লিখন—'রাজ্যহারী পাষণ্ডেরে
দেখরে হেথায়।'

ম্যাক্‌বে।

কিছুতে না পরাজয়

করিব স্বীকার। বালক সে ম্যাল্‌কম্‌,—
অবশেষে তারি পাদুকার ধূলি-কণা
করিব লেহন, আর, নিঃসহায় বন্দী
সম অপদার্থ প্রজাদের সহিব
ধিক্কার? বার্ণাম্ পাদপশ্রেণী আসিল
হেথায়, অ-নারী-সম্ভূত তুই প্রতিদ্বন্দ্বী
মোর;—তথাপি অদৃষ্ট সাথে যুঝি' সর্ব্ব
শেষ কি ফল ফলিবে শেষে দেখিব
নিশ্চয়। অস্ত্রের অস্তেও এই চর্ম্মখানা
আজায় রাখিনু এখন; যথা ইচ্ছা

অস্ত্র হান্‌, ওরে ম্যাক্‌ডাফ্‌! অনন্ত
নরক যেন ভুঞ্জে সেই জন, যে-ই
'থাম্‌—থাম্‌' বলি' রণে মাগিবে বিশ্রাম।

[ উভয়ের যুদ্ধ করিতে করিতে প্রস্থান।
রণবাদ্য ]

[ ম্যাক্‌বেথের সৈন্যগণের পলায়ন। বিজয়ী ইংরাজ সৈন্যের বিজয়-বাদ্য। রণভেরী ও পতাকা-ধারিগণসহ ম্যাল্‌কম, সেনাপতি সিউয়ার্ড, রস্‌, অপরাপর ভূ-স্বামিগণ ও সৈনিকগণের প্রবেশ ]

ম্যাল্‌। অনাগত বন্ধুগণ নির্ব্বিঘ্নে ফিরিলে
আহা কত সুখ হত।

সিউ। সকলি জীবিত
তাঁরা নহে ত সম্ভব। তথাপি উপস্থিত
বন্ধু সংখ্যা করিছে প্রমাণ, স্বল্প মূল্যে
লভিলাম অমূল্য বিজয়।

ম্যাল্‌। ম্যাক্‌ডাফ্‌
আর বীর পুত্রে আপনার দেখিনে
হেথায়।

রস্‌। পুত্র তব, বীর-ধর্ম্ম, বীর-ব্রত
উদ্‌যাপিয়া ত্যজিলা জীবন। যতক্ষণ
ধরিলা জীবন অসীম পৌরুষ তাঁর
রহিল্‌ অটুট,—রণ-ক্ষেত্রে অবিচল

করি' অধিষ্ঠান পুরুষের মত যুঝি'
ত্যজিলা জীবন।

সিউ। নহে সে জীবিত তবে ?

রশ্। তাই, বীর-বর। রণক্ষেত্র হতে দেহ
তাঁর হয়েছে আনীত। এবে পুত্রের
সে গুণগ্রাম করিয়া স্মরণ আপনার
মনস্তাপ করো না বর্দ্ধিত; তাহে অকূল
শোকের সিন্ধু হ'য়ে উদ্বেলিত, ধৈর্য্যের
বন্ধন সব দিবে হে টুটিয়া।

সিউ। অস্ত্র চিহ্ন
বক্ষে শুধু দেখিলে কি তার ?

রশ্। ক্ষত সব
বীর-বক্ষে শোভিছে তাঁহার, পৃষ্ঠদেশ
বহে না কো লাঞ্ছনার দাগ।

সিউ। তবে নাহি
আর শোক তাপ, বীর পুত্র মোর বীর-
ভোগ্য স্বর্গলাভ করুক এখন। যদি
মস্তকের কেশ যত তত পুত্র রহিত
আমার, তাহাদের লাগি' শ্লাঘ্যতর
মৃত্যু নাহি চাহিতাম আমি। এবে তাঁর
অন্ত্যেষ্টি কৃত্য যত হ'লো সমাপন,
তবে আরম্ভিব শোকাশ্রু বর্ষণ।

ম্যাল্‌। শোকাশ্রু
প্রাপ্য তাঁর আছে বহুতর, সেই ঋণ
যথাবিধি শোধিব নিশ্চয়।

সিউ। শোচ্য নহে
কভু হেন বীরের মরণ ; কহিছে
সবাই, মহতের মত সে যে লয়েছে
বিদায়, শোধ করি' যত সব কর্ত্তব্যের
দায়। লভুক সে শান্তি তবে ঈশ্বর
কৃপায়। নূতন সৌভাগ্য এবে হইল
উদয়,—আসিছেন বন্ধুবর ওই।

[ম্যাক্‌বেথের ছিন্ন মস্তক ধারণ করতঃ ম্যাক্‌ডাফের পুনঃ প্রবেশ।

ম্যাক্‌ডা। জয় হো'ক্‌, মহারাজ ! এ রাজ্যের রাজা
এবে হ'লেন আপনি। সেই রাজ্যহারী
নৃশংসের ঘৃণিত মস্তক রয়েছে
কোথায় এবে দেখুন সবাই। দাসত্ব-
শৃঙ্খলমুক্ত স্বদেশ মোদের ; দেশের
গৌরব যত মহাত্মামণ্ডলী হেথা
সম্মিলিত, কেন্দ্রস্থলে বিরাজিত আপনি
নৃপতি। ভক্তিভরে অবনত সবার
অন্তর ; তবে আসুন সবাই সমস্বরে
ঊর্দ্ধকণ্ঠে করি জয়োল্লাস—জয়, জয়
মহারাজ, স্কটলণ্ড-পতি !

সকলে। জয়, জয়,
মহারাজ, স্কট্‌লণ্ড-পতি!

ম্যাল্‌। কত না
প্রীতির পাশে বাঁধিলে আমায়; স্মরিয়া
সে সব জনে জনে প্রতিদান করিব
সত্বর। যত সম্ভ্রান্ত বান্ধব আর
স্বজন আমার, সর্ব্বোচ্চ উপাধি সবে
করিলে অর্জ্জন; অন্য কেহ আর এ হেন
সম্মান লাভ করেনিকো কভু। এড়াইতে
পাপাত্মার চক্রান্তের জাল, যে সব
সুহৃদ্ মোর নির্ব্বাসিত এবে তাদের
সবারে মাতৃ-ক্রোড়ে পুনর্ব্বার আনিব
ফিরায়ে। ম্যাক্‌বেথ্‌ হত এবে, রাক্ষসীর
প্রতিমূর্ত্তি প্রেয়সী তাহার,—শুনিনু
মরিল সেও আত্ম-ঘাতী হয়ে'। কিন্তু
যাদেরে সহায় করি' পতি-পত্নী খুলিল
এ হত্যা-ব্যবসায়, সেই নিষ্ঠুর ঘাতক-
গণ পলাতক এবে; তাদেরে এখনি
গুপ্ত বিবর হ'তে করিয়া বাহির
যথাযোগ্য পুরস্কার করিব বিধান।
ঈশ্বরকৃপায় অপর কর্ত্তব্য সব
যথাকালে যথোচিত করিব পালন।

এবে হৃদয়ের ধন্যবাদ করুন
গ্রহণ, অভিষেক মহোৎসবে আসুন
সবাই।

[ আনন্দসূচক বাদ্য। সকলের প্রস্থান।
যবনিকা পতন ]

সম্পূর্ণ।

# শুদ্ধিপত্র ।

| পৃষ্ঠা | ছত্র | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৩ | ১৫ | পাথে | পথে । |
| ৭ | ২ | সেনাধ্যক্ষা | সেনাধ্যক্ষ |
| ৭ | পাদটীকার ২য় ছত্র | মহাত্ম | মহাত্মা |
| ১০ | ২ | হরা'ল | হারা'ল |
| ১২ | ২০ | ডা-এর | ডা-ত্রর |
| ১৪ | ১ | অমঙ্গন | অমঙ্গল |
| ১৫ | ১৪ | সুথা | সুখী |
| ২১ | ১০ | কপ্লনা | কল্পনা |
| ২৫ | ১ | তেমায় | তোমায় |
| ২৫ | ১৬ | বদ্ধিত | বৰ্দ্ধিত |
| ২৭ | ৫ | ম্যাক্। যুবরাজ ! | ম্যাক্। ( স্বগত ) যুবরাজ ! |
| ৩২ | ৫ | সঙ্গণী | সঙ্গিনী |
| ৫৭ | ১৩ | সক্ষা | সাক্ষ্ |
| ৬ | ১৮ | ধ্বংশের | ধ্বংসের |
| ৬২ | ১৪ | বাক্তব্য | বক্তব্য |
| ৬৬ | ২২ | সকল | সকলে |
| ৬৮ | ১২ | গিয়েছ | গিয়াছে |
| ৬৯ | ১৫ | উদ্ধদেশে | ঊর্দ্ধদেশে |
| ৭৬ | ২ | বাখোর | ব্যাকোর |
| ৮০ | ১৩ | রাজন | রাজন্ |
| ৮৫ | ১ | স্বর্গ মর্ত্ত | স্বর্গ-মর্ত্ত্য |
| ১০৫ | ৪ | ঝোলে | ঝুলে |
| ১০৭ | ৩ | ছুরী | ছুঁড়ী |
| ১০৭ | ৫ | ফেরবে | ফিরবে |
| ১১১ | ১৪ | ঘরে | ঘুরে |
| ১১১ | ১৫ | ছুড়ী | ছুঁড়ী |

| | | | |
|---|---|---|---|
| ১১১ | ১৭ | দেড় কড়ি | দেড়-কুড়ি |
| ১১২ | ৩ | ছুনে | ছুনো |
| ১১২ | ১১ | ভড়াট | ভড়্‌টি |
| ১১৩ | ৬ | ব্যাঙটায় | ব্যাঙ্‌টায় |
| ঐ | ঐ | অঙ্গুল | আঙ্গুল |
| ১১৩ | ৯ | নাগিণীর | নাগিনীর |
| ১১৩ | ১৯ | ছুঁত্তে | ছুঁতে |
| ১১৪ | ১১ | রাধ্‌না | রাঁধনা |
| ১১৪ | ১৩ | খাঁটুনি | খাটুনি |
| ১১৪ | ১৫ | খাঁটুলো | খাটুলো |
| ১১৪ | ১৬ | ফুঁটুক্‌ | ফুটুক্‌ |
| ১১৪ | ১৭ | ছিঁটা | ছিটা |
| ১১৪ | ১৯ | কহকের | কুহকের |
| ১১৬ | ১০ | রজিনী | রঞ্জিণী |
| ১১৭ | ১ | ভূ-লুটিত | ভূ-লুন্ঠিত |
| ১২০ | ১৩ | করিছ | করিছে |
| ১২৩ | ১৮ | মেলে | মিলে' |
| ১২৪ | ৮ | ভোমি | ভেমি |
| ১২৮ | ৮ | সামা | সাঁমা |
| ১২৮ | ১৭ | ছোরা | ছোঁড়া |
| ১২৯ | ২১ | ম্যাকড়া-পত্মী | ম্যাক্‌ড়া-পত্নী |
| ১৩০ | ১৬ | নাচি | নাই |
| ১৩৩ | ২০ | নির্ব্বান | নির্ব্বাণ |
| ১৩৭ | ১৯ | আসীম | অসীম |
| ১৪০ | ২ | করিয়া | করিয়া |
| ১৪৬ | ৫ | সাড়ম্বর | সাড়ম্বর |
| ঐ | ১৪ | গৃহীণী | গৃহিণী |
| ১৫১ | ৭ | ক্রোধের | ক্রোধের |
| ১৫৪ | ২।৩ | পোতে | ভূত' |
| ১৫৯ | ১২ | হক্ক | হও |